
উত্তরণ

১ম সংস্করণ, ১৪৩২



Uttoron, 1st Edition, 2025

Presented by MAitRI

A Bengali Association from Rhode Island, USA



~Artwork by Shreeya Mitra Basu - Grade 7 (AZ)

উত্তরণ, মৈত্রীর প্রথম ম্যাগাজিন প্রকাশিত হল | থাকছে গল্প, কবিতা, ছবির সম্ভার ; সাথে ভ্রমণ কাহিনী, সাক্ষাৎকার, জিভে জল আনা রেসিপি, আরো কত কি! সবথেকে উল্লেখযোগ্য হল প্রতিটি বিষয়বস্তু স্বকীয়, অনুকরণ নয় কোনোভাবেই |

উত্তরণ, ছোট ছোট পায়ে কাঙ্খিত লক্ষ্যের দিকে এগিয়ে যাওয়ার কাহিনী | উত্তরণ, চরৈবেতি-র মন্ত্রে অগ্রগতির প্রতীকী | উত্তরণ, ছোট থেকে বড় হওয়ার গল্প |

ম্যাগাজিনের cover page এর বিষয়বস্তু বেশ অভিনব| আমরা আমেরিকায় থাকলেও আমাদের হৃদয়ের মনিকোঠায় রয়েছে আমাদের বাঙালিয়ানা, আমাদের ভাষা, আমাদের সংস্কৃতি, আমাদের উৎসব| তাই আমেরিকার আকাশচুম্বি বহুতল, ঝাঁ চকচকে পরিবেশ, আর দ্রুতলয়ের জীবনের সাথে সাথেই বাঙালিয়ানাকে আঁকড়ে ধরার, সযত্নে লালন করার গল্পই বলে উত্তরণের প্রচ্ছদ|

উত্তরণ ১ম সংখ্যা র নেপথ্যে রয়েছেন ...

Editorial Team

Soumyadeep Mukherjee (Chief Editor), Prateek Mandal (Magazine Name & Concept, Assistant Editor), Anurag Dhar (Magazine Designer & Back Cover), Anindhya Sundar Das

Front Cover Artwork

Shovana Ghosh

Contact us @ **maitri.neus@gmail.com**
Visit : https://probashemaitri.com/

© 2025 MAitRI MAitRI organization and the *Uttaran* team are not responsible for the magazine's contents. The team believes that all written and artwork are original contributions of the individuals credited. Contributors (those credited) are responsible for the submitted contents, acknowledge that those have not been published elsewhere, and/or are reproduced here with acknowledgement of the original source(s). No part of the magazine can be reproduced, distributed, or transmitted without prior written permission from MAitRI.



Photo courtesy: Tapan Dewanjee

অবশেষে প্রকাশিত হতে চলেছে মৈত্রীর পত্রিকা "উত্তরণ" এর প্রথম সংখ্যা। "অবশেষে" লেখার কারণ, আমাদের ইচ্ছে ছিল উত্তরণ ভূমিষ্ঠ হবে আরো অনেক আগেই। কিন্তু ইচ্ছে থাকলেও উপায় সমসময় হয় না । তার কারণ এর ফিরিস্তি বা অজুহাত দিয়ে এই অনুচ্ছেদ দীর্ঘ করতে চাই না। গল্প, কবিতা, প্রবন্ধ, সাক্ষাৎকার, হাতে আঁকা ছবি, স্থিরচিত্র, রেসিপি তে সমৃদ্ধ জমজমাট সংখ্যাটি আশা করি আপনাদের ভালো লাগবে।

যদিও আমরা বারবার মিলিয়ে নিয়েছি, নিজেদের অজান্তে কারোর পাঠানো যদি বাদ পড়ে গিয়ে থাকে, তার জন্যে ক্ষমাপ্রার্থী। আমাদের মনে করিয়ে দিলে, আমরা সানন্দে আগামী সংখাতে স্থান করে দেব। ভারী সুন্দর নানা স্থিরচিত্র (photographs) অনেকেই পাঠিয়েছেন, আমরা চেষ্টা করেছি কিছু বাদ না দিতে । যেহেতু কিছু কিছু অনুষ্ঠানের অজস্র ছবি রয়েছে, কিছু ক্ষেত্রে আমাদের বাছাই করতে হয়েছে। লেখা আঁকা যারা দিয়েছেন , তাদের কারোর নাম লেখার সময় আমাদের ভুলত্রুটি হয়ে থাকলে জানাবেন দয়া করে।

কিছু প্রয়োজনীয় কথা বলে নেওয়া সমীচীন হবে । কিছু বস্তুর ছবির জন্য ইন্টারনেট এর প্রতি আমরা কৃতজ্ঞ । যে কোন লেখার বা ভাবনার দায়িত্ব একান্তই যিনি জমা দিয়েছেন তাঁর । সমস্ত কিছুর মৌলিকটা বিচার করার প্রচেষ্টা বা অভিপ্রায় কোনটাই এই পত্রিকার পরিচালন কমিটির ছিল না । তবে পাঠকের প্রশ্ন থাকলে অবশ্যয়ই জানাবেন ।

আশা করি, এই সংখ্যা আরো অনেকগুলোর প্রথম । এই অবসরে তাই পাঠক পাঠিকা দের কাছে আগাম আর্জি জানানো রইলো আপনাদের লেখা, আঁকা, অন্যান্য সৃষ্টি পাঠানোর জন্য। এই সংখ্যার প্রকাশ এর অবকাশেই বিনীত অনুরোধ রইল পরের সংখ্যার জন্য লেখা/আঁকা/স্থিরচিত্র জমা দেবার।

ধন্যবাদান্তে,

উত্তরণ এর স্বেচ্ছাসেবকবৃন্দ





Maitri - মৈত্রী is excited to have Chandni Yadav, a well known realtor in New England area, as sponsor for 2025.
Chandni Yadav is a rising force in the Massachusetts and Rhode Island real estate markets. Chandni is licensed to sell and buy real estate in both Massachusetts and Rhode Island, and works extensively with Indian clients from Boston to Barrington, RI. She specializes in serving first-time homebuyers, immigrant families, and clients looking to invest in their future through real estate.

Chandni sees her work as a way to give back—helping others design a life they love, one home at a time. She believes that that by supporting one another in this adopted land we are going to reach our full potential. She leads her business with Honesty, Integrity and treats each client as her own tribe.

Her business continues to grow year after year, primarily through client referrals—a reflection of the care, competence, and integrity she brings to each relationship.

Whether you're selling or buying your first home, relocating, or investing for the future, Chandni Yadav is a trusted partner committed to making your journey smooth, informed, and successful.

Contact her at (401) 834-9616 or https://chandniyadav.kw.com/ to begin your homeownership journey.

Born and raised in India, Chandni moved to the United States to pursue a career in healthcare compliance, where she spent over a decade navigating complex regulations and high-stakes decisions for the patients and management alike in hospitals. Her transition into real estate was not accidental—it was driven by purpose, fueled by experience, and grounded in a deep commitment to helping others like she has helped her patients as their Doctor.

"As an immigrant, I know firsthand how powerful and emotional the journey to homeownership can be," she says. "It's more than a transaction—it's the foundation of identity, stability, legacy and a tool to build generational wealth for our children."
Today, that lived experience translates into a real estate business built on trust, education, and advocacy. Chandni brings the same analytical precision and attention to detail that made her successful in healthcare into every real estate negotiation, while her warmth and cultural awareness allow her to deeply connect with families from all parts of India.

Her clients often describe her as a calm guide in a stressful process. She takes pride in equipping buyers and sellers with the knowledge they need to make confident decisions, while always protecting their best interests with strong negotiation and market expertise.



MAitRI Membership

Save more with the platinum and Super MAitRIan membership

Comparison between individual event donation Vs. Membership cost below:

Membership Cost

		Membership level			
		Silver level	Gold level	Platinum level	Special MAitRIan
Cost	Family	$85	$165	$300	$375
	Single	$40	$80	$145	$180
	Student Family	$70	$130	$250	$300
	Student Single	$30	$60	$120	$140

Month	Event	Approx. Donation Amount (Family)	Platinum level	Special MAitRIan
February	Saraswati Puja	$65	All events included	All events included
April	Bosonto Utsob & Noboborsho	$25		
May/June	Rabindra-Nazrul-Satyajit Jayanti	$65		
August	Summer Picnic	$25		
September/October	Durga Puja	$180		
October	Lokkhi Pujo	$20		
December	Christmas & Holiday Celebration	$20		
Total		$400	Membership price $300	Membership price $375

MAitRI Membership

Membership Cost

		Membership level			
		Silver level	Gold level	Platinum level	Special MAitRIan
Cost	Family	$85	$165	$300	$375
	Single	$40	$80	$145	$180
	Student Family	$70	$130	$250	$300
	Student Single	$30	$60	$120	$140

Membership Benefits

		Membership level				
		Silver level	Gold level	Platinum level	Special MAitRIan	Non-member
Benefits	Discounted price for Maitri events	10% on all events	25% on all events	All events included	All events included	N
	One free event (Summer picnic or equivalent, committee to decide)	N	Y	All events included	All events included	N
	Prioritized entry in cultural participation	Y	Y	Y	Y	N
	Prioritized entry in article & artwork submission for annual magazine	Y	Y	Y	Y	N
	Recognition in Maitri events, on Maitri Website, magazine and award distribution during cultural events	N	N	N	Y	N
	Prioritized entry in Maitri special initiative (example - food drive, community service etc.)	N	Y	Y	Y	N
	Voting rights	Y	Y	Y	Y	N
	Contest in elections, provided they meet the necessary requirements for the position.	Y	Y	Y	Y	N
	Serve on Standing Committees, Sub-committees, subject to meeting the necessary requirements.	Y	Y	Y	Y	N
	Represent Maitri at external events, as opportunities arise and subject to applicable selection criteria	Y	Y	Y	Y	N

Maitri - মৈত্রী annual membership program offers a rolling 1 year window, which means if you get the membership in August 2025, it is valid till August 2026. The membership covers single occurence of each event during the validity period.

Get Membership: Click Here

__Key highlights__:

1. 4 levels - Silver, Gold, Platinum, Super MAitRIan.
2. Separate tiers for individuals/families/student individuals/student families.
3. Membership ensures discounted price and many other benefits.
4. Offers rolling 1 year window, example September this year to September next year, and covers single occurence of all events in the membership validity period.
5. For Platinum and Super MAitRIan family membership holders, entry for parents in Durga Puja 2025 (Organized by MAitRI) is included, no separate tickets needed. This is applicable for only family membership holders (platinum and above), not applicable for individual membership holders.

__How to get a membership__?
Method of Payment:
1. Zelle: Rushoti Banerjee - maitri.neus@gmail.com
2. Venmo: https://venmo.com/u/Utpal-Chakraborty-2
3. Card: Click Here

Get a membership plan today and be a proud MAitRIan!!
MAitRI, a bengali association from Rhode Island. https://probashemaitri.com/

From President's Desk



MAitRI started with a simple vision to get together people from Bengali community and celebrate the cultural diversity that we are blessed to be part of.

Given the fact that residing outside one's home country is not always by choice but mostly driven by ambition and choosing the idea of comfort and luxury, life tends to become isolated at times.

Having been residing abroad after more than a decade, I tend to get nostalgic when I think of home, and one such nostalgia is the time before Pujo, the awaiting part is what mattered and the preparations.

Puja Barshiki or annual Pujo Magazines used to play an integral part. With bated breath and utmost eagerness as a child I used to wait for my *Anondomela* while the adults engage in a predictable conversation about the content of *Desh*, *Anondolok* etc.

My main thoughts used to be about how the cover will look, it was sure to have a reference to the Goddess, but what amused me was to trick my prediction into thinking I have a better idea of cover page than what is about to come, but am glad to say, I was pleasantly surprised every single time.

Keeping all those thoughts in mind, we are launching উত্তরণ (*Uttaran)*, so that we can rediscover home being away from home.

Thanks to all contributors and the magazine team. Hope you enjoy this edition.

You are invited to submit your contribution for our upcoming edition for the next year (2026) as well.

Cordially,
Rushoti Banerjee

Members of MAitRI Executive Committee and Board

(alphabetical order)

Name	Responsibilities/Positions
Amarnath Roy	Advisory Board Member (North Carolina Bengali Association)
Animesh Chowdhury	Member at large & Logistics
Animesh Pan	Joint Student Secretary & Budget
Anindita Chakraborty	Registration, Membership and Board Member
Anindita Sengupta	Membership and Board Member
Anurag Dhar	Member at large & Website/Tech
Arghya Dutta	Inventory and Board Member
Arup Mazumdar	Joint Student Secretary & Website/Tech
Deepro Ghosh	Joint Student Secretary & Communication
Durjay Nath	Food Secretary
Koustubh Banerjee	Member at large
Mousumi Mitra	Advisory Board Member (Bengali Association of Southern Arizona)
Prateek Mandal	General Secretary
Puja Mondal	Puja Secretary and Board Member
Rajib Das	Member at large & Audit
Rupsa Maiti	Procurement Manager
Rushoti Banerjee	President and Board Member
Soudip Sengupta	Member at large & Logistics
Soumen Mallick	Advisory Board
Soumyadeep Mukherjee	Cultural Secretary
Sumanta Das	Member at large & Budget
Tamal Bhattacharya	Advisory Board Member (President of Sanskriti, DC)
Tapan Dewanjee	Vice President
Tulika Dewanjee	Decoration lead and Board Member
Utpal Chakraborty	Treasurer and Advisory Board



কৃতিত্ব (Accomplishments)

Akshat Dewanjee 12
Aarush Dewanjee 12
Anika Mukherjee 13
Amvrine Ganguly 13

কবিতা (Poems)

দু নৌকায় পা | স্বপ্না রায় 14

Two Birds | Rianshi Das 16

আমার শৈশব | অরূপ মজুমদার 44

The Gifted and The Void | Prasasti Pandit 72

বসন্ত এসে গেছে | অর্ঘ্য দত্ত 78

মৈত্রী: এখানেই শিকড় রাখি | শুভদীপ মজুমদার 82

দুর্গাপূজা | পারুল প্রভা রায় বর্মণ 88

সুধাকণ্ঠকে শ্রদ্ধাঞ্জলি | করবী গগৈ 89

"মা...জীবনী শক্তি" | তুলিকা গগৈ দেৱানজী 90

অঙ্কন (Artwork)

Shreeya Mitra Basu 3
Sireli Das 15
Anika Mukherjee 15,17
Ankita Ghosh Banerjee 16
Aarna Chakraborty 19
Adwitiya Mandal 43
Anukta Mukherjee Ghosh 79,95,97,99
Prateek Mandal 16
Arusha Dutta 16
Shovana Ghosh 45
Suparna Chatterjee 67
বসে আঁকো প্রতিযোগিতা 104,105

প্রবন্ধ (Essay)

স্বাধীনতা? একটু ভাবুন | প্রতীক মণ্ডল 18

মৈত্রীর প্রথম বছরকে ফিরে দেখা | সৌম্যদীপ মুখার্জি 20

দুগ্গা এলো Rhode Island এ | প্রতীক মণ্ডল 52

রোড আইল্যান্ডের সর্বপ্রথম দুর্গা পূজা | প্রতীক মণ্ডল 56

Shaping the Future of Science: My Journey | Animesh Pan 62

পূর্ণতা থেকে শুন্যতা | প্রবুদ্ধ ব্যানার্জি 75

এই লেখা ঠিক অধীর বাগচীকে নিয়ে নয় | রাহুল রায় 83

পয়লা বৈশাখঃ কিছু তথ্য ও কিছু আবেগ | প্রশস্তি পন্ডিত 91

ভ্রমণ বৃত্তান্ত (Travel Journal)

My Summer Road Trip: New Hampshire and Quebec City | Aarna Chakraborty 25

অ্যামাজন: অরণ্যের অন্তরালে | সুদীপ দাশ 46

মার্কিন যুক্তরাষ্ট্রের প্রথম "শব্দবাজি" ও RJ Roy এর শুভেচ্ছাবার্তা 30

রন্ধন প্রণালী (Recipe)

Bengali Khejur (Patali) Gur Kalakand | Surajit Paul 31

সর্ষে মুন্ডী | অষ্টমিতা সেনগুপ্ত 33

Posto Chicken | Rupsa Maity 61

Biye Bari Chicken Roast | Sana Nasir 67

দুধ শুক্ত | পুজা মণ্ডল 87

স্থিরচিত্র (Photograph)

Anindhya Sundar Das 34, 35
Animesh Chowdhury 35, 78, 81
Ankita Ghosh Banerjee 36
Tapan Dewanjee 5, 38, 42

ছোটগল্প (Short story)

রাইট টার্ন | সৌদিপ সেনগুপ্ত 37

হোস্টেলে "অশরীরী ছায়া " | শোভনা ঘোষ 63

"স্মৃতিচারণে কল্লোলিনী কলকাতা" | প্রতীক মণ্ডল 73

সাক্ষাৎকার (Interview)

অনিন্দ্য ঘোষ, চলচ্চিত্র পরিচলক ও প্রযোজক | সৌম্যদীপ মুখার্জি 68

রাহুল রায়, সঙ্গীতশিল্পি, বেহালাবাদক, লেখক, নাট্যাভিনেতা ও **স্বপ্না রায়**, সঙ্গীত শিল্পী ও প্রশিক্ষিকা, স্বরলিপি র প্রতিষ্ঠাত্রী , বাচিক শিল্পী | প্রতীক মণ্ডল, সৌম্যদীপ মুখার্জি 80

Anukta Mukherjee Ghosh, Kolkata-based artist, and painter | সৌম্যদীপ মুখার্জি 92

প্রতীক, সাংবাদিক , সম্পাদক, লেখক | সৌম্যদীপ মুখার্জি 100

শান্তা নাগ, সংগীতশিল্পী, "শুদ্ধস্বর"এর প্রতিষ্ঠাত্রী | প্রতীক মণ্ডল এবং সৌম্যদীপ মুখার্জ্জি 102


শঙ্খ ভৌমিক, নাট্যকর্মী , প্রশিক্ষক, Artistic Director, Off-Kendrik | প্রতীক মণ্ডল, সৌম্যদীপ মুখার্জি 106

Maitri Event Photographs 108

Accomplishments

Akshat Dewanjee, 3 years

Name of Parents - Tapan Dewanjee & Tulika Gogoi Dewanjee
Award - Pre-K3 graduation





Aarush Dewanjee, 7 years

Parents- Tapan Dewanjee & Tulika Gogoi Dewanjee
Award - First certificate and first yellow belt in his name & Principal's award for all round excellence








Accomplishments (contd.)

Anika Mukherjee, 8 years


Parents: Indrajit Mukherjee & Malobika Bhattacharjee
Award: America's Fastest Math Mind Award (2025)





Dr. Amvrine Ganguly

Authored Book chapter titled *Distress and Other Psychiatric Considerations in Cancer Rehabilitation* in book *Cancer Rehabilitation*



দু নৌকায় পা

~ স্বপ্না রায়

ইছামতী নদী -
প্রতিমাকে রাখা দু নৌকার মাঝে
মা দুর্গার বিসর্জনের ছবি -
বিজয়ার শুভেচ্ছা পত্রে।

সরে যাবে দুই নৌকা দুই দিকে
বিসর্জন হয়ে যাবে মা দুর্গার।

ধন্দ লাগে মনে -
একেই কি বলে 'দু নৌকায় পা দিয়ে চলা'?
হয় এদিক নয় ওদিক
বেছে নাও একটা
নইলে পপাত ধরণী তলে।

কথাটা ছোটো থেকে শুনেছি কতবার
তবে কখনো ভাবিনি এমন করে।

বেশ ছোটো যখন, দিদির প্রশ্ন
' কাকে বেশি ভালোবাসিস?
আমাকে না ছোটদাকে? '
ভার বুঝে দু নৌকায় পা দিয়ে চলা -
বলতাম-'দুজনকেই'-
নইলে দিদির বই আর ছোড়দার রঙ
দুটোই হাতছাড়া,
দুদিকে বাঁচিয়ে চলা সেই তখন থেকেই।

কয়েক ঘন্টার তফাতে,
বাসি বিয়ের দিন
এক বাড়ির কুমারী কন্যা-
হয়ে গেল অন্য বাড়ির নতুন বউ,
দূর্গা প্রতিমার মতো তাকে তুলে দেওয়া
দুনৌকার মাঝে।

দুদিকেই ওজন বুঝে চলা,
নইলে হয় বধূ হত্যা নয় বাপের বাড়ির ভাত,
দুদিকের ভার সামাল দিতে -
এবাড়ির কাছে ওবাড়ির



আর ওবাড়ির কাছে এবাড়ির নিন্দা-
তবেই না সমতা বজায় রেখে চলতে পারা,
এ কি সহজ কাজ?

আজ অনেক পথ হেঁটে এসেও
সেই দুদিক সমঝে চলা -
কুল রাখি না শ্যাম রাখি।
একদিক ভারী হলেই
অন্যদিকে গেল গেল রব।
ভার সামলে চলতে চলতে
আজ বড় ক্লান্ত লাগে।

তাই প্রশ্ন আমার -
মা দূর্গা তুমি দুনৌকায় পা দিয়েও
বছর বছর ফিরে আসো আমাদের কাছে-
আমরাও কি পারবো তোমার মতো
এমন করে সামাল দিয়ে
জীবন তরী পেরিয়ে যেতে?



~ Artwork by Sireli Das





~ Artwork by Anika Mukherjee

TWO BIRDS

~ Rianshi Das


INSPIRED BY RABINDRANATH TAGORE'S "**Khachar Pakhi Chilo**"

A pet bird I am
In a golden gilded cage
Colored bright I sit
Everyday is filled with dull joy
From warmth, food, and praise
But I long to fly free
No limits outside,
But in this cage, I sit trapped
Filled with longing for freedom

A free bird I was born
I fly free but cold
In the icy rain, pounding down
Scavenge for warmth and unspoiled food
This life is painful enough to
Make me long to be in
A cage surrounded by
Warmth, food, and praise.



~ Artwork by Ankita Ghosh Banerjee



~ Artwork by Prateek Mandal



~ Artwork by Arusha Dutta





~ Artworks by Anika Mukherjee

স্বাধীনতা? একটু ভাবুন

~ প্রতীক মণ্ডল

মানুষের ন্যূনতম চাহিদা কি? খাদ্য বস্ত্র বাসস্থান? নাকি রোটি কাপড়া মাকান এর উপরেও কোনোকিছু হয়? মানবসভ্যতার ইতিহাসে ক্রীতদাস প্রথা নতুন কিছু নয়। অর্থ ক্ষমতা বন্দুকের নলের সামনে দুর্বল কে নত হতে হয়েছে, পদানত হতে বাধ্য করা হয়েছে, ইতিহাসে এরকম উদাহরণ অজস্র। কিন্তু একবিংশ শতাব্দীর এই ঝাঁ চকচকে ডিজিটাল দুনিয়ায় যেখানে মানবাধিকার নিয়ে অনেক লম্বা চওড়া আওয়াজ শোনা যায়, সেই যুগেও কি এই ক্রীতদাস প্রথা আদৌ বিদ্যমান?

ফিরে আসি আবার ইতিহাস এর কথায়। একটু পিছনে ফিরে তাকালেই দেখা যাবে যে খাদ্য বস্ত্র বাসস্থান মানুষের প্রাথমিক চাহিদা হলেও মানুষ বরাবরই স্বাধীনতা চেয়েছে। জীবনধারণের প্রাথমিক প্রয়োজন মেটার সাথে সাথেই সে হতে চেয়েছে স্বাধীন। আত্মসম্মান নিয়ে ইচ্ছে মতন বেঁচে থাকার স্বাধীনতা, নিজের ইচ্ছে মতন চলার, বলার, করার স্বাধীনতা। গণতান্ত্রিক রাষ্ট্রীয় পরিকাঠামোর নিয়ম কানুনের মধ্যে থেকে বিরোধিতা করার স্বাধীনতা, ভালো কে ভালো খারাপ কে খারাপ বলার স্বাধীনতা। ক্ষমতায় অধিষ্ঠিত শাসক গলা টিপে ধরার চেষ্টা করেছে বটে বেশ কিছু বার, তবুও স্বাধীনচেতা মানুষ আওয়াজ তুলেছে ব্যক্তি স্বাধীনতায় হস্তক্ষেপ এর বিরুদ্ধে, এবং বেশিরভাগ ক্ষেত্রেই জয়যুক্ত হয়েছে।

এখন প্রশ্ন হল একবিংশ শতাব্দীর এই ডিজিটাল দুনিয়ায় এসব কথা কি আদৌ প্রাসঙ্গিক? সোশ্যাল মিডিয়ার জগতে রোটি কাপড়া মাকান নয়, মানুষের ন্যূনতম চাহিদা, basic need এখন attention। দুনিয়া অনেক বদলে গেলেও বোধহয় স্বাধীনতার প্রশ্নে মানুষ এখনও একই রকম একরোখা রয়েছে। এইবার আসা যাক আসল প্রশ্নে, এইসময়ে দাঁড়িয়ে যেখানে ক্রীতদাস প্রথা বিলুপ্ত, স্বাধীনতা অবশ্যই মানুষের ন্যূনতম অধিকার, রাষ্ট্র বা শাসক কি কোথাও গিয়ে তার নাগরিকের কাছে নিঃশর্ত সমর্পণ দাবি করছে না? তৃতীয় বিশ্ব হোক বা প্রথম বিশ্ব, পৃথিবীর বৃহত্তম গণতন্ত্র হোক বা সর্বাধুনিক free speech এর জয়ধ্বনি ওড়ানো পাশ্চাত্য, দিনে দিনে শাসক যেন আরো নির্দয় নৃশংস, আরো বেপরোয়া, আরো অধৈর্য। তুমি যদি আমার সমর্থক না হও, তবে তুমি খারাপ, তোমার জীবন দুর্বিসহ করে তোলাই আমার লক্ষ্য, রাষ্ট্রের এহেন প্রতিশোধস্পৃহা আজ আর নতুন নয়। কিন্তু বিখ্যাত সিনেমার বিখ্যাত ডায়লগ কি তাই শেখায়? “With great power, comes great responsibility”, নৈতিকতার এই বাণী আজ নীরবে নিভৃতে কাঁদে। হাতের সামনে উদাহরণ অজস্র। ব্যক্তি স্বাধীনতা? ফ্রিজে পছন্দের মাংস রাখার তথাকথিত “অপরাধে” মানুষ খুন হয়ে যায়, রাষ্ট্র তাতে প্রশ্রয় দেয়। শাসকের বিন্দুমাত্র সমালোচনা করলে বা সামান্যতম বিরোধিতা করলেই শাসক এর মনে সংশয় তৈরী হয়, চেষ্টা হয় প্রতিবাদীর টুটি চেপে ধরার। সোশ্যাল মিডিয়া ট্রল, সুচিন্তিত ভাবে দেশদ্রোহী তকমা লাগিয়ে দেওয়া, পকেটে থাকা মিডিয়া দিয়ে লাগাতার আক্রমণ, পরিকল্পিত সোশ্যাল মিডিয়া bullying এসব তো রয়েছেই, যেন তেন প্রকারেণ টেনে হিচড়ে প্রতিবাদীকে কোনঠাসা আর একঘরে করে দেওয়ার প্রচলন আমরা শেষ বেশ কিছু বছরে অনেকবার দেখেছি। সোশ্যাল মিডিয়া প্রোফাইল ঘেটে মানুষ কে বিচার করা, তার social media activity; like comment share এর প্যাটার্ন দেখে তার রাজনৈতিক চিন্তাভাবনা আর মতাদর্শ আঁচ করার চেষ্টা, এবং সেই অনুযায়ী তার ট্রিটমেন্ট; এতটা প্রতিশোধ স্পৃহা অসহিষ্ণু রাষ্ট্রের! কি ভয়ঙ্কর! এ কোন binary দুনিয়াতে বাস করছি আমরা যেখানে শাসক

জিরো আর ওয়ান ছাড়া কিছু বোঝে না, বুঝতে চায়না! হয় তুমি আমার দলে, নাহলে বিরোধী, সাদা আর কালোর মাঝে ধূসর এলাকার কোনো অস্তিত্ব স্বীকার করার সহণশীলতা আশা করাটাই যেন এখন অন্যায়! তা সে প্রথম দ্বিতীয় তৃতীয় যে বিশ্ব ই হোক না কেন, এই যেকোনো রকম নির্বিষ বিরোধিতাতেও, নিজ মতামত প্রকাশেও সিঁদুরে মেঘ দেখা আর তার অঙ্কুরে বিনাশের জন্য আদাজল খেয়ে লেগে পড়া, এটাই গণতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থার নতুন ট্রেন্ড| তবে কি সত্যিই ক্রীতদাস প্রথা বিলুপ্ত? রাষ্ট্র যাই করুক, যাই বলুক, বিনা চিন্তা ভাবনায় বিনা প্রতিবাদে "যো হুজুর" বলে মাথা নত করে থাকা, আর শাসকের চাবুকের ভয়ে সমঝে চলাটা ক্রীতদাসত্ব নয়? AI দিয়ে রোবট বানানো যায়, ডিজিটাল ক্রীতদাস হিসেবে প্রোগ্রাম করা যায়, রাষ্ট্র কি তার মনুষ্য নাগরিকদের কাছেও তাই প্রত্যাশা করছে? ভাবুন, ভাবা practice করুন|



"This drawing is a rendering where nature and the city collide. There are plenty of differences from the elegant colors of the sky to the solid black of the town, however both nature and city have bright lights full of hope and light"

~ Aarna Chakraborty

মৈত্রীর প্রথম বছরকে ফিরে দেখা

~ সৌম্যদীপ মুখার্জী ও মৈত্রীর সমস্ত বন্ধু যারা ছবি তুলে সমৃদ্ধ করেছেন

গোড়ার কথা

শুরুর দিনগুলো ভাবতে গেলেই দুটো গানের line খুব মনে পড়ে। রূপম ইসলামের "সেই দিনও ছিল দুপুর এমন, ঝক্‌ঝকে রোদ, অস্থির মন" | আবার শারাবী ছবির সেই বহুশ্রুত গান "যাহান চার ইয়ার মিল যায়ে, ওহি রাত হো গুলজার" । ২০২৪ সালের ফেব্রুয়ারির প্রথম দিকের একটি বিকেলের কথা। ঝকঝকে রোদ ছিল কিনা মনে নেই। রোড আইল্যান্ড এবং ম্যাসাচুসেটস চার পাঁচজন বন্ধু সপরিবারে আড্ডাতে মশগুল। কথায় কথায় উঠে এলো মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবাসী বাঙালি হিসেবে সাধ আর সাধ্যের কথা। কেমন হতো যদি আমেরিকার উত্তর পূর্বের এই অঞ্চলে দুই বাংলার বাংলাভাষী একত্রিত হয়ে মেতে উঠত নানান আনন্দ উৎসবে? পূজাকেন্দ্রিক উৎসব অনুষ্ঠানের সঙ্গে সঙ্গে জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে উপভোগ্য মিলনোৎসবের আয়োজন যদি বেশী করে করা যেতো? তার সঙ্গে যদি বাচ্চাকাচ্চাদের সুযোগ দেওয়া যেতো বাংলা ভাষা ও সংস্কৃতির স্বাদ নিয়মিত আস্বাদন করার?


...আর, "যেতো" গুলো যদি "হবে" তে বদলানো হয়!

রোড আইল্যান্ড, কানেক্টিকাট, ম্যাসাচুসেটস রাজ্যের, নামগুলি অনেক সময় একনিঃশ্বাসে একসাথে উচ্চারিত হয় এবং প্রথম থেকেই আমাদের কথোপকথনে এই রাজ্যগুলির (বিশেষত রোড আইল্যান্ড ও ম্যাসাচুসেটস) মানুষ যুক্ত ছিলেন। কোন রাজ্যে কটা বাঙ্গালি সংগঠন আগেই রয়েছে সেসব নিয়ে আমরা খুব একটা ভাবিনি। কারণ আমরা নিশ্চিত ছিলাম যে আমাদের উদ্দেশ্য নিয়ে, নিশ্চিত ছিলাম যে উদ্দেশ্য নিয়ে আমরা এগোতে চাই সেই আঙ্গিকে তেমন কোন সংগঠন অন্তত আশেপাশে নেই। তবে আমরা, একমত ছিলাম যে এই সংগঠনের অবাধিত দ্বার থাকবে জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সমস্ত মানুষের জন্য।

মৈত্রীর জন্মদাত্রীও জন্মদাতা গণ সগৌরবে ঘোষণা করলাম সামাজিক মাধ্যমগুলিতে



মৈত্রীর প্রথম লোগো... শ্রী প্রতীক মণ্ডলের হাতে আঁকা এই ছবি



নামকরণ ও উদ্বোধন।

প্রাথমিক আলোচনাতে যারা অংশ নিয়েছিলেন তাদের একজন প্রস্তাব দেন মৈত্রী নামের। কারণ মানুষে মানুষে সেতু স্থাপন ও যোগাযোগ স্থাপন এর মূল উদ্দেশ্য। তদুপরি আমরা খেয়াল করলাম যে ইংরেজি হরফে নামটির দ্বারা এই সংগঠনের শরিক সদস্যদের বাসস্থান দুই প্রধান রাজ্য ম্যাসাচুসেটস ও রোড আইল্যান্ডকে চিহ্নিত করা যাচ্ছে। অতএব ইংরেজি হরফে লেখা হলো MAitRI। রোড আইল্যান্ড রাজ্যে আলভাজনক সংস্থা (নন-প্রফিট অর্গানাইজেশন) হিসেবে অন্তরভুক্তির আবেদন করে কার্যকরী হল। ২০২৪ এর আন্তর্জাতিক ভাষা দিবসে

"যে শিশু ভূমিষ্ঠ হল আজ রাত্রে..." তার আগমনবার্তা ।

তার মাসখানেকের মধ্যেই অনেক জল্পনা-কল্পনা, কাজকর্ম, আলাপ আলোচনা সেরে এই মৈত্রীর আনুষ্ঠানিক সূচনা (launch) করতে আমরা সক্ষম হই। পবিত্র রমজান মাসে হওয়ার দরুন মৈত্রীর উদ্বোধনের সঙ্গে ইফতারের নৈশভোজেরও আয়োজন করা হয়। ঘরোয়া, আন্তরিক এই অনুষ্ঠান সমন্বয় ও সংহতির প্রতীক হিসেবে মৈত্রীর ছোট্ট জীবনে তো বটেই, এই অঞ্চলে বঙ্গভাষী মানুষের একটি অনন্য অভিজ্ঞতা হয়ে থাকবে। মৈত্রীর উদ্বোধন তো একবারই হওয়া সম্ভব! তবে এই এলাকার বাসিন্দা বাংলাভাষী জনসাধারণের আগ্রহ, জনসাধারণ আবার আগ্রহ প্রকাশ করলে এহেনও ইফতারের নৈশভোজ আবার হবে আমরা আশা রাখি । ওইদিন মৈত্রীর ব্যানার সরবসমক্ষে প্রথমবার উন্মুক্ত হল । দূরদর্শী সদস্যবৃন্দের প্রচেষ্টায় লোগো ও ব্যানার এর কাজ যে কখন সুসম্পন্ন হল, আমরা অনেকে খেয়ালই করিনি । ইফতার এবং মৈত্রী উদ্বোধন এর সেই সন্ধ্যায় উপস্থিত সকলের সপরিবার পারিচয় পর্ব , আড্ডা ও





খাওয়াদাওয়ার মাধ্যমে বুঝি মৈত্রীর মুখেভাত হয়ে গেলো ।

হাঁটি হাঁটি পা পা ... এবারে পা চালিয়ে দৌড়ে যা!

আসলে ছোট ছোট পা ফেলে বেশিদিন হাঁটা সম্ভব ছিল না। এই প্রসঙ্গে মৈত্রীর অভিভাবক দের অক্লান্ত পরিশ্রম যা কেবল অনুষ্ঠান এই সীমাবদ্ধ ছিলনা তা না বললেই নয়। পর্দার আড়াল থেকে নানান কাজ নিরন্তর চলছিল । সংগঠনের কাগজপত্র ঠিক রাখা, সংবিধান ও নিয়মাবলী, ব্যাবহার- বিধি, পরিচালক সংঘ গঠন, জাতীয় স্তরে অলাভজনক সংস্থা ননপ্রফিট হিসেবে দাখিল করা, ব্যাংক একাউন্ট স্থাপন ইত্যাদি নানান ধাপের বর্ণনা দিয়ে পাঠক পাঠিকাকে বিরক্ত করব না। তবে এই বয়সে মৈত্রীর একটি উল্লেখযোগ্য কৃতিত্ব ছিল সপরিবারে মা দুর্গার এমন মূর্তির সন্ধান পাওয়া যা আবার পূজা করার মতন অবস্থায় রয়েছে এবং মৈত্রীর সাধ্যে কুলোয় যার দাম এবং তাকে আনার আনা সম্ভবপর। এই পুরো অভিযানের কথা পড়বেন প্রতীক মণ্ডলের **"দুগ্গা এলো Rhode Island এ"** লেখায়। আর রোড আইল্যান্ডের প্রথম দুর্গাপূজার সর্বব্যাপী অভিজ্ঞতা মানে এই মহাযজ্ঞের নানান দিক তুলে ধরেছেন .... আরেকটি লেখায়।

সূচনা এবং শারদোৎসবের মাঝে বেশ কিছু উল্লেখযোগ্য ঘটনার আয়োজন মৈত্রী করেছিল সগৌরবে। প্রথমেই বলতে হয় আমাদের অন্যতম পরিচায়ক রবীন্দ্রনজরুল সত্যজিৎ স্মরণ সন্ধ্যার কথা। এটি মৈত্রীর বর্ষপঞ্জীর এক অবিচ্ছেদ্য অঙ্গ হয়ে থাকবে। ২০২৪ এর জুনের এই আনন্দ সন্ধ্যায় কাছাকাছি এবং দূর থেকে আগত শিশু ও প্রাপ্তবয়স্ক শিল্পীবৃন্দকে নিয়ে আবৃত্তি, গান, নাচ, নাটিকা ইত্যাদি সহযোগে ঐ তিন মণিষী তো বটেই আদতে মৈত্রী বিনম্র শ্রদ্ধা জানালো আমাদের মাতৃভাষা বাংলাকেই। ভোজন ব্যতীত বাঙালিদের

আনন্দ সম্পূর্ণতা পায় না এই কথনকে সত্য প্রমাণ করার জন্যই এই অনুষ্ঠান শেষে নৈশভোজ এবং মধ্যান্তরে চা টা ব্যবস্থা ছিল। এই অনুষ্ঠানের এবং মৈত্রীর অন্যান্য অনেক অনুষ্ঠানের খাদ্য তালিকার প্রায় পুরোটাই মৈত্রীর স্বেচ্ছাসেবকেরা রন্ধন করেন। প্রবাসে বড় হচ্ছে আমাদের যে পরবর্তী প্রজন্ম, তাদের বাংলা সংস্কৃতির কিছু কালজয়ী সৃষ্টির সাথে পরিচয় করানো একটি উদ্দেশ্য হলেও আসলে বোধহয় মা বাবাদের স্মৃতিচারণ এবং এই আছিলায় অনেক কিছু নতুন করে শেখা, মনে করা, উপলব্ধি করা, উপভোগ করা এই ধরনের অনুষ্ঠান থেকে একটা বড় প্রাপ্তি। এছাড়াও, দোলযাত্রা, নববর্ষ উদযাপন করা হয় এপ্রিল মাসে এবং বনভোজন হয় আগস্ট-সেপ্টেম্বর মাসে মৈত্রীর উদ্যোগে। বনভোজনের কিছুদিন আগেই কলকাতার আরজিকরে কর্মরত ডাক্তারের উপর ঘটে যাওয়া নিশংস কাণ্ডের প্রতিবাদে মিছিলেরও আয়োজন করা হয়।



বাহ! পুজো হয়ে গেছে। তার মানে মৈত্রী এখন সাবালক?

তা হতে পারে। তবে কিনা শৈশব ও কৈশোর পেরিয়ে বয়ঃসন্ধির সময়টা মানুষের জীবনে ভীষণ জটিল ও পিচ্ছিল। এই বয়সে দেখা যায় অতিরিক্ত আত্মবিশ্বাস, আবার সীমাহীন আত্মগ্লানি, লজ্জাশীলতা, নিজের যোগ্যতা নিয়ে সন্দেহ, অপরের সাথে নিজেকে তুলনা করা, অপরের দ্বারা সহজেই প্রভাবিত হওয়া ইত্যাদি নানান লক্ষণ। আমার মনে হয় মৈত্রীর দুর্গাপূজো পরবর্তী অধ্যায় এইরকমই ছিল খানিকটা। আমাদের কখনো কখনো মনে হতে লাগল যে, একবার পূজো জমজমাটভাবে হয়ে গেছে মানে মৈত্রীর অভিযানে অসম্ভব বলে কিচ্ছু নেই। অন্যদিকে আবার পুরো শারদোৎসবের, শারদোৎসবকে নিজেদের দায়িত্বে সাফল্যমন্ডিত করার জন্য যে পরিশ্রম এবং সময়ের বিনিয়োগের প্রয়োজন তার ধারণা এর আগে আমাদের অনেকেরই ছিল না। তাই মাঝে মাঝে প্রথম পুজো বাস্তবায়িত করা সত্ত্বেও ভীতির উদ্রেক হয় এই ভেবে যে, "এ কি বছরের পর বছর করা সম্ভব হবে?" আবার কখনো যদি মন বলে যে, মৈত্রীর উচিত সারা বছরের অনুষ্ঠানাবলীর সূচি সংক্ষিপ্ত করা, অন্য সময় আবার মনে হয় যে, "এসব আর এমন কি? বারো মাসে তেরো পার্বণ হলই না হয়"।



তবু এইসব দ্বিধা দ্বন্দ্বের মাঝেও নভেম্বর থেকে ফেব্রুয়ারি জুড়ে মৈত্রী নানান অনুষ্ঠান আয়োজন করে। এই তালিকায় ছিল পূজাপরবর্তী স্বেচ্ছাসেবকদের ধন্যবাদজ্ঞাপন ও নৈশাহার এবং বড়দিন ও আসন্ন ইংরেজি নববর্ষকে বরণ করে নেবার অছিলায় আড্ডা ও খাওয়াদাওয়া। এই অনুষ্ঠানে মৈত্রীর t-shirt প্রথমবার

জনসাধারণের সামনে এলো বিপুল উৎসাহ ও চাহিদার মধ্যে। অলাভজনক আমাদের এই সংস্থার বিশেষ একটি আগ্রহ তথা কর্তব্য সমাজের যারা আমদের তুলনায় কম বিশেষধিকারপ্রাপ্ত (those with less privilege than us), তাদের জন্য সাধ্যমত কিছু করা। সেই মর্মে আমাদের শীতকালীন ক্ষুদ্র প্রয়াস ছিল শুকনো খাবার সংগ্রহ করে এখানের খাদ্য ব্যাংক এ বিনম্র চিত্তে তা তুলে দেওয়া । প্রায় ১০০ টন খাবার আমরা জমা দিতে পড়েছিলাম।

২০২৫ এর মার্চ অবধি অনুষ্ঠানের মধ্যে ছিল সরস্বতী পূজা, খাওয়াদাওয়া, ছোটদের বসে আঁকো প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। এছাড়া, আমরা আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করি। এটি অবশ্যই একটু ভিন্নধর্মী অনুষ্ঠান ছিল, গল্প, গান, আলোচনা ছাড়াও এই প্রথমবার আমেরিকার মাটিতে মৈত্রী নিয়ে এলো "শব্দবাজি" বাংলা শব্দের খেলা। আশা রাখি যে ভবিষ্যতে মৈত্রী আরো বড় হবে, আরো অনেক সেতু স্থাপন করবে নানান ধর্ম, জাতি, বর্ণ, ভাষা, দেশ এর মানুষকে কাছে আনবে এবং বিভিন্ন সংহতি মূলক প্রকল্প বাস্তবায়িত করবে।



নিতান্তই আমার ভাবনা: কি দিলাম, কি পেলাম

...তার হিসেবে না হয় নাই গেলাম। আর সব বাদ দিলেও গর্বের সাথে বলতে পারি যে রোড আইল্যান্ড এবং আমেরিকার উত্তর পূর্ব কোণের এই কয়েকটি রাজ্যের বাংলা ভাষী তো বটেই, নানান ভাষা ও সংস্কৃতির প্রতি শ্রদ্ধাশীল মানুষের জন্য একটি মরুদ্যান। একথা অনস্বীকার্য যে যারা মৈত্রীর পরিচালন কমিটি তে আছেন, বোর্ডে আছেন, এমনকি যাঁরা স্বেচ্ছাসেবক তাঁরা নিজেদের রুজি রুটির চাকরি, ঘর সংসার সব সামলে বড় বড় অনুষ্ঠান কে বাস্তবায়িত করতে নাভিশ্বাস তোলেন সময়ে সময়ে। আমি নিজেও তার ব্যতিক্রম নই। আবার এটাও সত্যি যে কোন অনুষ্ঠান সুষ্ঠুভাবে বা মোটামুটি ভাবেও হয়ে গেলে যে অপার তৃপ্তি ও গভীর আনন্দ পাওয়া যায়, তা আমাদের রণক্লান্ত মনগুলোকে কানায় কানায় পূর্ণ করে দেয়, ষোলআনা না হোক বারোয়ানা তো বটেই!



ব্যক্তিগত ভাবে আমি একজন যে সাংস্কৃতিক নানান দিকে দর্শক শ্রোতা হিসেবে অংশ নিতে বরাবর ই আগ্রহী। তার সাথে টুকটাক আবৃত্তি, শ্রুতিনাটক, উপস্থাপনা এসবের শখ আছে কিন্তু আবার বেশী তোড়জোড় করে আগ বাড়িয়ে কলাকুশলী হিসেবে নিজেকে ঠেলে দিতে কুণ্ঠাবোধ হয়। মৈত্রীর অনুষ্ঠান গুলো আমাকে সেই অবকাশ দিয়েছে। জীবনে তো কিছুই হল না গোছের বিষাদে মনটা সমাচ্ছন্ন হলে (আমার এরকম হবার প্রবণতা আছে, সপ্তাহে ৮-১০ বার মনে হয়!) প্রিয় কোন কবিতা মুখস্থ করার আগ্রহ হয় এই ভেবে যে কোন না কোন অনুষ্ঠানে

নিশ্চই কাজে লাগবে। তাছাড়া, মৈত্রীর প্রতিভাবান কিছু সাংস্কৃতিক কর্মীর অনুপ্রেরণায় বাইরের (অর্থাৎ, অন্য সংগঠন আয়োজিত) অনুষ্ঠানেও অল্পবিস্তর অংশ নেবার, নাটক আবৃত্তি করার সুযোগ এসেছে। এমনকি, লেখালিখির উৎসাহ ও বেড়েছে এই সুবাদে।



একেবারেই নিজের মতামত বলছি: আরো বেশী করে মৈত্রী আর্থ -সামাজিক ব্যাধি গুলোর প্রতিবাদে মুখর হলে আমার ভালো লাগবে। একথা সত্য যে আমেরিকার nonprofit হিসেবে রাজনৈতিক তকমা পড়ে যাবে এমন কাজকর্ম একটু বিপজ্জনক। আবার একথা অনস্বীকার্য যে রাজনীতি রয়েছে সব কিছুতেই, তা আমরা মানতে চাই বা না চাই, দেখতে পাই বা না পাই। সারা পৃথিবীতেই, চিরকালই শিল্প-কলা রাজনৈতিক ও সামাজিক মঞ্চে সাম্প্রতিক যা ঘটছে তাকে তুলে ধরা এবং তার পক্ষে, বা বিপক্ষে (বা দুই দিকেই) অবস্থান নিতে মানুষকে সাহায্য করেছে। পূজা পার্বণের আতিশয্যে সেটা যেন আমরা না ভুলি।





পরিশেষে এটুকুই বলব যে সুদূর ভবিষ্যতে আমরা কি করব , মৈত্রী কি করবে অতশত ভাবতে এখনই পারছি না। কিন্তু এই যাত্রাপথ বেশ লাগছে।



"এই যে পথের এই দেখা,
হয়তো পথেই শেষ হবে।
তবুও হৃদয় মোর বলে,
সঞ্চয় কিছু যেন রবে।।"

(শ্রী হেমন্ত মুখোপাধ্যায় এর গানের কয়েক পঙক্তি)

My Summer Road Trip: New Hampshire and Quebec City

~ A travel journal by Aarna Chakraborty
~ Picture courtesy – Utpal Chakraborty

This summer, my family and I decided to go on a week-long road trip that would take us through New Hampshire and all the way up to Québec City, Canada. I wanted to keep a little travel journal of the trip. Traveling with my parents and my little sister is always an adventure, and this trip was no different—it was filled with new experiences, beautiful places, and lots of food. Being Bengali, we are born food lovers, so trying different dishes along the way was one of our favorite parts of the trip.

We kicked off our trip bright and early, waking up around 7 a.m. and hitting the road toward Storyland in New Hampshire. The drive itself was peaceful, with winding roads and mist still clinging to the trees, setting the tone for a day of adventure. Storyland is an amusement park I've visited three times before, and returning always brings a mix of nostalgia and curiosity—familiar rides with the promise of making new memories.

Although the park is primarily designed for younger children, it still has a charm that makes it enjoyable for all ages. My little sister, especially, was over the moon—her laughter and excitement on each ride made the whole day feel more magical. Since we left pretty early, hunger set in quickly, so we made a stop at the Sunrise Shack for brunch. We always go to this place for breakfast every time we go to New Hampshire, and it's become a family tradition, a cozy little spot known for its hearty breakfast plates.

Despite the day's excitement, the heat was hard to ignore—temperatures crept close to 100°F, and with it being a Sunday, the park was buzzing with crowds. Between the long lines, the sticky air, and the constant movement, we were completely drained by the time we made it back to the hotel. My parents had booked the same hotel we usually stay at on trips to New Hampshire, which added a sense of familiarity and routine. By evening, none of us had the energy to venture out for dinner so we just had a box of noodles and Mac and Cheese, enjoying that familiar comfort after a long day.

On our second day, we returned to Storyland to catch the rides we had missed the day before. This time, we grabbed a quick breakfast from Dunkin' inside the park before diving into the last of the attractions. By midday, we were ready for a proper meal and found ourselves back at the Sunrise Shack, a spot we clearly couldn't get enough of. I even ordered the same thing as the day before—sometimes




familiarity just hits the spot, even on vacation.

After lunch, though, I realized I might have overindulged a bit, as a stubborn tummy ache set in while we packed up at the motel and got ready for the next leg of our trip. With bags loaded, we started the long drive north toward Canada. Crossing the border felt like a small milestone, and almost



immediately after, we stopped by Tim Hortons for amazing coffee. Their coffee was exactly what we needed to perk up after hours on the road. By the time we reached our hotel, exhaustion had set in once again. The room, however, was a pleasant surprise—spacious enough to feel like two rooms in one, offering plenty of space to spread out and unwind. Too tired to go out again, my parents picked up Thai food for dinner. It was a simple yet satisfying way to close out a long day of rides, travel, and new beginnings.

Our third day marked the beginning of our adventure in Québec City, and we were eager to start



Pic: Montmorency Falls

exploring. After a hearty breakfast at the hotel, we set off for our first stop: Montmorency Falls. We took a cable car up the mountain to the top, where the view was absolutely stunning. Towering even higher than Niagara, the falls were breathtaking from the moment we arrived.

As we reached the top, the panoramic view unfolded before us—cascading water, lush greenery, and the city in the distance. From there, we hiked across to the other side of the mountain, eventually reaching a wooden staircase that wound its way from the very top down to the base of the falls. The steps seemed endless, and by the time we reached the bottom, my legs felt like they might

give out completely. Still, the effort was worth it: standing so close to the waterfall, feeling the cool mist on our faces, was an unforgettable moment. We wandered into a nearby park afterwards, where we rested in the shade, cooled off with slushies, and regained just enough energy to climb back. Back at the main building, my sister and I treated ourselves to ice cream—a well-deserved reward after such a demanding trek.

By early afternoon, we drove out to a nearby island for lunch. The restaurant doubled as a winery, giving the whole experience a refined,






Pic: View from top of Montmorency Falls Park

leisurely feel. My meal turned out to be one of the highlights of the day: a fresh salad with raw salmon and strawberries—an unusual combination, but surprisingly delicious.

Afterward, we spent the rest of the afternoon exploring the island, wandering through local shops, and discovering handmade goods. It was the perfect balance of adventure, relaxation, and a taste of Québec's unique charm.

On our fourth day, we set out to explore Jacques-Cartier National Park, a place that's all about mountains, rivers, and endless trails. Originally, my dad had his heart set on water rafting, but since we weren't able to book a spot in time, we had to skip it. At first, I thought it was kind of disappointing, but it actually turned out to be a blessing in disguise because it gave us the chance to slow down and really enjoy hiking through the park.

About 80% into our hike, the weather totally turned on us. Out of nowhere, it started to downpour, and within minutes, we were completely soaked. At first, it felt miserable, but then I realized we were kind of lucky. If we had gone water rafting like my dad originally wanted, we would've been stuck out on the rapids in the middle of the storm, which would have been way worse. Instead, we sprinted through the last part of the trail, slipping and laughing as we tried to make it back to the car. By the time we finally reached it, we were exhausted and dripping



Pic: Hiking at Parc national de la Jacques-Cartier

wet. Our “lunch” ended up being yogurt and granola, eaten quickly in the car while we tried to dry off.



Pic: Stormy afternoon in Parc national de la Jacques-Cartier

Since the park has a scenic road that winds through the forest, my parents decided we should drive it and take in the views, even though it was still raining. My little sister and I didn’t last long, though—we both fell asleep in the backseat and woke up only once we reached the city.



Pic: At the Abraska treetop zipline

That evening, we wandered around the streets, popping in and out of little shops and taking in the historic vibe of the city. For dinner, we decided to try a popular restaurant called Le Lapin Sauté, which looked really nice from the outside. Unfortunately, the food turned out to be… honestly, terrible. None of us liked it—my parents, my sister, and I all agreed it was probably the worst meal of the trip so far. Luckily, we redeemed the night afterward by stopping at a small shop for cookies and cream gelato, which was actually really good. With that sweet ending to the day, we headed back to our hotel, completely ready for some sleep after a long, wet, and eventful adventure.

Our fifth day was also our last day exploring Québec City, so we wanted to make it memorable. After breakfast at the hotel, we drove out to Abraska Park for a ziplining adventure. My dad and I signed up for the adult course while my mom and little sister chose the kid-friendly version.

The course had seven ziplines in total, but if you wanted to quit, you could bail after the second one. To even get to the ziplines, we had to climb through a series of obstacles high up in the trees. Honestly, those obstacles ended up being harder than the actual ziplines—they really tested our balance and strength. The ziplines themselves were amazing, though. Flying over the trees with the wind rushing past and the forest stretching out below was such a cool experience. I’d definitely love to do it again someday. I managed to finish all seven ziplines, but my dad decided to tap out after the second one. Since the adult course took about 30 minutes longer, my mom and sister were already waiting for us back at “base” when we finally returned. After packing away our gear, we made a quick stop at Subway for lunch. With full stomachs, we headed back into the city to

explore some more. Our first stop was the Plains of Abraham, a huge historic park. It was sunny and hot, and after walking for a while, we were all sweaty and a little tired. Things got kind of funny when we accidentally took the wrong path and ended up back at the docks—the same place we had been yesterday!



Pic: Plains of Abraham

On the way back to the hotel, my parents wanted to show us a restaurant they had tried earlier in the week, so we ended up having dinner at Shiraz Québec, a Persian restaurant. The food there was absolutely delicious—







definitely one of the best meals of the trip. With that, our final day in Québec City came to a close.

We headed back to the hotel, full and happy, ready to rest before the next part of our journey.

Our sixth and final day was all about the journey back home. We packed up our things, said goodbye to our hotel in Québec City, and began the long drive back to the U.S. Before crossing the border, we made one last stop at Tim Hortons—because what better way to end our time in Canada than with their coffee (and a few snacks, of course)? It felt like a little farewell tradition.







The drive itself was smooth and relaxing compared to the busier days we'd had exploring. With the scenery rolling by outside the car windows, it gave me time to think back on everything we had done during the trip—from hiking through national parks to ziplining high in the trees, exploring waterfalls, and tasting new foods. By the time we reached home, I felt both tired and grateful, knowing we had packed so many adventures into just six days.

মার্কিন যুক্তরাষ্ট্রে প্রথম "শব্দবাজি" খেলা প্রসঙ্গে শব্দবাজির রূপকার শ্রী তন্ময় রায়চৌধুরী (RJ Roy) এর শুভেচ্ছাবার্তা



"রোড আইল্যান্ড এর মৈত্রীর হাত ধরে শব্দবাজি আমেরিকা তে বাঙ্গালীদের কাছে পৌঁছল। এইটা এমন একটা সময়ে হল যেটা আবার শব্দবাজির ১৬ তম জন্মদিনের কাছাকাছি। কাজেই, এটা আমাদের জন্য একটা জন্মদিনের উপহার । আশা করি ওখানে বাঙ্গালীদের মধ্যে এই শব্দবাজি আরো ছড়িয়ে পড়বে। কারণ এর উদ্দেশ্যই হল বাঙ্গালীদের মগজে শব্দের বিস্ফোরণ ঘটানো। শব্দবাজি, বাংলা শব্দের খেলা, যাতে শব্দ আছে আওয়াজ নেই। এই খেলার মাধ্যমেও বাঙালিয়ানার চর্চা হয়। আশা রাখি মৈত্রীর এই যে শব্দবাজি কে নানান অনুষ্ঠানে কুইজের আকারে খেলানোর যে উদ্যোগ, তাতে বড়দের সঙ্গে সঙ্গে প্রবাসে বড় হওয়া ক্ষুদে বাঙালিরাও উৎসাহ পাবে। মৈত্রীকে অসংখ্য ধন্যবাদ শব্দবাজির পাশে থাকার জন্য। আমাদের তরফ থেকেও সবরকম সহযোগিতার আশ্বাস রইল "



Bengali Khejur (Patali) Gurer Kalakand

~ Surajit Paul



Prep Time: 10 mins Cook Time: 60 – 75 mins Servings: 18 pieces

Ingredients:

- Whole milk / Full cream milk – 2.5 liters
- Khejur (Patali) Gur – 200 - 250 gm (depends on your preference of sweetness)
- Khoa – 200 gm (use Vadilal, will get it in Patel Brothers)
- Lemon juice or vinegar – 2 tbsp (for curdling milk)
- Pistachios/Almonds – chopped, for garnish (optional)

Instructions:

Step 1: Prepare Chhena (Paneer)

- Boil 2 liter of milk in a heavy-bottom pan. Keep the flame high.
- After the milk comes to a boil, switch off the heat and let it cool for 3–4 minutes, stirring occasionally to prevent a cream layer from forming on top.
- Add lemon juice or vinegar gradually while stirring. I prefer to add vinegar.
- The milk will curdle separating into curds and whey, forming fresh chhena (paneer).
- Strain using a muslin cloth. Wash the chhena with cold water to remove the sourness.
- Squeeze out excess water and hang for 30 minutes to drain completely.

Step 2: Cook the Kalakand Mixture

- In another pan, boil the remaining 0.5 liters of milk on medium heat, stirring occasionally to avoid burning.
- Microwave the khoa for 2 minutes, then add the softened khoa to the milk.
- Continue cooking for 20 minutes until it thickens to about 1/3rd of its original volume.
- Add the patali gur and continue cooking over low to medium heat for 15–20 minutes, stirring occasionally to prevent it from overflowing or forming lumps. I usually break the patali gur into small pieces before adding it to the milk for easier mixing.
- In the meantime, place the paneer in a bowl and gently knead it to smooth out any lumps, being careful not to turn it into a paste..
- When the milk, khoa, and gur mixture thickens, reduce the heat to low, add the kneaded paneer, stir well, and then turn off the stove

Step 3: Set the Kalakand

- Cover a plate or tray with aluminum foil.
- Pour the hot mixture and spread it evenly.
- Garnish with chopped pistachios/almonds (optional).
- Let it cool completely, then refrigerate for 3-4 hours before cutting into squares.

✅ **Tips**:

- Stir continuously to avoid sticking and burning.
- The mixture of milk, khoa, and gur should not be very thick. It should remain soft after adding chhena to it.
- Don’t cook after adding chhena in the mixture, it will make the chhena harder.
- Get patali gur from Patel Brothers, DO NOT buy from India Market.
- Let the patali gur and khoa come to the room temperature before cooking.
- The patali gur should be soft enough at room temperature to be easily cut with a knife.



সর্ষে মুন্ডি

~ অষ্টমিতা সেনগুপ্ত

যদিও যে কোনো মাছের পাতুরি আমার খুব প্রিয়, আমেরিকায় বসে সবসময় পাতুরির ভালো কলা পাতা, অথবা কুমড়ো পাতা পাওয়াটা হয়ে যায় মুশকিল। অথচ পাতা ছাড়া তো আর পাতুরি হয় না! পাতা বাদ দিলে, সেই সুন্দর কলা পাতার হালকা পোড়া সুবাস মিশ্রিত মাখা মাখা সর্ষে বাটায় ভেটকির বা ইলিশের মজা থেকে বঞ্চিত হবেন ঠিকই, তবে যা সৃষ্টি হবে তাও কম উপাদেয় নয়। এই recipe র নাম "সর্ষে মুন্ডি"

উপকরণ:

১) ২০০ gm barramundi (বারমুন্ডি), বা ভেটকি, বা tilapia মাছের filet

২) ১/২ লেবুর রস

৩) ১ চা চামচ সাদা সর্ষে

৪) ১ চা চমক কালো সর্ষে

৫) ২ চা চামচ পোস্ত

৬) ২ টা কাঁচা লঙ্কা

৭) ৫-৬ টা গোটা কাজু বাদাম

৮) ৩ টেবিল চামচ টক দই

৯) নুন

১০) চিনি

১১) ৩ চা চামচ সরষের তেল

প্রস্তুতি প্রণালী:

১) চা-চামচ সাদা সর্ষে আর ১ চা-চামচ কালো সর্ষে একটা বাটিতে ভিজিয়ে রাখুন ৩০ মিনিট।

মাছের filet গুলো তে লেবুর রস, আর ১ চা-চামচ নুন মাখিয়ে marinate করে রাখুন ১৫ মিনিট।

২) চা চামচ পোস্ত, প্রথমে শুকনো কড়াই এ নেড়ে নিয়ে, জল না দিয়ে শুধু পোস্ত টা mixer এ ১ মিনিট ঘুরিয়ে নিন। এতে পোস্তর দানা মসৃণ গুঁড়োয় পরিণত হবে।

৩) এরপর ভেজানো সর্ষে, ২ টা কাঁচা লঙ্কা, ৫-৬ টা গোটা কাজু বাদাম, ৩ টেবিল-চামচ টক দই, আর পোস্তের গুঁড়ো, একসাথে মিশিয়ে, স্বাদ মতো নুন ও মিষ্টি আর পরিমাণ মতো জল দিয়ে একটা ঘন paste বানিয়ে নিন। মাছের filet গুলোতে এই paste টা, আর ২ চা চামচ সরষের তেল ভালো করে মাখিয়ে ৫-১০ মিনিট রাখুন।

৪) তারপর একটা non-stick pan এ অল্প সরষের তেলে হালকা আঁচে, ঢাকা দিয়ে সেই marinated মাছ রান্না করুন।

৫) একদিকটা ভালো মতো রান্না হয়ে গেলে, সাবধানে উল্টে দিয়ে অন্য দিকটাও একই ভাবে রান্না করে নিন।

৬) হয়ে গেলে, তুলে নিয়ে, রান্না হওয়া ফিলেট গুলির ওপরে ১/২ চেরা কাঁচা লঙ্কা দিয়ে গরম ভাতের সাথে পরিবেশন করুন।





Love story of a blue-tailed bee-eater couple.
I took this picture on a spring morning inside the campus of Tezpur University, Assam, where I did my PhD. Blue-tailed bee-eaters are social birds, and male and female bee-eaters form a strong bond. This is a beautiful moment captured as a male bee-eater is bringing breakfast for his loving lady.

Anindhya Sundar Das

Leopard lacewing butterfly.
Native to India and other Southeast Asian countries, the leopard lacewing is a colorful butterfly with black spots like a leopard and has 'lace-like' markings on the border of their wings. Most of the time, we don't realize how intricate the balance of nature is and how one species of plant or animal is critical for the existence of other species. For example, female lace-wing butterflies lay eggs on Passiflora foetida (stinking passion flower) leaves, and the larvae are dependent on these leaves for their food. We perhaps remove this plant as a weed from our backyard without realizing that another species could be impacted.

Anindhya Sundar Das





One-horned rhinoceros

They are also known as the greater one-horned rhinoceros or Indian rhinoceros. These rhinos are known for their distinctive single horn and their "armored" appearance due to thick, folded skin. They are found in parts of India and Nepal, primarily in wetland and grassland habitats. I took the picture of this one-horned rhino in its natural habitat at the Kaziranga National Park, Assam, back in 2017.

~ Anindhya Sundar Das



Photo ~ Animesh Chowdhury



Rhode Island summers through hazy lens
Location - Brenton State Park, Newport RI.
Photo Courtesy - Ankita Ghosh Banerjee



Photo Courtesy - Ankita Ghosh Banerjee

রাইট টার্ন

~ সৌদিপ সেনগুপ্ত

কম্পানির ভাড়া করা Toyota Innova r পেছনের সিটে শরীর টা এলিয়ে দিয়ে, যখন ছোটা সিমলা ছেড়ে হিন্দুস্তান-টিবেট হাইওয়ে ধরলাম, তখন বাজে দুপুর দেড়টা। Lunch করেই বেরিয়েছি, তাই পরবর্তী গন্তব্য, রামপুরের আগে আর দাঁড়ানোর কোনো পরিকল্পনা নেই। গাড়ির চালক, রাজেন্দ্র মিশ্রা ওরফে মিশ্রাজি অতি সাবধানে খাঁড়া পথ অতিক্রম করতে লাগলেন – রাস্তার এক ধারে colonial-era র দেওয়াল আর rhododendron এর ঝোপ পেছনে ফেলে এগিয়ে চললাম আমরা।

আমি আমেরিকায় Boston শহরের থাকি। সাত দিনের জন্য এবারে মাতৃভূমি তে আসা প্রধানত কর্মসূত্রে। আমাদের মার্কিন কোম্পানি, X-SAT, এদেশের BSNL এর সাথে যুক্ত হয়ে এ এলাকার কিছু দূরবর্তী গ্রামে আর কিছু বিচ্ছিন্ন জায়গায় নেটওয়ার্ক লাইন বসানোর কাজ চালু করেছে। আমাকে পাঠানো হয়েছে এ এলাকার নেটওয়ার্ক সাইট ইন্সপেকশনের জন্য। প্রাথমিক রিপোর্ট জমা দেওয়ার দাইত্ব আমার। সাথে আর এক colleague এরও আসার কথা ছিল, কিন্তু শরীরের কারণে তাকে শেষ মুহূর্তে trip cancel করতে হলো। অতএব, এবার প্রথমবার India আসা, স্ত্রী ও কন্যা কে USA তে ছেড়ে রেখেই।

সিমলা থেকে রামপুর, ১৩০ কিলোমিটার, যদিও এ এলাকায় দুরত্বের মান, একটি সংখ্যা মাত্র। এক গুচ্ছ Hairpin-Bend এ ভরা, বিসর্পিল আর সরু এই রাস্তা দিয়ে পাড় হলাম নলদেহরা, কুফরি, আর ক্যানভাস এ আঁকা ছবির মতো একটি গ্রাম, থিয়োগ। কী অপূর্ব সুন্দর জায়গা গুলি - যেন এক পলক চোখ সরালেই কিছু miss হয়ে যায়।

রামপুর পৌঁছতে পৌঁছতে সন্ধে নেমে আসলো। মাঝে মধ্যে একটু ঝিমুনি আসছে, কিন্তু পরমুহূর্তে গাড়ির ঝাঁকুনির চোটে আবার সজাগ হয়ে পড়ছি। একসময় হঠাৎ হাথের ফোন টা বেজে উঠল। ফোনের স্ক্রিন এর দিকে চেয়ে দেখি phone network এর একটা bar দপদপ করছে।

“হ্যালো, বাবা?” - Boston থেকে আমার দশ বছরের মেয়ে, উমা call করেছে।

“হ্যালো! হ্যাঁ রে বল!”

“কেমন আছো তুমি? কাল call করলে না তো?”

“হ্যাঁ রে মা! ঠিক আছি। কাল site এ ছিলাম, ফোনে ভালো নেটওয়ার্ক ছিলো না, তাই আর করা হয়নি।“

“আচ্ছা! মনে আছে তো –তুমি আসার পর, আসছে Spring Break এ কিন্তু এবার Six Flags Amusement Park এ নিয়ে যেতে হবে আমায় - তুমি promise করেছিলে!?”

“হ্যাঁ হ্যাঁ ভুলিনি আমি! একদম হবে – **double Roller Coaster day!** আর শোন, আমরা – ”

পুরো কথা শেষ হতে না হতেই, call টা কেটে গেলো – No signal! অগত্যা, ফোন টা পকেট এ পুরে কালকের ইন্সপেকশনের সমন্ধে চিন্তা করতে লাগলাম।

মাঝে মধ্যে দমকা হাওয়ায়ে গাড়িটা কেঁপে উঠছে। ঘিয়াগি Stretch পার হয়ে রামপুর পৌঁছলাম সন্ধে ৭:৩০য়ে । হালকা বৃষ্টির মধ্যে গাড়ি থেকে নেমে Valley View Lodge এ চেক-ইন করলাম, Room এ হাথ মুখ ধুয়ে, Lodge এর ডাইনিং area তে বসে আমি ও মিশ্রা জি দুটো করে মোটা চাপাটি, পাহাড়ি ডাল, আর আলু পোলদা খেয়ে কাল ভোরের plan টা করে ফেললাম। মিশ্রাজি

কে বললাম যেন সে তাড়াতাড়ি শুয়ে পড়ে কারণ কালকে ভোর ৫:০০ টায় আমদের



Photo courtesy: Tapan Dewanjee

রেকং পেওর দিকে রওনা দিতে হবে। মিশ্রাজি সম্মতি জানিয়ে তার ঘরের উদ্দেশ্যে চলে গেলেন। আমি ঘরে ফিরে বিছানায় শুয়ে, বাইরে কাঠের balcony র ওপর অনবরত বৃষ্টির ফোঁটার শব্দ শুনতে শুনতে কখন যেন ঘুমিয়ে পড়লাম।

ভোর ৪:৩০ তে ঘুম ভাঙলো Alarm এর শব্দে। উঠে, তাড়াতাড়ি তৈরি হয়ে বেরোবো, তার আগেই হঠাৎ দরজায় কে টোকা দিল। দরজা খুলে দেখি মিশ্রা জি।

“স্যার! Bad News!” – বলেই এক নিশ্বাসে মিশ্রা জি বললেন যে গত কাল রাতে নাকি সুংরি Bend এর কাছে কোম্পানির গাড়ির পিছনের চাকার bearing পাথরে লেগে ক্ষত হয়েছে। রাতে আর আঘাতের পরিমাণ যাচাই করা যায়নি, তাই কোন রকম চালিয়ে এই অবধি পৌঁছে গেছি ঠিকই, কিন্তু আজ সকালে তিনি ভালো করে পরীক্ষা করে দেখেন যে চাকার অবস্থা ভালো নয়, আর এর পরের রাস্তা ওই চাকায় চালানো একেবারেই ঠিক হবে না। আমার মনে পড়ল সত্যি কাল রাতে একবার বেশ ভালোই ঝাঁকুনি দিয়ে গাড়ি টা কেঁপে উঠেছিল – যেন জোরে কিছুর সাথে গুতো খেয়েছিল। মিশ্রা জি এও বললেন যে গাড়ি সারাতে কম করে প্রায় ৪-৫ ঘণ্টা তো লাগবেই।

“সে কি! তাহলে এখন উপায়!” জিজ্ঞেস করলাম তাকে। আজকের কাজ timebound, কোন ভাবেই দেরি করা যাবে না।

একটু দ্বিধা করে মিশ্রা জি বললেন: “স্যার ৬ বাজে HRCTC কা রেকং পেও তক বাস হায়! আপ বাস সে চালে যাও!”

আর কোনো উপায় না ভেবে পেয়ে, নিজের মনকে প্রস্তুত করলাম। Lodge এর reception এ বলে একটা গাড়ি জোগাড় করে ২ কিলোমিটার দূর বাস স্টপে এসে

বাসের অপেক্ষায় দাড়ালাম। চারি পাশে তখন ঘন কুয়াশা। এমনিই দেরি, তার অপর এমন খারাপ weather, আর শুনেছি বেশ জটিল রাস্তা। চিন্তা হলো - ঠিক সময় গন্তব্যে পৌঁছতে পারব তো? আজকের কাজ সম্পন্ন হবে তো?

এখন সে সময় এর কথা মনে পড়লে হাসি পায়, আমি চিন্তা করছিলাম বটে, তবে ভুল জিনিসের চিন্তা!

ভোরবেলা রামপুরের জোলো হাওয়ায় বেশ ভালো ঠান্ডা লাগছে। ৫ মিনিটের মধ্যে স্ট্যান্ডের উত্তরদিক থেকে একটি জীর্ণ সাদা ও সবুজ রঙের HRCTC র বাস ক্যাঁচ ক্যাঁচ শব্দে, কালো ধোঁয়া ছাড়তে ছাড়তে এসে দাঁড়াল। স্ট্যান্ডে দাঁড়ানো গুটি কয়েক স্থানীয় বাসিন্দা বাসে উঠে পিছনের দিকে গিয়ে বসলেন। কয়েকজনের সাথে একটা দুটো বড় থলে। আমিও ব্যাকপ্যাক টা এক হাথে ধরে বাসে চড়লাম।

কি মনে হলো, ড্রাইভার seat এর ঠিক পিছনের খালি seat টায় গিয়ে বসলাম। বাসের ভিতরে ডিজেল এর বোটকা গন্ধ আর সামনে কাঁচের ওপর দিকে হিন্দি তে লেখা “mushkil raaste aksar khubsurat manzilo tak le jaate hai”। জানলা গুলো দিয়ে আশপাশটা দেখছি, এমন সময় ড্রাইভার বাসে চড়লেন – এক বয়স্ক পাহাড়ি লোক, লম্বা, শীর্ণকায়, কঠিন চোখ, মাথায় ঊষ্ক খুশকো চুল আর গালে খোঁচা সাদা দাড়ি, পরনে এক অপরিচ্ছন্ন ধূসর রঙের কুর্তা ও পাজামা আর তার ওপরে একটা হিমাচলী শাল। আঁড় চোখে একবার আমার দিকে তাকিয়ে, বসে পড়লেন তার seat এ।

৬:০৫ এ আমরা শুরু করলাম রেকং পেও র দিকে। রেকং পেও, রামপুর থেকে প্রায় ১০০ কিলোমিটার। শুনেছি এই রাস্তায় গাড়ি চালানো বেশ কঠিন। রাস্তার অবস্থা আর আবহাওয়ার ওপর নির্ভর করে এই পথ অতিক্রম করতে লাগে ৪ থেকে ৫ ঘণ্টা।

যাত্রা শুরু হলো হালকা বৃষ্টির মধ্যে। বাস একটু একটু করে পাহাড়ি আঁকাবাঁকা পথ বেয়ে উঠে চলেছে। আশপাশে অকল্পনীয় প্রাকৃতিক সৌন্দর্য – সবুজ উপত্যকা, দূরে বরফে ঢাকা চূড়া, নিচ দিয়ে বয়ে চলা অক্লান্ত সুতলেজ নদীর ধারা। দূরে পাহাড়ের গায়ে ছোট ছোট গ্রাম্য বাড়িগুলির টিনের চাল গুলো চক চক করছে - দেখে মনে হচ্ছে যেন গোটা পাহাড়টা একটা মুক্ত খচিত সবুজ, velvet কাপড়ে মোড়া। মাঝেমধ্যে আশ পাশটা হঠাৎ ঢেকে যাচ্ছে ধুয়ার মতো মেঘে আর পরের মুহূর্তে সে মেঘ সরে গিয়ে পরিষ্কার হয়ে উঠছে – এ যেন কোন এক স্বপ্নপুরীর মধ্যে যাত্রা করছি! অথচ সেই সপ্নপুরিতেই সামনে পেছনে পথের দিকে চোখ গেলেই অনুভূতি হয় এক মাথা ঘোরানো ভয়ের। সরু এব্রো খেব্র রাস্তা, পাশে নেই কোনো গার্ড রেল, না কোনো টার্ন স্পেস, কেবল নিচে অতল খাদ। এ রাস্তায় চালকের একটি ছোট ভুল মানে সর্বনাশ।

প্রথম কয়েকটা বাঁক পার হতেই শরীরের ভেতরটা কিরম যেন করে উঠলো। এর আগে আমার কোনো সময়ই সেরম motion sickness ছিল না, তবে আজ কেন জানিনা এই পথ যেতে বেশ মাথা ঘোরাচ্ছে। আমার সামনে বসে থাকা সহযাত্রী, এক স্থানীয় যুবকের দিকে চোখ যেতে, মনে হলো সে আমার অবস্থা টের পেয়েছে। হাথ দিয়ে ইশারা করে আশ্বস্থ করে বাস চালক এর দিকে দেখিয়ে আমাকে বলল, “Kiranlal ji hai na, koi chinta nahi, aaram se baithiye, prakriti ka maaja lijiye!” আমি তার দিকে অপ্রস্তুত হেসে, নিজেকে একটু সামলে নিয়ে রাস্তার দিকে চোখ রাখলাম।

মোড়ে মোড়ে কিরণলাল তিন বার হর্ন বাজায়ে। প্রতিটি বাঁক নেওয়ার সময় সে যেন বাসটি নিয়ে রাস্তার কিনারা ছাড়িয়ে চলে যায়, মনে হয় চাকা গুলি বাতাসে

ঝুলছে, এই মনে হয়, সব নিয়ে পড়ল নিচে। পরের মুহূর্তেই অবশ্য এক অসম্ভব নিখুঁত বাঁক। এক চমৎকার মোচড়ে বাসটা ফের রাস্তায় ফিরে আসে, যেন কিছুই হয়নি। বাইরে শোনা যায় বাতাসের গর্জন, স্টিয়ারিং wheel এ কিরানলাল এর দৃঢ় হাথ। কয়েকটি বাঁক নেওয়ার সময় তিনি তার পুরো শরীর ঘুরিয়ে সজোরে দু হাথে একদিকে টান মেরে,স্টিয়ারিং ঘোরাচ্ছেন। সামনে বসা সেই যুবক জিজ্ঞেস করায় কিরণলাল বলল, বাস এ পাওয়ার স্টিয়ারিং নেই, তার ফলে প্রতিটি বাঁক শরীরের সমস্ত শক্তি দিয়ে ঘোরাতে হয়। আমি অবাক হয়ে ভাবলাম "এমন রাস্তায় পাওয়ার স্টিয়ারিং ছাড়া বাস চালানো!" - এ তো এক অবিশ্বাস্য ক্ষমতা!

বাসের ভিতরে একটি শিশু মাঝে মাঝে কেঁদে উঠছে, তার মা তাকে শান্ত করার চেষ্টা চালাচ্ছে। এছাড়া বাকি যাত্রীদের দেখে মনে হচ্ছে তারা যেন সবাই দুশ্চিন্তায়, নিঃশব্দে বসে আছেন। এদিকে কিরণলাল নির্লিপ্ত, অটল - হাত শক্ত, চোখ রাস্তায়, তার মন যেন বাতাসের ভাষা পড়ে নিতে পারে।

বাস জেওরই ছাড়িয়ে তাপরির দিকে এগিয়ে চলল - আরও খাড়া পথে উঠতে লাগল। এখানে অনেক অংশেই রাস্তা এত সরু যে দুটো গাড়ি পাশাপাশি চলতে পারবে না। একে তো রাস্তা সরু, তার উপর আবার বড় বড় গর্ত – বাসের দুলুনির চোটে কেবলই মনে হয় এই বুঝি বাসটি গড়িয়ে গেলো নিচে, আর নয় তো আমিই না ছিটকে পড়ি জানলার বাইরে। বাঁ দিকে গিরিখাত আর নিচে সুতোর মতো বইছে বসপা নদী। ডানদিকে বৃষ্টি ভেজা পাথুরে দেওয়াল। হঠাৎ কিরণলাল এর ওয়াকি-টকি বেজে উঠল। স্থানীয় ভাষায় কিছু কথোপকথন হলো। জানা গেলো, সামনে কারছারাম ড্যাম এর কাছে পাহাড়ি রাস্তার কিছু অংশ ভেঙে পড়েছে আগের রাতে। তা ছাড়া রাস্তার অন্য কিছু অংশেও সামান্য ধস নামার রিপোর্ট আছে। ট্রাফিক বন্ধ করা হয়নি তবে সতর্কতা জারি করা হয়েছে যেন চালকরা অত্যন্ত সাবধানে গাড়ি চালায়। এই খবরটা শুনে মনে হলো বাস থেকে এখনই নেমে পড়ি। আর কোম্পানির কাজ সম্পন্ন করার চিন্তা হয় না। গোটা রাস্তাটা অক্ষত অবস্থায় অতিক্রম করতে পারব কিনা – সেই চিন্তাই এখন মাথায় জাঁকিয়ে বসেছে। পাহাড়ি রাস্তায় এই চড়াই – উৎরাই পার হতে হতে মনে পড়ছিল উমাকে করা double roller coaster day promise টার কথা। মনে হলো এই রাস্তার রোলার কোস্টার যেন আরও কত ভয়াবহ, আরও কত রোমাঞ্চকর, আরও কত অজানা।

কিন্নাউর এর কাছে রাস্তা এতই সরু, আর এ জায়গায় এমনই ধস নেমেছে, কেবল ভয় হচ্ছে এই না বুঝি আমরা কোথাও আটকে পড়ি। অনেক সময়ই মনে যে আশঙ্কা দানা বাঁধে, নিয়তি ঠিক সেটাকেই বাস্তব করে তোলে। একটা সরু বাঁকে এসে কিরণলাল বাস দাঁড় করিয়ে দিলেন। অন্যদিক থেকে, মুখোমুখি এসে পড়েছে এক পাথর বোঝাই করা ট্রাক। বাসের বাঁদিকে অর্থাৎ ট্রাকের সামনে রাস্তা নেই, পাশে শুধু আছে পাথুরে দেওয়াল, আর সে দেওয়াল ঘেঁষে রাস্তার ধার জুড়ে ধসে পড়েছে বেশ কিছুটা জায়গায়। এজায়গায় বাস এর দরজা খুলবে না। যাত্রীরা যে নেমে এই সামনের বাঁকটা হেঁটে পার হবে তা সম্ভব নয়। এদিকে সামনে দাঁড়ানো এই ট্রাকটা, আর কিরণলাল এর বাস যদি আজ একই সাথে এই বাঁকটি পার হতে যায়, তাহলে নির্ঘাত এক জনের এটিই জীবনের শেষ বাঁক হবে। পাহাড়ি রাস্তায় যে ওপরে উঠছে তার right of the way। এক্ষেত্রে, কিরণলাল এর আগে যাওয়ার কথা। জানলা দিয়ে মাথাটা বার করে দিয়ে চিৎকার করে স্থানীয় ভাষায় ট্রাক ড্রাইভার এর উদ্দেশে কী একটা বলে গেলেন। ট্রাক আপাতত নিজের জায়গায় দাঁড়িয়ে রইল, তার ড্রাইভার দেখি জানলা দিয়ে হাথ বাড়িয়ে কিরণলাল কে যাওয়ার ইশারা করছেন। কিরণলাল এর বাস খাদের দিকে,

তিনি চোখ তুলে রাস্তাটা মেপে নিলেন। বললেন – বাঁকের উচ্চতা এতটাই যে তাকে আগে বাস নিয়ে পিছনে যেতে হবে কিছুটা, তবেই গতি নিয়ে উঠে সামনে ট্রাকটার পাশ দিয়ে বেরোতে পারবে। বলা মাত্রই বাসটিকে রিভার্স গিয়ার এ দিয়ে পেছতে লাগলেন। এমন সরু পাহাড়ি রাস্তায়, রিভার্স গিয়ার এও যে কেউ এত নিখুঁত চালাতে পারে, তা এর আগে কল্পনা করিনি। ডানদিকে জানলা দিয়ে কিছু সময় মাথা বার করে আর বাকি সময় বাঁদিকের mirror এ চোখ রেখে, কিরণলাল ১০০ ফিট মতো পিছলো। তারপরেই 1st gear করে, পাশে বসা তার সহকারীকে বাঁদিকের মিরর টিকে গুটিয়ে দিতে বললেন আর তা হওয়া মাত্র বাসের গতি বাড়িয়ে এগুলেন। সেই সরু বাঁকের কাছে এসে, ডানদিকে অর্থাৎ যেদিকে খাঁদ, সেদিকে বাসটিকে বেঁকিয়ে কিরণলাল আসতে আসতে এগোতে লাগলেন। আমি দেখলাম আর সামনে কোন রাস্তা নেই শুধু আছে শূন্যতা! দেখা যাচ্ছে ভেসে চলা কিছু মেঘ - যেন এ মুহূর্তে পৃথিবীর শেষ প্রান্তে এসে পড়েছি। আর একটু এগুলোই সব শেষ। নিচের দিকে তাকানোর আমার বিন্দু মাত্র সাহস নেই। বাঁদিকে আঁধ ফুটের কম দূরত্বে সেই মাল বোঝাই ট্রাক। একটু একটু করে ক্যাঁচ ক্যাঁচ শব্দে বাসটি এগুচ্ছে। বাসের ভিতরে পরিবেশ থমথমে – সকলে নির্বাক, অনেকের চোখ বন্ধ, কেউ কেউ যেন প্রার্থনায় ব্যস্ত। মাঝে মধ্যে wiper টা আওয়াজ করে কাঁচের ওপর বৃষ্টির জমা জলা মুছে দিচ্ছে। খাদ এর দিকে অনেকটা এগিয়ে গেছে বাসের সামনের চাকা, এই বার বোধ করি কিরণলাল স্টিয়ারিং হুইল রাস্তার দিকে ঘোরাবে.... - না! সে আরও এগিয়ে চলেছে খাঁদের দিকে - এক ইঞ্চি, দু ইঞ্চি .. । দুশ্চিন্তায় আমার শরীর শিউরে উঠল – লোকটা করছে টা কী! হঠাৎ জোরে ঝাঁকুনি দিয়ে বাসের সামনের ডানদিকটা ঝুঁকে পড়ল – মনে হলো নিচ থেকে শক্ত মাটি সরে গেছে, আর আমরা সবাই যেন শূন্যে ভেসে আছি। সিট্ থেকে উঠে দাঁড়িয়ে পড়লাম – আর বসা যায় না। পিছনে তাকিয়ে দেখি আমার মতো অনেকেই উৎকণ্ঠায় দাঁড়িয়ে পড়েছেন। আমার সারা শরীর ঘামছে। কিরণলাল অবিচলিত, - হাথের ইশারায় সবাইকে বসতে বললেন, আর সেই মতো তার সহকারী পিছনে ফিরে বললেন যে উঠে দাঁড়ালে বাস এর দুলুনি বাড়বে আর তাতে নিয়ন্ত্রণ করা আরও কঠিন হবে। প্রাণের ভয় সকলে যে যার সিটে গিয়ে বসলাম। কিরণলাল আরও সামান্য এগিয়ে গিয়ে, বাঁদিকে ঘোরার প্রস্তুতি নিলেন। ভালোই বুঝতে পারছি এই মুহূর্তে বাস টা একটা চাকার সমর্থন ছাড়াই দাঁড়িয়ে আছে। জানলা দিয়ে শরীরের অর্ধেক বার করে দিয়ে কিরণলাল একবার বাসের নীচের রাস্তা টা দেখে নিলেন, তারপর জায়গায় ফিরে, ক্লাচ থেকে পা সরিয়ে সজোরে স্টিয়ারিং হুইল ঘোরালেন। সামনের একটি মাত্র চাকার ওপর ভর করে বাসের মুখ ঘুরল রাস্তার দিকে। ভাষমান চাকাটা আসতে আসতে রাস্তায় উঠে আসল। একটু একটু করে ট্রাকটাকে পাশ কাটিয়ে, বাসটা খাদ থেকে দূরে সরে রাস্তায় উঠল। এক পলকে যেন বাসের ভেতরের ভারী আবহাওয়া হালকা হলো। সকলে স্বস্তির নিশ্বাস ফেললেন। যাত্রীরা সবাই যেন ক্ষণিকে হারিয়ে যাওয়া প্রাণ ফিরে পেলেন।

আরও কিছুটা পথ চলে, কিরণলাল বাসটা একটা ছোট চায়ের দোকানে এনে দাঁড় করালেন। মাটির ভাঁড়ে এই গরম চা, চা তো নয়, যেন অমৃত! কিরণলাল মাঝখানে একটা বাঁশের খাটিয়ায় বসে, আর তাঁকে ঘিরে বাসের যাত্রীরা তার দক্ষতার বাহবা দিতে লাগলেন। এরাস্তায় তিনিই যে messiah। সহকারী মশাই কিরণলাল এর বাস চালানোর নিপুণতার ও এ রাস্তায় তার চলার অভিজ্ঞতার টুকি টাকি গল্প বলতে বসলেন। চা খাওয়া হলে, আমিও এক ফাঁকে কিরণলাল এর কাছে এগিয়ে গিয়ে কুর্নিশ জানালাম, তিনি হাথ জোড় করে হাসলেন। কুড়ি মিনিট বাদে আমাদের শেষ প্রান্তের যাত্রা শুরু হলো।


বাকি রাস্তা টা কিরণলাল নিখুঁত ভাবে অতিক্রম করলেন। চোখে তার অদ্ভুত স্থিরতা, মুখে এক প্রশান্ত আত্মবিশ্বাসের ছাপ। একটা লোকের অসামান্য সাহসিকতা, অতুলনীয় দক্ষতা আর নির্ভুল মনোসংযোগের ওপর প্রতিদিন কতগুলি প্রাণ নির্ভর করে, তা ভাবা যায় না।

কয়েক হাজার ফুট উঁচুতে এমন দুর্গম পাহাড়ি পথ বেয়ে যখন অবশেষে রেকং পেও পৌঁছলাম, তখন আশপাশ টা দেখে মনে হলো স্বর্গের দরজায় এসে দাঁড়িয়েছি। সামনে দাঁড়িয়ে আছে আকাশচুম্বী কিন্নাউর কৈলাশ শৃঙ্গমলা, নীরব কিন্তু অটল। তাজা হাওয়ায় ভেসে আসছে পাইন ও আপেল বাগানের মিশ্রিত সুগন্ধ, আর মাঝে মধ্যে ভেসে আসছে দূরের কোন জলস্রোতের কলরব। হঠাৎ খেয়াল হলো এই যে আমি আজ সকালেও কেবল ইনস্পেকশনের কথা নিয়ে ভাবছিলাম, অথচ গন্তব্যে পৌঁছে আর সে কাজের কথা মনেই হচ্ছে না। এর কারণ কী! এই অসামান্য প্রাকৃতিক সৌন্দর্য্য তেই কি মন মেতে আছে? নাকি সে মগ্ন হয়ে আছে জীবনের ক্ষুদ্র জিনিস গুলির সঠিক মূল্য দিতে শেখার উপলব্ধি তে ? মনে পড়ল সেই ভয়ঙ্কর বাঁক, কিরণলাল এর অনবদ্য বাস চালনা, আর সেই বাসের কাচের ওপর লেখা লাইন টা : “mushkil raaste aksar khubsurat manzilo tak le jaate hai!” ---“Difficult roads often lead to beautiful destinations!”

~



Photo courtesy: Tapan Dewanjee





~ Artworks by Adwitiya Mandal

আমার শৈশব

~ অরূপ মজুমদার

শিউলি ফুলের গন্ধ মেখে আসত নতুন ভোর,
সোনা রোদের আলতো ছোঁয়ায় ভাঙত ঘুমের ঘোর।
ঘুম জড়ানো চোখে আমি দেখতাম ভোরের মুখ,
শিশির ভেজা মাটির গন্ধে ভরে উঠত বুক।
কাঁচা মাটির রাস্তা বেয়ে আলতো পায়ে হাঁটা,
যেন কোনো রূপকথার দেশের পথের ছবি আঁকা।

এরপর মায়ের রাজ্য, সে এক উষ্ণ রান্নাঘর,
স্নেহ দিয়ে গড়া নাস্তা, জুড়াতো অন্তর।
কিন্তু সুখের পরেই ছিল বিদ্যের আসর,
বাবার গম্ভীর কণ্ঠস্বরে কাঁপত এ অন্তর।
বইয়ের পাতায় চোখ ছিল না, মনটা ছিল খোলা,
কখন হবে খেলার মাঠে বন্ধুদেরই মেলা!
হাজার রকম বাহানা করে, পড়া সাঙ্গ হলে,
ছুট লাগাতাম বন্ধু-পানে, খোলা মাঠের কোলে।

দুপুর মানেই টলটলে জল, আমাদের সেই পুকুর,
আম গাছটা নুইয়ে আছে, বন্ধু সে ভরদুপুর।
ডালটা ধরে এক লাফেতে ভাঙতাম জলের ঘুম,
চারিদিকে ছড়িয়ে যেত আনন্দের এক ধুম।
সাঁতার কেটে এপার-ওপার, ক্লান্তি যেত ভুলে,
ছোট্ট হাতে মাছ ধরার কী চেষ্টা দুই কূলে!
মাছ পালাত, বঁড়শি থাকত শূন্য, তবু হাসি,
বলতাম সবে, "কালকে তোকে ধরব ভালোবাসি!"

হঠাৎ মায়ের তীব্র বকুনি, "ঘরে আয় এখুনি!"
দৌড়ে পালাতাম, তবু ধরা পড়তাম আমি তখনি।
জোর করে স্নান, সাবান ঘষা, মায়ের সে কী তাড়া!
তারপর ভাতঘুমে যেতাম হয়ে আত্মহারা।
কিন্তু সে ঘুম ছিল ছলনা, চোখটা বুজে থাকা,
বিকেলবেলার খেলার তরে নতুন ফন্দি আঁকা।

চোখ মেলতেই গোধূলি আলো, আকাশ লালে লাল,
গোল্লাছুট আর কানামাছিতে উড়ত ধুলোর জাল।
সারা গায়ে কাদা-মাটি, জামায় ঘামের দাগ,
খেলা শেষে ঘরে ফেরা, মনে দারুণ ফারাক।
সাঁঝের বেলায় বাড়ি ফিরলে বাবার অগ্নি-দৃষ্টি,
তার শাসনেও মিশে থাকত আদরেরই বৃষ্টি।
আবার বই, আবার পড়া, চোখ ঢুলুঢুলু,

রাতের খাওয়া সারা হতো করে হুলুস্থুলু।

তারপর আর হুঁশ থাকত না, রাজ্যের যত ক্লান্তি,
স্বপ্নের দেশে দিত পাড়ি, এনে দিত শান্তি।
প্রতিটি দিন ছিল এমন এক গল্পেরই পাতা,
রঙে-রসে-আনন্দে ভরা, অক্ষরে অক্ষরে গাঁথা।
আহা, কী সব দিন ছিল! আজ ভাবি একা বসে,
আমার শৈশব আজও বাঁচে স্মৃতির ক্যানভাসে।

****



~ Artwork by Shovana Ghosh

অ্যামাজন: অরণ্যের অন্তরালে

~ সুদীপ দাশ

"I want to see my mom. I want to see Las Vegas."—বলে উঠতেই চোখের সামনে ভেসে উঠল মায়ের হাসিমাখা মুখ। আমার ডান হাতে ধরা ছোট্ট বেবির আঙুল, বাম পাশে স্ত্রী। আর আমরা দাঁড়িয়ে আছি লাস ভেগাসের আলো ঝলমলে রাস্তায়। Ayahuasca. আসছি সেই গল্পে।

সালটা ২০১৫।
আর জায়গাটা—অ্যামাজন।

তখন "Amazon" মানে ছিল গভীর সবুজে ঢাকা জঙ্গল, উঁচু গাছের ছায়া, আর রহস্যে মোড়া উপজাতি। ছিল না আজকের মতো অনলাইন শপিং, প্যাকেজ ডেলিভারি বা প্রাইম মেম্বারশিপের সুবিধা। সেই সময়েই শুরু হয় আমার এক গল্প—যেখানে ছিল রোমাঞ্চ, ভয়, আর হারিয়ে যাওয়া পথের সন্ধান।

ভারত থেকে মেধাবী ইঞ্জিনিয়ারের ট্যাগ নিয়ে পাড়ি জমালাম সুদূর কলম্বিয়া। দেশটা তখন ধীরে ধীরে উঠে দাঁড়াচ্ছে বহু বছরের ড্রাগ আর কোকেইনের অভিশাপ থেকে। কর্পোরেট চাকরির সঙ্গে মানিয়ে নিতে শিখছিলাম একেবারে নতুন কালচার আর নতুন ভাষা—স্প্যানিশ।



বয়স তখন মাত্র ২৫। শেখার ইচ্ছে আর ঘোরাঘুরির নেশা আমাকে প্রায়ই টেনে নিয়ে যেত কলম্বিয়ার অচেনা জায়গায়। ভাঙা ভাঙা স্প্যানিশে স্থানীয়দের সঙ্গে কথা বলার চেষ্টা করতাম। মাঝে মাঝে ভিতরে লুকিয়ে থাকা অ্যাডভেঞ্চারের পোকা জেগে উঠত—ফলে নেমে পড়েছিলাম রিভার র‍্যাফটিং, বাঞ্জি জাম্পিংয়ের মতো অ্যাড্রেনালিন বাড়ানো খেলায়।

ছোটবেলা থেকেই অ্যামাজন জঙ্গলের গল্প শুনেছি। মনে হলো—এবার এটাকেই আমার অ্যাডভেঞ্চার লিস্টে ঢুকিয়ে দিই। কিছু ডলার ভেঙে বুক করলাম অ্যামাজনের পথে একাকি যাত্রা।

গন্তব্য—El Dorado।

কলম্বিয়ার রাজধানী বোগোতো থেকে বিমানে পেরুর রাজধানী লিমা। পৌঁছালাম দুপুর ৩ টেয়। এয়ারপোর্ট থেকে বেরিয়ে লিমা শহরের হালকা হাওয়া খেয়ে আশ্রয় নিলাম এক ছোট্ট হোস্টেলে। ভোর ৫টায় ফ্লাইট ধরে যেতে হবে ইকুইতোস। নতুন বিছানায় ভালো ঘুম হলো না। আধো ঘুম চোখে ফ্লাইটেই ঘুমিয়ে পড়লাম। চোখ খুলতেই নিচের দিকে তাকিয়ে দেখি, জঙ্গলের বুক চিরে সাপের মতো এঁকেবেঁকে চলে গেছে সেই নামকরা নদী— অ্যামাজন। এবার ছবিটা পুরো মিলে গেল ইন্টারনেটে দেখা ছবির সঙ্গে।

এয়ারপোর্ট থেকে বেরিয়ে স্থানীয়

ট্যুর অপারেটরের কাছ থেকে ট্যুর বুক করে রওনা দিলাম অ্যামাজনের গভীর জঙ্গলের পথে। ও আচ্ছা, পথ নয়– জলপথ। ছোট নৌকোয় কিছু খাবার আর জল ভরে নৌকা ছুটে চলল। এত চওড়া নদী আগে ভাবিনি। এদিক-ওদিক কিছুই দেখা যাচ্ছিল না। নাসিমিয়েন্তো দেল রিও অ্যামাজোনাসে এসে মিশল ঘোলা জলের অ্যামাজন নদী আর ঘন নীল জলের রিও নেগ্রো। মনে পড়ে গেল মায়াপুর ও নবদ্বীপের সেই দুই নদীর মিলনস্থল।

প্রায় ৫ ঘণ্টার নৌবিহারের পর পৌঁছে গেলাম এক জঙ্গলের ছোট্ট রিসর্টে। একে মালদ্বীপের ওয়াটার ভিলা বললেও চলে, তবে বিলাসবিহীন এই ওয়াটার ভিলার নিচ দিয়ে বয়ে চলেছে অ্যামাজন নদী, মাঝে কাঠের পাটাতন আর মাথার ওপর বিশাল বিশাল গাছের ছাউনি। পাখির কলরবে অ্যামাজন আমাকে ভীষণভাবে স্বাগত জানাল।



এদিকে সেই রাত থেকে কিছুই খাওয়া হয়নি। দুপুরের খাবারটা অ্যামাজনের বোকাচিকো মাছের কারি দিয়ে সারলাম। তারপর হ্যামকে একটু বিশ্রাম নিতে নিতে চোখ লেগে এলো। পাশে থেকে আওয়াজ এলো– "In Amazon, you don't find the jungle. The jungle finds you."

আমার গাইডের ভাঙা ভাঙা ইংরেজি শুনে ঘুম ভাঙল। আমি তো ইংরেজি গাইড চেয়েছিলাম। কিন্তু পেলাম বেঞ্জামিনকে, যে ইংরেজিতে শুধু Bird আর Snake বলতে পারে।

বুঝলাম এবার ছোট্ট নৌকা নিয়েই শুরু হবে আমাদের জঙ্গলযাত্রা। এখন যেগুলোকে আমরা কায়াক বলি, অ্যামাজনে হাতে তৈরি কাঠের সেই ছোট নৌকা নিয়ে চললাম জঙ্গলের ভেতর। আলাদা এক অনুভূতি। ডিসকভারি চ্যানেলে দেখতাম, আর আজ দেখলাম গাছের ছাউনিতে ছোট ছোট অ্যামাজন বানরের দল দুলে দুলে এগিয়ে চলেছে।



নিচের জলে ছোট মাছ ধরার জাল পাতা, যেগুলোকে আমরা গ্রামে ফাঁসজাল বলি। হয়ে গেলাম এক অদ্ভুত ঘটনার সাক্ষী। বেঞ্জামিন একটা জাল তুলতেই গা শিউরে উঠল। জালে আটকানো মাছগুলোর কারও মাথা কাটা, কারও লেজ কাটা। এ কী! বেঞ্জামিনের থেকে জানলাম এগুলো নাকি পিরানহার শিকার। অ্যামাজনের নির্মম বাস্তবতার সাক্ষী হলাম প্রথমবারের মতো।

এরপর ফিরে এলাম রিসর্টে। সন্ধ্যা ৭টা বাজতেই অন্ধকার নেমে এলো পুরো জঙ্গলে। হালকা কিছু খেয়ে সারাদিনের ক্লান্তি নিয়ে ঘুমিয়ে পড়লাম।

সকাল ৬টায় ঘুম ভাঙল পাখির কলরবে। সূর্যের আলো তখনও জঙ্গলের গাছের পাতা ভেদ করে মাটিতে নামতে

পারেনি। ও হ্যাঁ, বলা হয়নি—রিসোর্টের রুমের জানালার মানেই হলো মশারির জাল। সেই জালের ফাঁক দিয়ে বাইরের দিকে তাকাতে তাকাতে বিছানাতেই কেটে গেল আরও দু'ঘণ্টা।

আজকের গন্তব্য—অ্যামাজনের পিঙ্ক ডলফিন আর রাতে জঙ্গলে ক্যাম্পিং।

অ্যামাজনের অ্যানাকোন্ডা আর পিরানহার গল্প তো ছোটবেলা থেকেই শুনেছি, কিন্তু পিঙ্ক ডলফিন—কখনো শুনিনি।



সকাল ১০টা নাগাদ বেরিয়ে পড়লাম নৌকা নিয়ে—আমি, বেঞ্জামিন আর ইউরোপ থেকে আসা দুই দম্পতি। আজ সকালেই ওরা রিসোর্টে পৌঁছেছিল। বেশ কিছুক্ষণ যাওয়ার পর হঠাৎ দেখা গেল, ওড়িশার চিলকার মতোই পানির উপর ডলফিনের পিঠ ভেসে উঠছে। কিন্তু এরা কালো নয়—সত্যিই গোলাপি। বেবি পিঙ্ক ডলফিন! আমরা প্রায় ৮-১০টা একসাথে দেখতে পেলাম।

শোনা গেল দুই নদীর সংযোগস্থল নাকি সাঁতারের জন্য নিরাপদ। কথাটা শোনার সাথে সাথেই আমি ঝাঁপ দিলাম অ্যামাজন নদীতে। বয়স তখন ২৫, তাই টগবগে তারুণ্যের কারণে পিরানহা কিংবা অ্যানাকোন্ডার ভয়টাকে মনেই আসতে দিলাম না। হয়তো আজকে সেই দুঃসাহস দেখানোর সুযোগটা আর পাব না। কিছুক্ষণ ভেসে থেকে, ডাইভ মেরে আবার খুঁজে পেলাম নিজের ভেতরে শৈশবের দাপুটে ছোট্ট সুদীপকে।

কিছু সময় কাটিয়ে ফিরলাম রিসোর্টে। কারণ বিকেল গড়ালে বেরোতে হবে জঙ্গল ক্যাম্পিং-এর উদ্দেশ্যে।

আমরা—আমি আর বেঞ্জামিন, সাথে ছোট্ট নৌকা, টর্চ, মশারি, দুটো তলোয়ার, ডিম আর সেদ্ধ কলা। সেই ছোট্ট কাঠের কায়াকই আমাদের বাহন। এবার যাত্রা আরও গভীরে।

রেইনফরেস্টের বেশিরভাগ সময়ই চারপাশ জলমগ্ন থাকে। তাই শুকনো উঁচু জায়গার খোঁজে আমাদের প্রায় ২ ঘণ্টা জঙ্গলের গভীরে এগোতে হলো। জায়গা পেতেই আমি আর বেঞ্জামিন শুরু করে দিলাম আমাদের জঙ্গল টেন্ট বানানোর প্রচেষ্টা। গাছের পাতা কেটে মাটিতে বিছিয়ে দিলাম, আর বিশাল গাছের ঝুরি হলো মশারির দড়ি।

সন্ধ্যা নামতেই অদ্ভুত নিস্তব্ধতা আর অন্ধকার চারদিক গ্রাস করে নিল। কলকাতায় বড় হওয়া এক ছেলের কাছে এ ছিল একেবারে নতুন অভিজ্ঞতা—সাথে অ্যামাজনের অ্যানাকোন্ডা আর ব্ল্যাক প্যান্থার-এর ভয়। একমাত্র ভরসা টর্চ আর ভোঁতা তলোয়ার।

সন্ধ্যা ৭টার দিকে ডিম আর সেদ্ধ কলা খেয়ে আমরা নৌকা নিয়ে বেরিয়ে পড়লাম রাতের অ্যামাজন দেখতে। গাছের ডালে ঘুমিয়ে থাকা পাখি, কচুরিপানার আড়াল থেকে ছোট মুখওয়ালা অ্যালিগেটরের উঁকি, আর বিষাক্ত টারান্টুলা—যার দর্শন আমি সেই রাতেই

প্রথম টের পেয়েছিলাম। আজ যে সবুজ, হলুদ বিষাক্ত ব্যাঙগুলো আমরা বস্টন বা ব্যাংককের একোয়ারিয়ামে দেখেছি, তা কিন্তু আমাকে সেই রাতে বেনজামিন চিনিয়ে দিয়েছিল।



এসব অভিজ্ঞতা সঞ্চয় করেই আমরা ফিরলাম আমাদের বানানো ক্যাম্প-এ। মশারির ভেতরে ঢুকতেই ভয় আমাকে গ্রাস করতে লাগল। মনে হচ্ছিল—২৫ বছরের তারুণ্য হেরে যাচ্ছে অ্যামাজনের সেই অন্ধকার রাতে।

চোখ বন্ধ করলেই মনে হচ্ছিল পাশেই দাঁড়িয়ে আছে ব্ল্যাক প্যান্থার আর চারপাশের ঝুরিগুলো যেন সিনেমার অ্যানাকোন্ডার মতো নড়ে উঠছে। টর্চ জ্বালিয়ে বেঞ্জামিনকে ডাকতে গিয়ে দেখি—দিনভরের ক্লান্তি ওকে ঘুম পাড়িয়ে দিয়েছে। তলোয়ারটা শক্ত করে চেপে ধরলাম। টর্চলাইট জ্বালিয়ে কিছুক্ষণ মনকে শান্ত করার চেষ্টা করলাম। আমিও তখন ক্লান্ত। শরীর মন দুটোই অবশেষে ঘুমের কাছে হার মানল।

আর ঘুম ভাঙল— সেই রাতে ঘুমন্ত পাখির আওয়াজেই। ফিরে এলাম আমাদের সেই ওয়াটার ভিলায়। আজ আরও অনেক কিছু অপেক্ষা করছে।

জঙ্গলে আগের রাতে অ্যানাকোন্ডার দেখা পাইনি। অ্যামাজনে এসে যদি অ্যানাকোন্ডা নাই দেখি, তবে সেটা তো অসম্পূর্ণই থেকে যাবে। বেঞ্জামিন বলল, চিন্তা কোরো না—সে আমাকে অ্যানাকোন্ডা দেখাবেই।

সকালে বেরিয়ে পড়লাম একটা ছোট্ট গ্রামীণ চিড়িয়াখানার উদ্দেশ্যে। সেখানে গিয়ে দেখলাম—অ্যামাজনের স্লথ, অ্যানাকোন্ডা আর আরও অনেক প্রাণী, যেগুলো হয়তো আর কোথাও দেখা যাবে না।

আবার সেই বয়সের দোষ— অ্যানাকোন্ডার সঙ্গে একটা ছবি তোলার ইচ্ছে হলো। যেমন ভাবা, তেমন কাজ। গলায় নিয়ে ছবি তুলতে তুলতে, হঠাৎ অ্যানাকোন্ডা তার লেজ দিয়ে আমার গলা পেঁচিয়ে ধরল। তখনও বুঝিনি, কিন্তু কিছুক্ষণের মধ্যেই প্রচণ্ড চাপ দিতে শুরু করল। সত্যি বলতে কি, আমার হাতের শিরাগুলো যেন ফুলে উঠেছিল অ্যানাকোন্ডার চাপে। হাত দিয়ে ওকে সরাতে গিয়েও প্রায় হাঁসফাঁস করার অবস্থা হয়েছিল।

এতো সাপ থাকতে অ্যানাকোন্ডা নিয়েই কেনো সিনেমা বানানো হয়—সেদিন সেটা হাড়ে হাড়ে টের পেয়েছিলাম। শেষমেশ কোনওমতে ছাড়ালাম।

তারপর বেঞ্জামিনের সঙ্গে গেলাম একটা গ্রামে। সেখানে স্কুল, হাসপাতাল আর খেলার মাঠ দেখলাম। চেষ্টা করলাম গ্রামের কিছু মানুষের সঙ্গে কথা বলতে। তাদের দৈনন্দিন জীবনযাত্রা আর কাহিনি জানলাম।

তারপর ফিরে এলাম আবার রিসোর্টে। এবার একটু বিশ্রাম। সেই হ্যামকে শরীর দোলালাম। সন্ধ্যা হলো।

শুরু হলো সেই Ayahuasca-র অভিজ্ঞতা।



একটু বলে নিই—আমার অফিসের সহকর্মীরা কিন্তু আমাকে এই কাজটা করতে মানা করেছিল। কারণ এটা নাকি বেশি নিলে মর্মান্তিক হতে পারে। এই পানীয়টা তৈরি হয় দুই রকম গাছ থেকে—একটা হলো Ayahuasca vine (Banisteriopsis caapi) আর অন্যটা Chacruna (Psychotria viridis)। ১০০ লিটার জলের সঙ্গে এই দুটো মিশিয়ে বিশেষ প্রক্রিয়ায় তৈরি হয় মাত্র আট লিটার পানীয়। এটা আসলে দু'ঘন্টার একটা রিচুয়াল।

জঙ্গল থেকে তিনজন ট্রাইবাল এলেন আমাদের রিসোর্টে। আমি আর ইউরোপের সেই দুই দম্পতি মিলে বসলাম এক ঘরে।

আমাদের হিন্দুদের পুজোর মতো প্রথম আধঘণ্টা ধরে তারা মন্ত্রপাঠ করলেন। তারপর জঙ্গল টোব্যাকো দিয়ে বানানো



মোটা মোটা সিগার জ্বালিয়ে তার ধোঁয়া ছোট গ্লাসে ভরে দিতে লাগলেন। এরপর সেই গ্লাসে পরিবেশন করা হলো সেই পানীয়। খুব বেশি হলে ১০ মিলিলিটার মতো। আমরা এক চুমুকে গিলে নিলাম। কিছুই হচ্ছে না মনে হলো। পাশে বসা ইউরোপিয়ানদের সাথেও হাসি-ঠাট্টা চলল। আলোচনা হচ্ছিল আমাদের ক্ষমতা নিয়ে। এরপর তারা আলো নিভিয়ে দিলেন। হাতে তালপাতার মতন কিছু একটা দিয়ে বানানো বাদ্যযন্ত্র, আর তার থেকে বেরোতে লাগল অদ্ভুত সুর। সাথে তাদের দেবতার উদ্দেশ্যে প্রার্থনা আর গান। এক মুহূর্তের মধ্যে পরিবেশ বদলে গেল।

শুনেছিলাম—এই সময়ে যা চাইব, তাই নাকি চোখের সামনে ভেসে উঠবে। প্রথমেই মা-কে দেখতে চাইলাম। চোখের সামনে ভেসে উঠল মায়ের হাসিমাখা মুখ। তারপর মনে হলো লাস ভেগাসটা ঘুরে নিই।

মনে মনে বললাম—"I want to see Las Vegas". বলতেই সিনেমায় দেখা আলোকোজ্জ্বল ক্যাসিনোর সামনে, হালকা বৃষ্টির মধ্যে পরিবার নিয়ে দাঁড়িয়ে থাকার দৃশ্য ভেসে উঠল চোখের সামনে। কি হচ্ছে, সেটা বোঝারও মতো অবস্থায় ছিলাম না। সময় বলে কোনও ধারণাই ছিলো না।

হঠাৎ দেখলাম পাশে বসা একজন হাঁটাহাঁটি করছে আর বলতে শুরু করেছে—"I don't want any more Ayahuasca. I don't want any more Ayahuasca." না, এটা কোনও মাতলামি নয়, বিভ্রম-Hallucination. আমরা সকলে এক ঘরের ভেতরেই আছি। এভাবে চলল বেশ কিছুক্ষণ। আমরা ধীরে ধীরে স্বাভাবিক হতে হতে প্রায় মাঝরাত পেরিয়ে গেল।

পরদিন সকালে উঠে আশ্চর্যরকম সতেজ লাগছিল। কোনও অসুবিধা হয়নি। জঙ্গলের শেষ দিনটা উপভোগ করলাম পিরানহা ফিশিং দিয়ে। ও হ্যাঁ—মাছ ধরে বাঙালি বাবু কিন্তু খেতে ভোলেননি। হয়তো এখনও সেই পিরানহার আত্মা আমাকে ক্ষমা করতে পারেনি।

In the backwoods of Nature's soul, I left my wild true heart.



দুগ্গা এলো Rhode Island এ

~ প্রতীক মণ্ডল

২০২৩ সালের মে মাসে কাজের সূত্রে Minnesota থেকে আমার Rhode Island এ আসা| আসার কিছু মাসের মধ্যেই ঘটনাচক্রে পরিচয় হল বেশ কিছু বাঙালি পরিবার এর সাথে| ঢেঁকির স্বর্গে গিয়েও ধান ভানার মতোই বাঙালি যেখানেই যায় দুর্গা পুজোর খোঁজ করে | জেনে অবাক হলাম যে পাশের রাজ্য Massachusetts এ বেশ কয়েকটি দুর্গা পুজো উদযাপিত হলেও Rhode Island এ একটিও দুর্গা পুজো হয়না| প্রাথমিক হতাশা কাটিয়ে উঠতে বেশ কদিন সময় লাগলো | তবে তার কয়েক মাসের মধ্যেই আমরা পাঁচটি বাঙালি পরিবার মিলে গড়ে তুললাম আমাদের বাঙালি সংগঠন 'মৈত্রী' | মৈত্রীর সূচনা ও ভীতপ্রস্তর স্থাপন সম্পর্কিত তথ্য আপনারা পাবেন এই পত্রিকার একেবারে শুরুর দিকে | এই লেখার বিষয়বস্তু কিন্তু ভিন্ন| কিভাবে মৈত্রীর উদ্যোগে প্রথম দুর্গাপ্রতিমা আনা হল Rhode Island এ, এই লেখায় পাবেন তারই অজানা গল্প|

২০২৪ সালের এপ্রিল মাস নাগাদ আমরা মৈত্রীর কর্মসমিতির কর্মীবৃন্দরা আলোচনা করতে থাকি কিভাবে মা দুর্গা এবং তার সন্তানসন্ততিদের Rhode Island এ আনা যায়, এক কথায় বলতে গেলে কিভাবে দুর্গা প্রতিমা এনে দুর্গাপুজো শুরু করা যায়| সুদূর কলকাতার কুমোরটুলি থেকে নতুন মূর্তি গড়িয়ে আকাশপথে বা জলপথে দুর্গাপ্রতিমা আনার ব্যাপারে আলোচনা চলতে থাকে, সাথে সাথে খোঁজ চলতে থাকে আমেরিকার মধ্যেই কোথাও যদি দুর্গা প্রতিমা পাওয়া যায় | দিন কেটে যায়, খোঁজ চলতে থাকে, আশা আশঙ্কার দোলাচলের মধ্যে হঠাৎ একদিন খোঁজ পাওয়া যায় সুদূর Washington DC তে একটি দুর্গা প্রতিমার| মৈত্রীর একনিষ্ঠ কর্মী উৎপল চক্রবর্তী মারফত আমরা জানতে পারি যে Washington DC তে একটি পঞ্চাশ বছরেরও পুরোনো বাঙালি সংগঠন 'সংস্কৃতি Washington DC', নতুন দুর্গাপ্রতিমা আনতে চলেছে কলকাতা থেকে| তাই তাঁরা তাঁদের এখনকার দুর্গাপ্রতিমা দান করতে চান এমন একটি সংগঠনকে, যারা সসম্মানে মাকে বরণ করে নিয়ে গিয়ে পুজোর আয়োজন করবে| মৈত্রীর তরফে উৎপল বাবু যোগাযোগ করেন তাঁরই স্কুল সিনিয়র শুভ ভট্টাচার্য মহাশয়কে| উনি যোগাযোগ করিয়ে দেন তমাল ভট্টাচার্য মহাশয়ের সাথে, যিনি কিনা সংস্কৃতি ডিসি বাঙালি সংগঠনের প্রেসিডেন্ট| বেশ কয়েক দফা আলাপ আলোচনার পর ঠিক হয় আমরা মৈত্রীর কয়েকজন কর্মী Rhode Island থেকে Washington DC যাত্রা করে মাকে নিয়ে আসবো আমাদের রাজ্যে|



নির্ধারিত দিনটি এগিয়ে আসার সাথে সাথেই টেনশন এর পারদ চড়তে থাকে| ঠাকুর আনতে হবে Uhaul এর বড় ট্রাকে, প্রায় আট ঘন্টার দীর্ঘ যাত্রাপথ | আমরা প্রত্যেকেই অনভিজ্ঞ, এতো লম্বা সময় বড় ট্রাক চালানোর অভিজ্ঞতা আমাদের কারোরেই নেই| তাছাড়া আরো নানারকম ভয়, আনতে গিয়ে গাড়ির ঝাঁকুনিতে যদি প্রতিমা ভেঙে যায় বা প্রতিমার কোনো ক্ষতি হয়! এতো লম্বা যাত্রা শেষেও যদি আমরা কাঙ্খিত লক্ষ্যে পৌঁছাতে না পারি! দফায় দফায় মিটিং আর প্ল্যানিং এর শেষে ঠিক হয় যে ঠাকুর আনতে যাবো আমরা ৬ জন| আমি, উৎপল, সৌম্যদীপ, তপন, কৌস্তভ, সৌমেন|

আমরা যাবো সৌমেন এর বড় গাড়ি Honda Pilot এ, ফেরার সময় দুর্গা প্রতিমা নিয়ে ট্রাক চালাবে কৌস্তভ, সাথে আমরা পালা করে পাশে বসে সঙ্গ দেবো কৌস্তভকে|



আমরা যাত্রা শুরু করি May ১৮ তারিখ, শনিবার সকালে ৯টা নাগাদ| রৌদ্রজ্জ্বল সকালে হালকা ব্রেকফাস্ট করে আমরা সবাই জড়ো হই সৌমেন এর বাড়ি, তারপর সেখান থেকে একসাথে দুগ্গা দুগ্গা বলে বেরিয়ে পড়া| যাওয়ার সময় সবার মেজাজ ফুরফুরে, সমস্ত টেনশন



জমা রাখা ফেরার সময়ের জন্য | কয়েক ঘন্টা পরপর ছোট্ট ছোট্ট বিরতি আর গাড়ির স্টেয়ারিং এর হাতবদলের মধ্যে দিয়ে গল্প, আড্ডা, গানে ৮-৯ ঘন্টার যাত্রা কখন যে শেষ হয়ে গেলো টের ও পেলাম না | গন্তব্যে পৌঁছে আমরা প্রথমেই Maryland রাজ্যের Germantown নামে এক ছোট্ট শহরের Uhaul সেন্টার এ গিয়ে কাগজপত্রের কাজ সেরে ট্রাক এর চাবি নিয়ে রাখলাম পরিকল্পনামাফিক, যাতে পরদিন সকাল সকালই ট্রাকে ঠাকুর তোলার কাজ শুরু করে দিতে পারি|

ঘটনাচক্রে সেইদিনই Sanskriti-Washington DC সংগঠনের বাংলা নববর্ষ উদযাপনের উৎসব "বৈশাখী" আয়োজিত হয়েছিল এবং ওখানকার কর্মকর্তারা আমাদের



আন্তরিক নিমন্ত্রণ জানিয়েছিলেন ঐ অনুষ্ঠানে যাওয়ার জন্য| হোটেলে দ্রুত হাতমুখ ধুয়ে আমরা অনুষ্ঠানস্থলে পৌঁছে গেলাম যথাসময়ে| দারুণ একটি সাংস্কৃতিক সন্ধ্যা এবং নৈশভোজের আয়োজনে ও আন্তরিকতায় আমরা যথারীতি মুগ্ধ এবং আপ্লুত | সাংস্কৃতিক অনুষ্ঠানের গান-বাজনা, আবৃত্তি ইত্যাদির মাঝে এক ছোট্ট অবসরে আমাদের, মৈত্রীর প্রতিনিধিদের মঞ্চে ডেকে নেওয়া হল, দর্শকদের সম্মুখে পরিচয় করিয়ে দেওয়া হল| মৈত্রীর তরফ থেকে নিয়ে যাওয়া ফোটোফ্রেমে বাঁধানো স্মারকলিপি আমরা তুলে দিলাম Sanskriti-Washington DC এর কর্মকর্তাদের হাতে| তৈরী হল এক স্মরণীয় মুহূর্ত, একদিকে ৫০ বছরের ও পুরোনো একটি সংগঠন,

অন্যদিকে সদ্য গড়ে ওঠা একটি সংগঠন, হাতে হাত মিলিয়ে যেন বলে উঠলো "বন্ধু, চল"। আবেগঘন একটি মুহূর্তের সাক্ষী হলাম আমরা সবাই।



"অদ্য শেষ রজনী", কালই অগ্নিপরীক্ষা, যাকে বলে নাটকের শেষ দৃশ্য, 'মিশন দুগ্গা দুগ্গা' এর execution time। অনুষ্ঠান থেকে বেরিয়ে এসে বিকেলের শেষ সময়টুকু আমরা কাটালাম হালকা মেজাজে। ৬ জন একদিনের bachelor, একসাথে ঘুরে দেখলো Germantown এর ছোট্ট downtown। শেষে একটি মেক্সিকান রেস্তোরাঁয় ঢুকে সামান্য মেক্সিকান খাদ্য পানীয় সহযোগে আড্ডা সেরে আমরা হোটেলে ফিরলাম।

রাত্রে মোটামুটি সবাই চাপা টেনশন এ কাটিয়ে উঠে পড়লাম সকাল সকাল। আজ ১৯মে, রবিবার। পথে ব্রেকফাস্ট সেরে বেরিয়ে পড়লাম স্টোরেজ এরিয়ার উদ্দেশ্যে যেখানে দুর্গা প্রতিমা রাখা আছে। ট্রাক চালিয়ে নিয়ে গেলো কৌস্তভ, পাশে হেল্পার সৌম্যদীপ। আমরা বাকিরা সৌমেনের গাড়িতে স্টোরেজে পৌছালাম যথাসময়ে। সকাল সকালই সংস্কৃতির কর্মকর্তারাও সবাই এসে গেছেন। ওনাদের কাছে মুহূর্তটি বেদনাদায়ক, মা কে বিদায় জানানোর সময়টা মনখারাপের। শেষবার ঠাকুর বরণ করে ওনারা আমাদের সাহায্য করলেন মা দুগ্গা এবং তাঁর চার ছেলে মেয়েদের মূর্তিগুলি ট্রাকে তুলে মজবুত ভাবে বাধঁতে, যাতে লম্বা রাস্তা গাড়ি চলার ঝাঁকুনিতেও কোনোভাবে বাঁধন খুলে মূর্তিগুলি ক্ষতিগ্রস্ত না হয়। একাজে আমাদের মতন একদল অনভিজ্ঞকে হাতে ধরে শিখিয়ে পড়িয়ে নিলেন সংস্কৃতির এক কর্মকর্তা Rocky, Rocky Balboa-র মতন তিনিও এক্কেবারে এক্সপার্ট! এক ঘন্টার মধ্যেই আমরা কাজ শেষ করে ওঁদের সবাইকে বিদায় জানিয়ে দুগ্গা দুগ্গা বলে বেরিয়ে পড়লাম Rhode Island এর উদ্দেশ্যে। 'মিশন দুগ্গা দুগ্গা'-র একেবারে business end এ এসে পড়েছি আমরা। মনে দৃঢ়প্রতিজ্ঞা, "এই ছোট্ট ছোট্ট পায়ে চলতে চলতে ঠিক পৌঁছে যাবো"।

কাঁধে গুরুদায়িত্ব নিয়ে ট্রাকের সারথি কৌস্তভ, পাশে বসে উৎপল। আমরা বাকি কয়েকজন সৌমেনের গাড়িতে। কথা ছিল ট্রাক আর আমাদের গাড়ি পরপর যাবে এক পথ ধরে। মা দুর্গাকে কনভয় করে নিয়ে যাবো আমরা। কিন্তু কার্যক্ষেত্রে GPS এর দৌলতে আমরা গিয়ে পড়লাম দুটি আলাদা পথে। দুপুর আর বিকেলের নিউইয়র্ক-নিউ জার্সির ভয়ঙ্কর ট্রাফিক এ আটকা পড়ে আমাদের দুটি গাড়ি একে ওপরের থেকে বিচ্ছিন্ন হয়ে গন্তব্যে চললো আলাদা দুটি পথ ধরে, আমরা প্রমাদ গুনলাম। মা দুর্গা ও তাঁর সন্তানসন্তোতিরা ট্রাকে, আমরা নন্দী ভৃঙ্গিরা অন্য গাড়িতে। যাত্রাপথে আমাদের সকলেরই ছাত্রজীবন, কর্মজীবনের নানান



অজানা গল্পগাছায় ক্লান্তিকর দীর্ঘসময় ও এগিয়ে চললো তরতরিয়ে। ফোনে যোগাযোগ রেখে চলছিলাম বাকি দুজনের সাথে, খবর পেলাম প্রাথমিক জড়তা কাটিয়ে এবার সারথির আসনে উৎপল, কৌস্তভকে প্রয়োজনীয় বিশ্রাম দিতে। রবিবারের ভয়ঙ্কর ট্রাফিক কাটিয়ে ৮ ঘন্টার পথ ১২ ঘন্টায় পাড়ি দিয়ে আমরা Rhode Island ফিরলাম রাত ১১টা নাগাদ। ট্রাক রাখা হল সৌমেনের বাড়িতে, ঠিক যেখান থেকে আমরা যাত্রা শুরু করেছিলাম, সরণ শূন্য হল। গাড়ি থেকে নেমেই একরাশ উদ্বেগ আর উৎকণ্ঠা নিয়ে আমরা তড়িঘড়ি ট্রাক এর শাটার খুলে দেখলাম, সব ঠিক আছে তো? কয়েক মুহূর্তের নিস্তব্ধতা, রাতের অন্ধকারে মোবাইলের আলো জ্বালিয়ে আমরা দেখলাম সব কিছুই অবিকল

একরকম আছে, যেভাবে আমরা সকালে প্যাকিঙ করেছিলাম| উত্তেজনায় একে অপরকে জড়িয়ে ধরে রাতের নৈঃশব্দ্য চিরে আমরা চিৎকার করে উঠলাম, hip hip hurray! আমরা পেরেছি, Rhode Island এ প্রথম দুর্গা মূর্তি আনার এই ঐতিহাসিক সন্ধিক্ষনে আমাদের সারাদিনের ক্লান্তি, ক্ষুধা, তৃষ্ণা ধুয়ে মুছে সাফ হয়ে গেলো|

পরদিন সবার অফিস, দিন যেন শেষ হতেই চায়না| পরিকল্পনা এই যে অফিসের শেষে আমরা সবাই আবার একজায়গায় জড়ো হবো, ট্রাক আনা হবে সৌমেনের বাড়ি থেকে এবার স্টোরেজ এরিয়াতে, মা দুর্গা এবং বাকি সব মূর্তি গুলিকে স্টোরেজ এ রাখতে হবে যে| মৈত্রীর তরফে মাকে বরণ করে নিলো ইন্দ্রানী এবং পুজা | আমরা ৬ জন তো আছিই, তার সাথে ঠাকুর রাখার কাজে সাহায্য করতে হাজির হয়েছে মৈত্রীর আরো অনেক কর্মীরা; অরূপ, অনিন্দিতা, পায়েল, রিতেশ, দুর্জয়, অনিমেষ আরো অনেকে | সকলেরই উৎসুক চোখ, আর মনে জিজ্ঞাসা ঠাকুর আনার এডভেঞ্চার যাত্রা সম্পর্কে | এতগুলো হাতের তৎপরতায় আমাদের কাজ শেষ হল ঘন্টা খানেকেই | সারাদিনের ক্লান্তি সত্ত্বেও এড্রিনালিন রাশ আমাদের সারা শরীরে ও মনে, গগনভেদী চিৎকারে চারিদিক মুখরিত করে আমরা বলে উঠলাম, “বলো দুগ্গা মাইকী, জয়!” “বলো বলো দুগ্গা এলো, Rhode Island এ”!

জীবনে প্রথম সবকিছুরই একটা অন্যরকম আকর্ষণ থাকে|

প্রথম স্কুল,
প্রথম ভুল,
প্রথম প্রেম,
প্রথম fame,
প্রথম হার,
প্রথম উপহার,
প্রথম জিৎ,
প্রথম উচিত বা অনুচিত!

সেই একইরকম ভাবে আমরা পেলাম প্রথমবার Rhode Island এ দুর্গা ঠাকুর আনার মুহূর্ত! ছেলে মেয়ে নাতি নাতনীদের গল্প করে শোনানোর মতন জীবনে কিছু তো একটা পাওয়া গেলো!





First ever Durga Puja in Rhode Island
Rhode Island এ সর্বপ্রথম দুর্গা পুজা

~ প্রতীক মণ্ডল

Rhode Island এ প্রথমবার ঠাকুর আনার পর্ব তো মিটলো| সেই গল্প আপনারা আগের প্রচ্ছদে পড়েছেন| কিন্তু সেই ঠাকুর নিয়ে পূজা করার গল্প? দুর্গাপূজা করা তো আর ছোটখাটো ব্যাপার নয়, সে এক বিশাল কর্মযজ্ঞ| মৈত্রীর মতন সদ্যজাত একটি সংগঠনের কর্মকর্তারা বিভাবে সুসম্পন্ন করলেন এই কর্মযজ্ঞ? কেমন হল সব কিছু? জানতে গেলে পড়তেই হবে এই গল্প, "গল্প হলেও সত্যি"!



আমেরিকায় পঞ্জিকার দিনক্ষণ মেনে পূজো করা সবসময় সম্ভব হয় না, কারণ দেশের মত পূজোর ছুটি থাকে না যে! ছুটি শুধু শনি আর রবিবার | তাই পূজার একেবারে কাছাকাছি কোনো শনিবার-রবিবার দেখে পূজা করা হয়, তাতে একটু আগে পরে তো হয়ই | মানে হয়তো দিনক্ষণ মেনে যে দিন পূজা শুরু, তার আগেই শনি-রবিবার আমেরিকায় কোনো জায়গায় দুর্গা পূজা হয়ে গেলো, বা কোনো ক্ষেত্রে শনি - রবিবার দশমীর পরে পড়লে পূজা হয়তো হল



দশমীর পরে |চারদিনের পূজো করতে হয় দুদিনেই| তাই শনিবার দুপুর পর্যন্ত অষ্টমী, বিকেলের পর নবমী, আর রবিবার দশমী, এভাবেই পূজা করা হয়, অনেকটা দুধের সাধ ঘোলে মেটানো আর কি| তাছাড়া দেশের মতন খোলা আকাশের নিচে প্যান্ডেল বেঁধে পূজো করাও সম্ভব হয় না, তাই সাধারণত কোনো স্কুল বা চার্চ ভাড়া করে পূজা করা হয়| তবে এইভাবে পূজা হলেও আনন্দ কিন্তু কম হয়না, বছরের এই দুটো দিন প্রবাসী বাঙালি এবং অবাঙালিরা চুটিয়ে আনন্দ করেন | পূজোর উপাচার, ভুরিভোজ, সাংস্কৃতিক
অনুষ্ঠান সব মিলিয়ে হৈহৈ করে কেটে যায় ঐ দুই-তিন দিন|

আমেরিকায় দুর্গাপূজার এই ছবিটা আমাদের মনে গাঁথা ছিলই, কিন্তু সেই ছবিটা মৈত্রীর দুর্গাপূজায় তৈরী করা কিন্তু সহজ কাজ ছিল না| একেবারে পাশেই বোস্টোনের প্রাচীন বাঙালি সংগঠনগুলোর বড় বড় পূজা, সেসব



ছেড়ে লোকে কি আদৌ আসবে আমাদের পূজায়? আমাদের কয়েকজনের কাছে Rhode Island এর প্রথম পূজা অবশ্যই স্পেশাল, কিন্তু সেই আবেগে সামিল কি হবেন অন্যরা? অনেক বড় পূজা কমিটির মতন আমাদের big budget পূজা নয়, বহু বছর ধরে পূজা করার অভিজ্ঞতা ও আমাদের নেই, ভাবতে গেলে অনেক কিছুই নেই, তা সত্ত্বেও আমরা কি একটা দারুণ অভিজ্ঞতা উপহার দিতে পারবো পূজায় আগত অতিথিদের?এইসব নানান চিন্তা মাথায় ছিল

আমাদের সবার| দফায় দফায় পরিকল্পনা, দূর্গাপূজার জায়গা ঠিক করা, খাবারদাবারের ব্যবস্থা করা, মৈত্রীর পূজার প্রচার, সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থা করা, কাজ অনেক| সে তুলনায় আমাদের লোকবল তেমন বেশি নয়, তাই চিন্তা ছিলই| এইরকম নানান প্রতিকূলতা ও সীমাবদ্ধতা নিয়েও মৈত্রী Rhode Island er প্রথম দুর্গাপূজা উদযাপন করেছিল ধুমধাম করে|

মৈত্রীর দুর্গা পূজা উদযাপিত হয় ৫ অক্টোবর, শনিবার এবং ৬ অক্টোবর, রবিবার; Barrington Congregational Church এ| ৪ অক্টোবর, শুক্রবার বিকেলে আমরা, মৈত্রীর কর্মীরা স্টোরেজ থেকে ট্রাকে করে ঠাকুর চার্চ এ



এনে পরের দিনের প্রস্তুতি শুরু করি | ঠাকুর বসানো, ঠাকুর এর বেদি সাজানো, স্টেজ সাজানো, অতিথিদের জন্য চেয়ার টেবিল সাজানো, সব কিছুই শুক্রবার বিকেল থেকে রাতের মধ্যে সম্পন্ন করা হয়| শনিবার, ৫ অক্টোবর, অষ্টমীর পূজোর তোড়জোড় শুরু হয় সকাল ৯টা নাগাদ| আমাদের দুইজন পুরোহিতমশাই নেপালী, সেদিক থেকে ভাবলে Rhode Island এর প্রথম দুর্গা পূজা অভিনব ও বটে, শুধুমাত্র বাঙালিদের মধ্যেই সীমাবদ্ধ নয় | শনিবার সকাল থেকেই অষ্টমী পূজোর প্রস্তুতি শুরু হয়, বেলা বাড়ার সাথে সাথে দর্শনার্থীদের ভিড় বাড়তে থাকে| পাঞ্জাবী আর শাড়ির সাজে অষ্টমীর পূজোর অঞ্জলি দেওয়া, ফল কাটা, প্রসাদ সাজানো, ঠাকুরকে ভোগ নিবেদন করা ইত্যাদি পূজোর নানান উপাচারে মৈত্রীর স্বেচ্ছাসেবকদের উৎসাহ ও উদ্দীপনা ছিল দেখার মতন| শনিবারের পূজোয় উপস্থিত ছিলেন বলিউড এর স্বনামধন্য অভিনেতা রোহিত রায় | ঢাক বাজিয়ে Rhode Island এর প্রথম পূজো উদ্বোধন করেন তিনি| মৈত্রীর ফুড কমিটির উদ্যোগে দুপুরের মেনুতে ছিল ভোগের খিচুড়ি আর লাবড়া| দুপুর গড়িয়ে বিকেল হতেই শুরু হয় সাংস্কৃতিক অনুষ্ঠানের সম্ভার| মৈত্রীর নিজস্ব কালচারাল কমিটি আয়োজিত নৃত্যনাট্য "আগমনী" তো ছিলই, তার সাথেই ছিল আরো নানাবিধ সাংস্কৃতিক অনুষ্ঠান| তার মধ্যে উল্লেখযোগ্য ছিল সুদূর নিউ হ্যাম্পশয়ার রাজ্য থেকে আসা ব্যান্ড "The Bong Reverb" এর পারফরমেন্স, গানের দল "The Songbirds" আয়োজিত গীতিনাট্য "জন্মান্তর", নাচের স্কুল



"The Dance BFF" এর নাচের অনুষ্ঠান "ঢাক এর তালে", সুদূর Connecticut থেকে আসা গানের স্কুল "Suddaswar" এর কচিকাঁচাদের আয়োজিত নাটক "লক্ষণের শক্তিশেল"| সন্ধ্যের পর সন্ধিপূজোর মধ্যে দিয়ে নবমীর পূজা শুরু হয় | নবমী মানেই বাঙালির কাছে ভুরিভোজ, সেই নস্টালজিয়া উস্কে দিতেই মৈত্রীর ফুড কমিটি মেনুতে রেখেছিল বিরিয়ানি| সারাদিনের পূজার উপাচার, সাংস্কৃতিক অনুষ্ঠানের সম্ভার, সাথে সুস্বাদু খাবারে পেটপুজো, দেশের পূজোর স্মৃতি উস্কে দিতে মৈত্রী চেষ্টার কোনো ত্রুটিই রাখেনি|

রবিবারের পূজাতেও ভিড় ছিল চোখে পড়ার মত| রবিবারে দশমীর পূজার উপাচার পালন করা হয় নিয়মনীতি মেনে| দুপুরের

মেনুতে ছিল পোলাও এবং কচি পাঁঠার মাংস| মধ্যাহ্নভোজন শেষে ছিল নানাবিধ সাংস্কৃতিক অনুষ্ঠান | তার মধ্যে উল্লেখযোগ্য ছিল মৈত্রীর কালচারাল কমিটি আয়োজিত শ্রুতিনাটক "মুশকিল আসান", সঙ্গীতানুষ্ঠান "Melodies of Generations" - একই মঞ্চে সুলগ্না এবং শ্রীয়া, মা ও মেয়ের জমজমাট যুগলবন্দী গায়কী, দেবাশীষ সেনগুপ্ত মহাশয়ের কণ্ঠে "স্বর্ণযুগের বাংলা গান", নাচের স্কুল "Trinalaya" এবং "Natyaroha" এর ভারতনাট্যম নৃত্য অনুষ্ঠান, নাচের স্কুল "Dance for the Nation" এর নৃত্যপ্রদর্শন "দুর্গাস্তুতি Fusion"| রবিবার এর বিকেল শেষ হয় জমজমাট ধুনুচি নাচ, ঢাকের বাজনা, সিঁদুর খেলা, দেবী বরণ আর দশমীর পূজো শেষের বিষণ্ণতায়, আসছে বছর আবার হওয়ার প্রতিশ্রুতি নিয়ে|

মৈত্রী আয়োজিত Rhode Island এর সর্বপ্রথম দুর্গা পূজা ছিল আক্ষরিক অর্থেই অভিনব| দুই দিনের এই আনন্দ উৎসবে জনসমাগম এবং স্বতঃস্ফূর্ততা ছিল চোখে পড়ার মতো। খাওয়া-দাওয়া, সাংস্কৃতিক অনুষ্ঠান, সন্ধ্যা আরতি, ধুনুচি নাচ, ঢাক বাজানো প্রতিযোগিতা সব কিছুরই আয়োজন ছিল।



উপস্থিত ছিলেন বলিউড তারকা রোহিত রায় এবং বাংলাদেশের জনপ্রিয় সংগীতশিল্পী মহিতোষ তালুকদারের তাপস। বাঙালি-অবাঙালি দেশ-জাতি-ধর্ম নির্বিশেষে উপস্থিত ছিলেন ভারত, আমেরিকা, বাংলাদেশ, শ্রীলঙ্কা, ইরান, নেপাল, পাকিস্তান ইত্যাদি নানা দেশের নাগরিকরা। Rhode Island, Massachusetts, Connecticut, New Hampshire, New Jersey, আমেরিকার এই ৫টি রাজ্য থেকে মানুষ যোগদান করেছিলেন এই পূজোয়|

সর্বমিলিয়ে দুদিনব্যাপী এই আনন্দ উৎসব পরিণত হয়েছিল এক মহামিলন উৎসবে। Rhode Island এ সর্বপ্রথম দুর্গা পূজা আয়োজন



করার স্বীকৃতি হিসেবে মৈত্রীকে US Congressman Gabe Amo এর পক্ষ থেকে একটি প্রশংসাপত্র প্রদান করা হয়| পশ্চিমবঙ্গের প্রথমসারির সংবাদপত্র আনন্দবাজার পত্রিকায় প্রকাশিত হয় মৈত্রীর এই দূর্গাপূজার খবর| পূজোয় আগত বহু মানুষজনের পাঠানো প্রশংসা এবং ধন্যবাদজ্ঞাপন বার্তায় ভরে ওঠে মৈত্রীর মেলবক্স আর মৈত্রীর কর্মসমিতির সদস্যদের মনপ্রাণ | বহুদিন ধরে জাল বোনা স্বপ্ন সত্যি হয়, "গল্প হলেও সত্যি"|



US Congressman Gabe Amo এর পক্ষ থেকে প্রদত্ত প্রশংসাপত্র

GABE AMO
1ST DISTRICT, RHODE ISLAND

COMMITTEE ON FOREIGN AFFAIRS
SUBCOMMITTEE ON EUROPE
SUBCOMMITTEE ON MIDDLE EAST, NORTH AFRICA, AND CENTRAL ASIA
COMMITTEE ON SCIENCE, SPACE, AND TECHNOLOGY

Congress of the United States
House of Representatives
Washington, DC 20515

WASHINGTON, DC OFFICE
2233 RAYBURN BUILDING
WASHINGTON, DC 20515
(202) 225-4911
(202) 225-3290 (FAX)

PAWTUCKET, RI OFFICE
1070 MAIN STREET, SUITE 300
PAWTUCKET, RI 02860
(401) 729-5600
(401) 729-5608 (FAX)

amo.house.gov

October 16, 2024

MAitRI
626 Smithfield Rd, Apt 406
North Providence, RI 02904

Dear MAitRI Executive Members, Directors, and Advisory Board Members,

Congratulations on hosting the first-ever Durga Puja in the state of Rhode Island on October 5th and 6th in Barrington. This festival involves the worship of Goddess Durga, who is considered the divine embodiment of female power and strength. Rooted in ancient Hindu mythology, the festivities of Durga Puja transcend boundaries of religion, class, language spoken, and state/country of one's origin. Durga Puja is symbolic of women's empowerment, unity, self-discipline, the ultimate victory of good over evil, and the return to one's roots or "homecoming".

A major annual multi-day event in various states in India, as well as in neighboring Nepal and Bangladesh, Durga Puja is celebrated throughout the world among diaspora populations. I am proud of MAitRI's accomplishment in bringing Durga Puja to the shores of Rhode Island! Our state's inaugural Durga Puja saw so many people from various nationalities and ethnicities celebrating together. Performers from Rhode Island, Connecticut, Massachusetts, New Hampshire, and New Jersey took part in cultural events that included music, dance, drama, and recitations. I'm confident that this annual extravaganza will further enrich the cultural diversity and spirit of the community in our beautiful state.

Once again, congratulations on such a fantastic event. If I can ever of assistance, please do not hesitate to reach out to me.

Sincerely,

Gabe Amo

Member of Congress

আনন্দবাজার পত্রিকায় প্রকাশিত মৈত্রীর দুর্গা পূজার খবর এবং পূজার আরো অন্য ছবি



পুজো পরিক্রমা



আমেরিকার রোড আইল্যান্ড দেখল সর্বপ্রথম দুর্গাপুজো, আয়োজনে ‘মৈত্রী’



ঢাক বাজাচ্ছেন বলিউড তারকা রোহিত রায়

দুই দিনের এই আনন্দ উৎসবে জনসমাগম এবং স্বতঃস্ফূর্ততা ছিল চোখে পড়ার মতো। খাওয়াদাওয়া, সাংস্কৃতিক অনুষ্ঠান, সন্ধ্যা আরতি, ধুনুচি নাচ, ঢাক বাজানো প্রতিযোগিতা সব কিছুরই আয়োজন ছিল। উপস্থিত ছিলেন বলিউড তারকা রোহিত রায় এবং বাংলাদেশের জনপ্রিয় সঙ্গীতশিল্পী মহিতোষ তালুকদার তাপস। বাঙালি-অবাঙালি দেশ-জাতি-ধর্ম নির্বিশেষে উপস্থিত ছিলেন ভারত, আমেরিকা, বাংলাদেশ, শ্রীলঙ্কা, ইরান, নেপাল, পাকিস্তান ইত্যাদি নানান দেশের নাগরিকরা। সবমিলিয়ে দুদিনব্যাপী এই আনন্দ উৎসব পরিণত হয়েছিল এক মহামিলন উৎসবে।

Posto Chicken

~ Rupsa Maity

Ingredients:

Chopped Onion, Garlic, boneless chicken, green chili, pepper corns, bay leaf, cardamom, cloves, cinnamon, cumin seed, red chili powder, cumin powder, poppy seed paste, turmeric, Mustard Oil

Measurement:

-2.5 lb chicken

-1 big onion

-5 big cloves of garlic

-5 green chillis

-3 heaped tbsp of poppy seeds paste.



Steps:

1. Marinate the chicken with salt, turmeric and 1 tsp garlic paste.

2. Wait for 20-30 mins

3. Heat mustard oil

4. Add bay leaf, pepper corns, cumin seeds, 4 cardamoms,6 cloves and a cinnamon stick,

5. Add chopped onion and garlic paste.

6. Sauté till the onion turns translucent

7. Add cumin powder, salt and red chilli powder.

8. Let the oil separate.

9. Add marinated chicken.

10. Cover and cook till half done.

11. Add poppy seeds paste and chopped green chillis.

12. Cover and cook till done.

13. Add boiling water if necessary.

14. Can be topped with cilantro leaves.

Shaping the Future of Science: My Journey

~ Animesh Pan



Every scientist's journey begins with a question. For me, that question grew out of curiosity. As a child, I was captivated by the wonders of the natural world, the sparkle of dew on a leaf, the mystery of how living cells function, the hidden order in things too small for the eye to see. That curiosity, nurtured by teachers and mentors, set me on a journey into science. For me, science was never just about textbooks, it was about asking questions, exploring the unknown, and discovering how knowledge can improve lives.

Today, I work in fields like nanobiotechnology, lipid biophysics, biomedical science, and environmental research, where we explore the smallest particles to solve some of the biggest challenges, detecting diseases earlier, creating new tools for medicine, and protecting our ecosystems. Each experiment feels like opening a door to the future. That experience has been transformative; it taught me that science is not just about understanding but about creating new possibilities.

What excites me most, however, is not only the discoveries themselves but the process of discovery, the puzzles, the persistence, and the creativity required to solve them. Along the way, I've had the privilege of mentoring young students, and I've seen how one question, one spark of curiosity, can ignite a lifelong passion for learning.

To any student reading this, the world needs your questions, your ideas, and your courage to explore. Whether you dream of curing diseases, protecting our planet, or inventing the next technology that changes lives, science offers you a way to make it real. Start with curiosity. Follow it with persistence. And remember, science is not just about answers; it's about shaping a brighter tomorrow for all of us.

হোস্টেলে "অশরীরী ছায়া"

~ শোভনা ঘোষ

(সত্য ঘটনা অবলম্বনে-গল্পের নিরিখে চরিত্রের নাম পরিবর্তিত)

আমরা যেসব ভুতের গল্প শুনি, তার অধিকাংশই কল্পনা মনে হয়। কিন্তু এমন কিছু ঘটনা ঘটে, যা সাধারণ ব্যাখ্যা দিয়ে বোঝানো যায় না। রাতের নিঃশব্দে কানের কাছে আসে অচেনা শব্দ, খোলা ঘরে নিজে নিজে লাফিয়ে ওঠে জিনিসপত্র, আর মানুষের ছায়া যেন অন্য কিছুতে মিলিয়ে যায়—এইসব কেউ দেখেছে এবং অনুভব করেছে এমন মানুষ হাতে গোনা খুবই কম। এই গল্পগুলো সত্যি কি না, তা নির্ধারণ করা কঠিন। সাধারণত আমরা এইসব হরর গল্প বা হরর মুভিতে দেখি। তবে যা কেউ দেখেছে, তা সহজেই ভোলা যায় না এটাও সত্য।

তবে যদি কেউ দেখে থাকে আমার জ্ঞানে, তার মধ্যে একজন হলেন আমার বাবা, যার জীবনে বহু অলৌকিক ঘটনা ঘটেছে। ওই যে লোকে বলে, যার রাশি হালকা, সেই অনুভব করতে পারে। তাই ভুত আদৌ নেই বলতে পারব না।

আমরা ছোটবেলায় মফসসল শহরে বড় হয়েছি, যেখানে রাত ১০টা মানে অনেক রাত। বাবা ডাক্তার । প্রায়ই মাঝরাতে তাঁকে রোগী দেখতে যেতে হতো। রাতে একা শ্মশানের পাশ দিয়ে আসার সময় নিজের চোখে অনেক কিছু অলৌকিক জিনিস দেখেছেন। এমনকি আমার জেঠু মারা যাওয়ার কিছু মাস পর বাবা দেখেছেন, জেঠু বাড়িতে তাঁর প্রিয় চেয়ারে বসে আছেন। শৈশবে এসব বুঝিনি, কিন্তু বড় হওয়ার পর বাবার মুখে অনেক অদ্ভুত অভিজ্ঞতার গল্প শুনেছি। তখন ভাবতাম—বাবা কত ভাগ্যবান, ভুতও দেখেছেন! আবার মনে হতো—ধুর, ভুত বলে আদৌ কিছু আছে নাকি! এইসব বাবার বানানো গল্প। কিন্তু বুঝতে পারিনি, এই বিশ্বাস খুব দ্রুতই আমার ভেঙে যাবে।

কলেজ শেষ করে যখন ক্লিনিকাল টিউটর হিসেবে নিজের কলেজে যোগ দিলাম, ঠিক করলাম চাকরিজীবনে লেডিস হোস্টেলেই থাকব। কলেজজীবনে নতুন হোস্টেলে থেকেছিলাম, পাছে সিনিয়ররা র‍্যাগিং করতে না পারে। কিন্তু এবার পুরোনো হোস্টেলেই থাকতে হলো। কারণ, ওয়ার্ডেন না থাকলে ছাত্রীরা তখন শিক্ষিকাদের দায়িত্বেই থাকবে। তাই আমি আমার এক সিনিয়র সহকর্মীর ঘরে উঠে গেলাম। নাম নাতাশা। নাতাশাদি আমার দুই ক্লাস ওপরের সিনিয়র ছিলেন।

প্রথম দিন রুমে ঢুকে দেখি সমগ্র দেয়ালে কোরানের ছবি। নাতাশাদি মুসলিম হওয়ার কারণে সেগুলো টাঙিয়েছিল। মনে মনে ভাবলাম, হয়তো খুব কট্টরপন্থী মুসলিম তাই এত কিছু টাঙিয়ে রেখেছেন। সে আমাকে বলল— একাকী রাতে বের হবে না। "যখন বাথরুমে যাবে, আমাকে ডাকবে"। কারণ, আমাদের রুমে অ্যাটাচড বাথরুম ছিল না। করিডোর ধরে অনেকটা গিয়ে ডান দিকে ঘুরে তবেই টিচারস বাথরুম। আমি মনে মনে ভেবেছিলাম— স্রেফ বাথরুমে যাওয়ার জন্য এত ঝামেলা! তাই গুরুত্ব দিইনি। রাতে প্রায়ই একাই যেতাম।

আমাদের কলেজ ক্যাম্পাসটা যে একসময় ছিল কবরস্থান—এ কথা আমরা সবাই জানতাম। এমনকি একসময় সেখানে একজন আত্মহত্যাও করেছিলেন। পুজোর ছুটির কারণে চার দিন পরে তার দেহ ল্যাব রুম থেকে উদ্ধার করা হয়। তাই সন্ধ্যা সাতটার পর কলেজ বা লাইব্রেরিতে কেউ থাকে না, তবে সেটা অনেক আগের ঘটনা।

প্রথম বর্ষে, প্রথম দিন আমরা যখন কলেজে আসি, হোস্টেল খালি না থাকায় আমরা কলেজ বিল্ডিংয়ের চতুর্থ তলায় থাকতাম। রাতে যথারীতি রুম লক করে ঘুমাতাম, কিন্তু সকালে দেখতাম পুরো রুমের ভিতরে ভারি বুট জুতোর ছাপ। রাতে হঠাৎ হঠাৎ মোবাইলের গান বেজে উঠত। আমরা ভাবতাম কেউ মজা করছে বা দুষ্টুমি করছে। এখন ভাবি, ব্যাপারটা পুরোপুরি আলাদা ছিল। তবে, এ নিয়ে কারও আগ্রহ থাকলেও দেখাতো না। কারণ, যে এসব নিয়ে বাড়াবাড়ি করবে, তাকেই কলেজ ছাড়তে হবে। তাই কেউ কিছু জানতে চাইত না।

একমাত্র বাবার অভিজ্ঞতার গল্পের টানেই মাঝে মাঝে বন্ধুরা আমাকে বলত ভুতের গল্প শোনাতে। কিন্তু যেটা ঘটল, সেটা শুধুই আমার জীবনের ঘটনা।

সেই রাতের ঘটনা

সেদিন ছিল শনিবার। সকাল থেকেই হালকা বৃষ্টি হচ্ছিল। আমাদের ওয়ার্ডেন মিনাক্ষি দি এসে বললেন— "আমি বাড়ি যাচ্ছিলাম। আজ তোমরা একটু মেয়েদের দেখতে পারবে?"

শুনে আমি আর নাতাশাদি বললাম, "কোনো সমস্যা নেই। আপনি যান, আমরা আছি।"

বিকেলের পর থেকে বৃষ্টি বেড়ে গেল। রাত আটটার দিকে আমরা সবাইকে ডিনার নিতে বললাম। নাতাশা দি বললেন— "যা খাওয়ার নিয়ে নাও, জলও নিয়ে নাও। কারণ রাত ন'টার পর মেইন গেট বন্ধ হয়ে যাবে।"

সবাই যে যার ঘরে ফিরে গেল। আমি আর নাতাশা দি একটা সিনেমা দেখতে বসেছিলাম। রাত প্রায় সাড়ে এগারোটা নাগাদ সে বলল—"চল, খেয়ে নিই। দেরি হলে সমস্যা হবে।"

আমরা খাবার নিয়ে বসলাম। আমি বসেছিলাম দরজার দিকে মুখ করে, আর নাতাশা দি বসেছিল দরজার উল্টোদিকে। দরজাটা অল্প ফাঁকাও ছিল। হঠাৎ আমি দেখলাম—একটা কালো অস্পষ্ট লম্বা অবয়ব ঝট করে করিডোর দিয়ে ভেতরের দিকে চলে গেল। করিডোরে উজ্জ্বল আলো জ্বলছিল, তাই ভুল দেখেছি এমন নয়।

আমি সঙ্গে সঙ্গে নাতাশাদি কে বললাম—"দেখলে দিদি? এত রাতে মেয়েরা জল আনতে যাচ্ছে!"

আমার কথা শুনে নাতাশা দি থমকে গেল। বলল—"কি বলছ তুমি! রাত ন'টায় আমি নিজেই তো মেইন গেট বন্ধ করেছি। আর আমাদের রুম তো গেটের একেবারে সামনেই। চাবি আমার কাছেই আছে। তাহলে ছাত্রীরা কীভাবে বাইরে গেল?"

আমরা দ্রুত করিডোরে বেরোলাম। এত বড় করিডোরে যদি কেউ থাকত,

অন্তত পাঁচ সেকেন্ডে ধরা পড়ার কথা। কিন্তু কাউকেই দেখা গেল না। হঠাৎ ভয় আমাদের চেপে ধরল। বাইরে তখন ঝড়ো বৃষ্টি হচ্ছে। করিডরের সব জানালা বন্ধ। তারপরও বাতাসের হিমশীতল স্পর্শ যেন কারোর উপস্থিতি জানান দিচ্ছে।

নাতাশাদি ফিসফিস করে বলল– "চলো, ভেতরে ফিরে যাই। কেউ ডাকলেও বেরোবে না। তুমি একা বাথরুমে যাবে না।"

তখনই বুঝলাম, এর আগেও নাতাশাদির এমন অভিজ্ঞতা হয়েছে। কিন্তু সে নিজেকে বোঝাতো–মনের ভুল।

সেই রাত কোনোমতে কেটে গেল। কিন্তু আমার মনের মধ্যে বারবার ওই কালো লম্বা অবয়ব ভেসে উঠতে থাকলো। পরদিন আমরা প্রতিটি ছাত্রীকে জিজ্ঞেস করলাম–ওই সময়ে কেউ উঠেছিল কিনা। সবাই বলল–"না ম্যাডাম, বৃষ্টি হচ্ছিল, ঠান্ডা ছিল। আমরা তাড়াতাড়ি ঘুমিয়ে পড়েছিলাম।"

আমরা ঠিক করলাম কাউকে কিছু বলব না।

নতুন মোড়

এরপরের দিন ছিল রবিবার। সেদিন আর কিছু ঘটল না। সোমবার সকালে যথারীতি যে যার কাজে ব্যস্ত হয়ে গেলাম। এই নিয়ে আমরা কারও সঙ্গে কোনো আলোচনা করলাম না। দুপুরে আমাদের ওয়ার্ডেন মিনাক্ষি দি আমাদের দু'জনকে লাইব্রেরিতে ডাকলেন। মুখটা তাঁর অদ্ভুত থমথমে।

তিনি বললেন– "আজ সকালে একটা অদ্ভুত ঘটনা ঘটেছে।"

প্রতিদিনের মতো দু'জন ঝাড়ুদার এসেছিল ঘর পরিষ্কার করতে। তাদের একজনের নাম কাকলি। সে মিনাক্ষি দির ঘরের সামনে এসে বলল– "ম্যাডাম, আমার কাজ শেষ। আমি কি এখন বাড়ি যাব?"

মিনাক্ষি দি জিজ্ঞেস করলেন– "বাথরুম পরিষ্কার করেছ তো?"

সে বলল–"হ্যাঁ।"

সেই সময় মিনাক্ষি দি ঘরের ভেতর ছিলেন, আর দরজার সামনে পর্দা ঝুলছিল। পর্দার নিচ দিয়ে তিনি কাকলির শাড়ি আর পা দেখতে পাচ্ছিলেন। প্রায় পাঁচ মিনিট পর যখন তিনি ঘর লক করতে যাচ্ছিলেন, তখনই দেখলেন কাকলি করিডোর দিয়ে আসছে।

তিনি অবাক হয়ে বললেন– "কাকলি, তুমি এখনো যাওনি? আমি তো পাঁচ মিনিট আগে তোমাকে দেখেছিলাম। তুমি তো বলেছিলে কাজ শেষ।"

কাকলি বিস্মিত মুখে উত্তর দিল– "না ম্যাডাম, আমি তো তখন এখানে আসিনি। এখন এসেছি।"

মিনাক্ষি দি বললেন–"কি বলছো? তুমি বললে কাজ শেষ, বাড়ি যাবে।"

উত্তরে কাকলি বললো–"না ম্যাডাম, আমি আগে আসিনি। এখন আমার কাজ শেষ হয়েছে, এখন এলাম।"

এই ঘটনার পর মিনাক্ষি দি ভীষণ ভয় পেয়ে গেলেন। আর কিছু না বলে সরাসরি কলেজে চলে গেলেন।আমরা তাঁকে আমাদের শনিবার রাতের ঘটনাও বললাম। শুনে তিনি দীর্ঘশ্বাস ফেলে বললেন–"শুনেছি এই পুরোনো হোস্টেলে

আগে অনেক কিছু ঘটেছিল। তবে তা অনেক বছর আগে। কিন্তু এখনও যে এসব হচ্ছে, তা কেউ বিশ্বাস করবে না। আমি হোস্টেল ছেড়ে দেব। তোমরাও ছেড়ে দাও।"

এর কিছুদিন পর আমি আর নাতাশাদি সত্যিই হোস্টেল ছেড়ে দিলাম। কি দরকার, প্রথমবার বলে ঘাড় মটকাই নি, পরেরবার যদি সত্যিই সত্যিই মটকে দেয়।

পরে মিনাক্ষিদিও হোস্টেল ছেড়ে অফিসে স্টাফ পদে বদলি নিলেন।

বাবা যেমন বলতেন—"যদি কোনো জায়গা প্রথমবার ভয় দেখায়, সেটা মেনে নাও; কিন্তু দ্বিতীয়বার সুযোগ দিও না।" আমরা সেই শিক্ষাই অনুসরণ করি।

হোস্টেল, রাত, করিডোরের অদৃশ্য উপস্থিতি—সবই সেই ভয়ঙ্কর অভিজ্ঞতার অংশ।

****



Sketch: Suparna Chatterjee

In an embrace, words dissolve.

Time slows, fears soften, and closeness becomes enough.

This sketch, though imperfect in its strokes, captures a truth we all yearn for - the perfection of connection.

After all, not everything in life needs to be flawless. Sometimes, the beauty lies in the rawness of the moment!

~ Suparna

Biye Bari Chicken Roast

~ Sana Nasir

This is a recipe in which you grind your own roast masala, good for two separate occasions. It looks like an intimidating ingredient list, but don't worry, you don't have to break out your mortar and pestle ... unless you are trying to impress your in-laws. A coffee grinder will do just fine and is just as lovely.

Spice Mix:

½ Tsp. Whole Black Pepper, 3 Pieces Cinnamon, 1 Black Cardamom, 17-18 Green Cardamom, 1 Small (or ½ Tsp.) Nutmeg, 1 Big Mace, 3 Tsp. Shah Zeera

Make a paste with:

21-25 Cashews, ½ Cup Fried Onion, ½ Cup Yogurt

This goes in your blender, unless you want to break out that mortar and pestle again. Use forearm to wipe forehead for extra points.

Lightly Coat:

3-3 ½ lbs. Chicken with 1 Tsp. Salt & ¼ Tsp. Turmeric

The Rest of Your Ingredient List:

2 Bay Leaves, 1 tsp Cayenne Pepper, 7-8 Chillis, 1 Tbsp Garlic, 1 Tbsp Ginger, Kewra Essence (a few drops) / or Kewra Water (about a Tablespoon),

¾ Cup Milk, ½ Cup Oil, ½ tsp Salt, ¼ tsp Turmeric Powder, ½ Cup Water

Method:

Heat ½ cup oil in a Dutch oven, or a flat bottom pot. Fry the chicken until white on the outside. Take out your chicken and set aside. In the same oil, on medium heat, add onion paste, ginger, and garlic. It will sputter like you do when you see your gas bill in the winter. Ignore this drama, lower the heat, and keep frying until it changes color slightly. Then add your bay leaves and green chillis, and ½ of the dry roast masala, cayenne pepper, and turmeric. Sautee, and you will notice the gravy getting a bit thick, which is a good time to add all the yogurt paste. Sautee a bit more, about a couple minutes, and add about ¼ cup of water. Sautee and add ½ tsp salt.

Put in your chicken pieces with milk and the rest of the water. Cover and cook for about 35 minutes on low heat. Try to resist the temptation to peek inside every few minutes or you'll be standing in the kitchen forever... do check after 15 minutes though, as milk tends to burn easily. After 35-40 minutes your chicken should be done, unless it is a mutant. Under those circumstances, try to eat it before it tries to eat you! :D If you find your chicken has tenderized nicely during the allotted time, garnish with some ghee, whole green chilis, kewra water and fried onions. Serve with kali jeera pulao, especially after a fight with someone, as this will help patch things up quite nicely.



Kolkata and Mumbai based movie writer, director, producer Mr. Anindya Ghosh spoke with MAitRI team[1] regarding his insights and experiences. MAitRI is grateful to Anindya Babu for his time and patience answering our questions, and for sharing behind the scenes glimpses from the shooting of ***Thammar Boyfriend***.



প্রথমেই জানতে চাইবো যে সিনেমা বানানোর দিকে আপনার ঝোঁক বা আগ্রহর উৎস কি? কোন ব্যক্তি, বা ঘটনা কি আপনাকে প্রভাবিত করেছিল?

আগ্রহ খানিকটা ছোট বেলা থেকেই ছিল, কোন ছবি দেখে ভালো লাগলে ভাবতাম এর পেছনে কি ভাবনা বা কতখানি পরিশ্রম রয়েছে। তবে এই বাংলা তে চলচ্চিত্র বানানোর ঝোঁকে ইন্ধন দিল স্বর্গীয় ঋতুপর্ণ ঘোষ মহাশয়ের কাজ।

আর একটু যদি বিস্তারিত বলেন...

দেখুন, আমাদের বড় হবার সময়ে বিশেষতঃ আশি ও নব্বই এর দশকে র বাংলা সিনেমা দেখলে মনে হত দুটো আলাদা জগত। একদিকে নাচে গানে অ্যাকশানে ভরপুর একেবারে বানিজ্যিক ছবি যেখানে একদম শুরু থেকে কে বা কারা "ভালো" আর কে বা কারা "ভালো নন" তা আমার এই দুই প্রকারের সিনেমা র মধ্যেই কিছু ছবি বেশ ভালো লাগতো। কিন্তু সমস্যা হল এই যে আমার মাথায় ঢুকে গেলো যে হয় এস্পার, নয় উস্পার, একটা রাস্তা বেছে নিতে হবে। আর এই যে একটা ধারা বেছে নিতেই হবে, এটা ঠিক মানতে পারতাম না।

বুঝলাম, তারপর?

জলের মতন পরিষ্কার। অপর প্রান্তে, অল্প কিছু ছায়াছবি কে বলা হত "আর্ট ফিল্ম" যেখানে আর্থ সামাজিক রাজনৈতিক সমস্যা কে গভীরে গিয়ে তুলে ধরা হত। সেগুলো আবার অনেক ক্ষেত্রেই আপামর জনগণের মাথার ওপর দিয়ে যেত। মজা করে আমরা বলতাম যে বুঝতে অসুবিধা হলে তবেই সিনেমা টার মধ্যে একটা কোন গভীর বক্তব্য আছে!

এইরকম অবস্থায় ১৯৯৪ সালে ঋতুপর্ণ ঘোষ এর উনিশে এপ্রিল দেখার সৌভাগ্য হল, এবং ক্রমশ দহন, বাড়িওয়ালী, উৎসব, শুভ মহরৎ, হীরের আংটি, ইত্যাদি। এমন নয় যে ক্রমান্বয়ে যেমন যেমন এসেছিল, সেইভাবেই দেখেছি। কিন্তু এগুলো এবং পরে ওনার আরও অনেক কাজ দেখে চিন্তাভাবনা র এক্ নতুন দিগন্ত খুলে গেলো

। ভাবলাম, "গভীর অর্থবহ ছবি, নানান সামাজিক অবক্ষয় খতিয়ে দেখার সাহস আছে , সেইরকম সাহিত্য কে চলচ্চিত্র এর রূপ দেবার দায় আছে, আবার সেসব ছবি বানিজ্যিক ভাবেও দিব্যি সফল হয়, এ ও তবে সম্ভব!" বলা যায়, বাংলা তে ছবি বানানোর পোকাটা মাথায় এর পরেই বেশী করে নড়তে শুরু করল ।

আপনার সিনেমা পরিচালনা শুরুর দিকের কথা কিছু বলুন।

ad-film দিয়ে শুরু, তারপর তারা TV তে, স্টার জলশা তে বেশ কিছু telefim পরিচালনা ও সহ- পরিচালনা। এগুলো মোটামুটি ২০০৩-০৫ থেকে ২০১০-১২ র কথা । তারপর ক্রমশঃ বড় পর্দা তে "ভাড়াটে" দিয়ে শুরু । ভাড়াটে তে নামী দামী শিল্পীদের জন্যেই budget প্রায় সমস্ত বেরিয়ে গেলো । এর কয়েক বছহর পর ২০১৬ তে এলো "ঠাম্মার বয়ফ্রেন্ড "...

ঠাম্মার বয়ফ্রেন্ড এর প্রসঙ্গ যখন এলো, আর যেহেতু এটা আমার খুব পছন্দের ছবি, দু একটা প্রশ্ন করার লোভ হচ্ছে ।

হ্যাঁ করুন না!

ওটার পরিচালক তো আপনি ই?

হ্যাঁ , শুধু পরিচালক নয়, কাহীনি, চিত্রনাট্য, গানের কথা টথা সবই আমার ।



এই যে, আবীর চট্টোপধ্যায় এর মতন স্টার, সাবিত্রী চট্টোপধ্যায় এর মতন প্রবাদপ্রতীম শিল্পী দের নিয়ে কাজ করলেন, কখনো অসুবিধা হয়নি? মানে, একটু অস্বস্তি বা সম্ভ্রম এর ব্যাপার তো থাকেই, কিছুটা ভয় ভয় ভাব, যদি সমস্ত ব্যাবস্থাপনা ওনাদের পছন্দসই না হয়, এইসব আর কি?

না, সেরকম হয়নি, তার আগে "ভাড়াটে" তেও ঋতুপর্ণা সেনগুপ্ত র সঙ্গে কাজ করেছি। কারোর সঙ্গেই অসুবিধা হয়নি। দেখুন, কাজ শুরুর আগে যে উদবেগ একেবারে হত না, একথা বললে মিথ্যে বলা হবে । কিন্তু কি জানেন, এই সমস্ত বিখ্যাত স্টার অভিনেতা অভিনেত্রী রা কিন্তু



পুরদস্তুর পেশাদার প্রোফেসনাল । আবীরের কথাই যদি বলি, উনি এবং ওর agent, contract এ সই সবুদ করার আগে প্রচুর প্রশ্ন করেন, সমস্ত খুঁটিনাটি যাচিয়ে নেন,ভাবার সময় নেন । সমস্ত ব্যাবস্থাপনায় সন্তুষ্ট হয়ে একবার কাগজে কলমে দস্তখত করে রাজি হয়ে গেলে কিন্তু আর কোনরকম বায়নাক্কা , মেজাজ এইসব নেই । বরং অবস্থার সঙ্গে মানিয়ে নেবার যথাসাধ্য চেষ্টা করেন ।

এই যেমন, আবীর প্রচণ্ড সময়ানুবর্তী এবং নিয়মানুবর্তী । নিয়মিত দৌড়নো, যোগব্যায়াম, শরীরচর্চা করেন । আমাদের শুটিং হত বীরভুমের সাইথিয়ার কাছে গুষ্করা , লোকেশান হোটেল থেকে ঘণ্টা দেড় দুই দূর। সকাল সকাল শুটিং থাকলে খুব ভোরবেলায় বেরিয়ে পড়তাম সবাই । সেই দিনগুলোতে দেখতাম আবীরবাবু বিকেল, সন্ধ্যা যখন হোক, শুটিং থেকে ফিরে এসে ওনার নির্দিষ্ট দূরত্ব চক্কর মেরে নিতেন । অর্থাৎ, সময় হলনা বলে ফাকি নেই নিজের কাছে

বাহ! আচ্ছা, ওইরকম সিনেমা দেখতে দেখতে দর্শক দের মনে হয় যে শুটিং এ



বুঝি প্রচুর মজা হয়েছে । সত্যি কি তাই? সেরকম কোন ঘটনা মনে পড়ে ?

ঠিকই আন্দাজ করেছেন । মনে তো অনেক কিছুই পড়ছে । এই যেমন, সাবিত্রী - আবীরকে নিয়ে একটা স্বপ্ন দৃশ্যর কথা বলি। কথা ছিল যে সাবিত্রী আবীরের সুঙ্গে বাইকে যেতে যেতে গ্যাস বেলুন উড়িয়ে দেবেন। কিন্তু এদিকে পড়ে যাবার ভয়ে সাবিত্রী দু হাতে আবীর কে জাপ্ টে ধরে থাকছেন, কিছুতেই বেলুন ধরবেন না, কাজেই ছাড়ার প্রশ্ন নেই! শেষমেশ আবীর ইম্প্রভিসে improvise করলেন। বাইক চালাতে চালাতে দাঁতের ফাঁকে সুতো ধরে রেখে যথাসময় ছেড়ে দিলেন। পেছন থেকে ঘটনা ক্যামেরা বন্দী হল, তাই কেউ কিছু বুঝলেন না । সত্যি বলতে আবীর পরে এসে না বললে আমরাও

জানতে পারতাম না । এরকম ছোট ছোট কত স্মৃতি !

আবীর এর মতই অরুণিমা সাবিত্রী ও অন্যান্য কলাকুশলী সকলেই পুরোপুরি পেশাদার, দায়িত্বশীল এবং নিজেদের কাজের প্রতি অসম্ভব যত্নবান । script এর কোন জায়গায়, কোন ডায়লগ এ খটকা থাকলে প্রশ্ন করতেন। তাতে আমাদের এবং ওনাদের কাজের সুবিধে ই হত, কারণ তোতাপাখির মতন মুখস্থ না করে ওনারা এইভাবে আত্মস্থ করে ফেলতেন ডায়লগ গুলো ।

ঠাম্মার বয়ফ্রেন্ড তো নশ্চয় খুব সফল হয়েছিল?

শুরুটা ভালোই হয়েছিল, কিন্তু আরও অনেক সফল হতে পারত । আসলে, ছবি মুক্তি পেলো ২০১৬ র নভেম্বর মাসে demonetization এর ছায়া তখন সর্বত্র। তারপর... বুঝতেই পারছেন । অকালে ঝরে গেল হলগুলো থেকে ।

সত্যিই খুব দুঃখজনক ... সমস্ত প্রচেষ্টা র পর যদি বাহ্যিক কারণে সব ভেস্তে যায় । ...

তো ঠাম্মার বয়ফ্রেন্ড এর পর আপনার কাজ আমরা বাংলা তে এখনও সেভাবে পাইনি আবার কবে আশা করতে পারি?

(হেসে) নিকট ভবিষ্যতে অন্তত সম্ভাবনা নেই!

সেকি, কেন ?

আসলে, ওই কয়েক বছরের অভিজ্ঞতা থেকে বুঝে গেছি যে আমার মতন পরিচালক এর দুই ধরনের সমস্যা । একটা সম্ভাবনা বড় বড় production house এর শরণাপন্ন হওয়া। ওইগুলোতে গেলে অনেক দিক থেকে নিশ্চিন্ত থাকা যায়, কিন্তু তাদের বশংবদ হয়ে ওদের সমস্ত দাবি দাওয়া মেনে নিতে হয়। তাছাড়া বাংলা সিনেমা তে একটি দুটি বাদ দিলে এরকম বড় হাউসের অভাব । অন্যদিকে অপেক্ষাকৃত নতুন ভালো কাজ করতে আগ্রহী প্রযোজক দের সাথে সিনেমা তৈরি করা সম্ভব হলেও তার মুক্তির সময় আবার পরিবেশক বা distributor খোঁজার সমস্যা। এই করে কত কত ডিরেক্টর এর বাংলা সিনেমা সমাপ্ত হয়েও hall এ মুক্তি ই পায়না। এর বাইরেও, নানান অনাবশ্যক জটিলতা রয়েছে , সব বলতে গেলে সারা দিন লেগে যাবে তাও শেষ হবেনা । বাজনার থেকে খাজনা বেশী হয়ে যায় এতো যে কাজের কাজ করে ওঠা মুশকিল ।

তাহলে, ভবিষ্যতে র কি পরিকল্পনা?

আপাতত production সংক্রান্ত কিছু কাজে মনোনিবেশ করছি, মুম্বই তে কিছু কাজ আগেও করেছি । আমার কিছু সহযোগী দের সঙ্গে আরও কিছু প্রকল্পের কাজ চলছে।

মৈত্রীর তরফ থেকে আপনার সময়ের জন্য অনেক ধন্যবাদ। ভবিষ্যতের জন্য রইলো শুভকামনা ।

ধন্যবাদ ও শুভেচ্ছা মৈত্রীকে ।



MAitRI thanks Rushoti Banerjee for connecting with Mr. Ghosh. Opinions and views are of the interviewee and in some cases of the interviewer and do not necessarily represent positions of anyone else.

The Gifted and The Void

~ Prasasti Pandit

She paints in silence, sings sweetly,
Her soul a canvas, that time cannot erase.
Each stroke, each note—a whispered prayer,
“Does anyone out there truly see me?”

The world whirls by in swift glance,
While she stands lost in shaded trance.
A genius locked in quiet art,
With hope stitched deep within her heart.

No stage, no applause, no curtain call,
Only empty hearts and ego’s wall.
She doesn’t crave the deafening crowd,
But seeks to find one silence loud.
One look, one voice,
To say—”Your art, it brought me joy.”

But every day, the hollowness replies,
With hollow screens and hollow skies.
Still, she returns to color the pain,
To shape the loss like weeping rain.

For deep within, she is certain—
True art seeks no hands to applaud.
But in the quiet, she pictures light,
Of someone looking upon her quiet fight.

And maybe someday, some very day here or there,
A quiet heart will feel her star.

"স্মৃতিচারণে কল্লোলিনী কলকাতা"

~ প্রতীক মণ্ডল

"Ladies and gentlemen, Fasten your seat belt by placing the metal fitting into the buckle. We are ready to take off".

কলকাতার মাটি ছেড়ে উড়ছি, ১০০ ফুট; ২০০ ফুট; ৫০০ ফুট | নিজের শিকড় ছেড়ে উড়ছি, দূরত্ব বাড়ছে মাটির সাথে | টান পড়ছে শিকড়ে, উপড়ে যাবে কি? নাকি বিজ্ঞাপনের ভাষায় "মজবুত জোড়" হিসেবে টিকে যাবে?

নিচে দেখা যাচ্ছে, গোধূলিবেলায় আলোর গহণায় সেজেছে আমার শহর, মায়াবী কল্লোলিনী কলকাতা | গুগল ম্যাপ এর মতো zoom করে দেখা গেলে কি ভালোই না হত! হয়তো দেখতাম আমার মা, সন্ধ্যাপ্রদীপ জ্বেলে শাঁখ বাজাতে আর উলু দিতে ব্যস্ত ; তার পরপরই ক্ষণিকের ব্যবধানে মুহুর্মুহু শঙ্খধ্বনিতে আরো একটা সন্ধ্যা নামবে শহরে| ঐ যে, অফিসফেরতা ক্লান্ত মুখের মিছিলে আমার বাবা, আর আমার স্কুল কলেজের বন্ধুরা, আমি ডাকলেই একছুটে চলে আসবে | আরেকটু zoom করা যাবে? একটু অন্যদিকে? ঐ যে, পেয়েছি পেয়েছি, বেপরোয়া বাসের অক্লান্ত কন্ডাক্টর হেঁকে চলেছে হাওড়া-হাওড়া-হাওড়া, আর দেখছি রাস্তার নিয়ন আলোয় আরো হলদেটে সর্পিল হলুদ ট্যাক্সির স্রোত, আলসেমি ভেঙে গদাইলস্করি চালে টিংটিং ঘন্টা বাজিয়ে শেষ ট্রামটা ছাড়ছে শ্যামবাজার থেকে ধর্মতলার উদ্দেশ্যে | ঐ তো, ভিক্টোরিয়ার পরীকে সাক্ষী রেখে প্রায় অন্ধকার ময়দানে মোহনবাগান আর ইস্টবেঙ্গলের রংচটা জার্সি পরে বল




পেটাচ্ছে দস্যি ছেলের দল, ছেঁড়াফাটা প্যান্ট আর কালো কালো পায়ের জঙ্গলে লাথি খাচ্ছে, হেরে যাচ্ছে অনেক না পাওয়ার যন্ত্রণা | প্রিন্সেপ ঘাটে এলোমেলো হাওয়ায় দুলছে ডিঙি নৌকো, অদূরেই সারাদিনের খুচরো রোজগারের হিসেবে ব্যস্ত ঘটিগরম কাকু, এক এক করে নিয়মমাফিক জ্বলে উঠছে ইডেন গার্ডেনসের ফ্লাডলাইট | কাট টু বাইপাস, ঐ তো, এতক্ষণে পেয়েছি, যুবভারতীর গ্যালারিতে ফেলে আসা রুমালটা, উঁকি মারছে সিট এর নিচ থেকে, ওখানেই থাক, পরের খেলায় আমার উপস্থিতির জানান দিবি, কেমন! শারদীয়ার স্মৃতিমাখা প্যান্ডেলগুলো কেমন যেন ভূতের মতো দাঁড়িয়ে আছে অন্ধকারে, ওদের আলোয় বাঁধানো অতীতকে পাত্তা না দিয়ে এক একটা অঙ্গপ্রত্যঙ্গ নিয়ে জেলায় ফিরছে নির্মম লরির দল | আরেকটু দূরেই আরো একটা জীর্ণ বাড়ির লাশের উপর পা তুলে দাঁড়াচ্ছে অহংকারী বহুতল,

লোহালক্কড়ের কঙ্কালের মাঝে যেন বড় মাছ ছোটো মাছকে গিলে খাচ্ছে। ওদিকে ফিশফ্রাই আর রোলের দোকানের চেনা ভিড়টা আজ উধাও, আজকের খেলায় জিতছে পাড়ার চায়ের দোকান আর রকের আড্ডা! চায়ের দোকানের রেডিওতে রফি সাহাব গাইছেন, "অভি না যাও ছোড়কে"। তবু ছেড়ে তো যেতেই হয়!

রোগা, মোটা, লম্বা, বেঁটে, স্বাস্থ্যবান বা ক্ষয়াটে চেহারার লোকগুলো জীবনসংগ্রামে ক্লান্ত, তবে বড্ড আন্তরিক, মুখে একগাল হাসি ঝুলিয়ে জিজ্ঞেস করছে, সত্যিই কত্তদূরে থাকো, আবার কবে আসবে? কাল থেকে আর আসবোনা, সত্যিই আসবোনা, পার্কে আমায় খুঁজবে আমার অসমবয়সী হাঁটার সঙ্গীরা, আমায় খুঁজবে পাড়ার মুদির দোকানদার, আমায় খুঁজবে মন্দিরের ভিখারী আর আমার বাড়ির ছাদের পায়রারা, খুঁজবে কদিন, তারপর ভুলে যাবে। শুধু আমিই ভুলতে পারবো না! ফুসফুসের সিলেন্ডারে বেশ কিছুটা অক্সিজেন ভরে আমি চললাম সুদূরের পথে।

ভালো থেকো কলকাতা,
একইরকম থেকো,
নিয়ম না মেনে বিশৃঙ্খলই থেকো,
সংকীর্ণতার দুনিয়ায় উদারই থেকো,
অসহিষ্ণুতার ভিড়ে সহিষ্ণু থেকো,
আপসের বাজারে প্রতিবাদী থেকো,
আরেকটু চামড়া কুঁচকে যাক,
ক্ষতি কি চুলে যদি বা ধরে পাক!
যতই রক্তক্ষরণ হোক, হাসিটা তবু অমলিন রেখো।



পূর্ণতা থেকে শুন্যতা

~ প্রবুদ্ধ ব্যানার্জি

গণিতের ছন্দ
——————— এক ———————-
ভব সাগর তারণ কারণ হে।
রবি নন্দন বন্ধন খন্ডন হে।
শরনাগত কিঙ্কর ভীত মনে।
গুরুদেব দয়া কর দীন জনে।।

ছোটবেলায় বাড়িতে কোনো পুজো হলেই সবাই এই গানটি গাইতো , অর্থ কিছু বোধগম্য না হলেও আপনা হতেই দুলতে শুরু করতুম। ছন্দ , অন্তমিল এসব কথা বুঝতাম না , কিভাবে কবিতা লিখতে হয় কেউ শেখায়নি। কিন্তু অংক শেখানোর অনেক চেষ্টা হয়েছে , অংক ভুল হলে কানমলা খেয়েছি। স্কুলে আমার এক বন্ধু একবার অংক ক্লাসে পিছনের বেঞ্চে বসে কবিতা লিখতে গিয়ে ধরা পরে যায় , এবং মাস্টার মশাইয়ের হাতে কানমলা খায় , স্কুলে কবিতা আর অংক এরমধ্যে এরথেকে বেশী কোনো যোগসূত্র কখনো খুঁজে পাইনি। কিন্তু এই দুই এর মধ্যে যে এক গভীর যোগাযোগ আছে সেটা অনেক অনেক পরে জানলাম।

ইতালিয়ান গণিতবিদ ফিবোনাচি জন্ম ১১৭০ সালে , তাঁর বাবা ছিলেন একজন ব্যবসায়ী এবং বিভিন্ন বন্দরে ছিল তাঁর কাজ , সেই সূত্রে ফিবোনাচির সঙ্গে দেশবিদেশের বিভিন্ন লোকের আলাপ জমতো, যেহেতু তিনি পড়তে ভালোবাসতেন , অনেক বিদেশি পুঁথি সংগ্রহ করতেন। আরব থেকে তখন অনেক লোক তাদের জিনিসপত্র বিক্রি করতে আসতেন , সঙ্গে নিয়ে আসতো হিন্দু পুঁথির অনুবাদ , যার জন্য ইউরোপিয়ানরা ভালো পয়সা দিতো। তাদের মাধ্যমে হিন্দু গণিতের সঙ্গে তার আলাপ ঘটে। পরবর্তীকালে তার গ্রন্থ Liber Abaci (1202) তে তিনি প্রথম modus Indorum বা হিন্দু গণনা প্রথার অবতারণা করেন , সম্ভবত সেই প্রথম ইউরোপিয়ানদের সঙ্গে হিন্দু সংখ্যাতত্ত্বর পরিচয় হয়। শুধু তাই নয় , আরবের গণিতজ্ঞরা যা বুঝতে পারেনি , তিনি তা পেরেছিলেন। শুন্য ও ঋণাত্মক সংখ্যাগুলিকে সংখ্যা হিসেবে বিবেচনা করে যোগ - বিয়োগ - গুন্ - ভাগ এর প্রণালী গুলি সঠিক বর্ননা করেছিলেন। তারপর মাত্র ১০০০ বছরে জ্ঞানএর জগতে গণিতের এই রাজকীয় উত্থান, এর পিছনে এই ঘটনার অনেক অবদান আছে।
প্রসঙ্গত হিন্দু শব্দের উৎপত্তি সিন্ধু থেকে ইন্দূ হয়ে হিন্দু, অর্থাৎ হিন্দু কখনো কোনো ধর্মমত এর নাম নয় , এটি একটি ভৌগোলিক ক্ষেত্রের সংস্কৃতি, দর্শন এবং জ্ঞান এর পরিচায়ক, আমাদের গণিত তাই হিন্দু গণিত বলেই পরিচিত ছিল।

যাইহোক , ফিবোনাচির সঙ্গে আরেকটি বিষয়ে ভারতের যোগাযোগ আছে , এবং সেটি আরো গভীর এক তত্ত্ব। বাংলায় যদি বলতে হয় তো বলবো ছন্দতত্ত্ব, এই ছন্দের তালে সমস্ত মহাজগতের খেলা চলছে। ০, ১ , ১ , ২ , ৩ , ৫ , ৮, ১৩ .... এই সংখ্যাক্রম গুলি হটাৎ করে সুদূর ইতালির সঙ্গে প্রাচীন ভারতএর এক রহস্যজনক যোগসূত্র তৈরী করেছে তাই নয় , স্বর্ণানুপাত বা golden ratio র সূত্র ধরে সূর্যমুখী ফুল এর গঠন থেকে মৌমাছির চাকে মৌমাছির অনুপাত , প্রকৃতির আশ্চর্য সব রহস্যের ও অর্থ উদঘাটন করেছে।

কবি হেমচন্দ্রর জন্ম হয় ১০৮৯ সালে গুজরাট এ , তিনি শুধু কবি ছিলেন না , গণিত শাস্ত্রে তার অগাধ পান্ডিত্ব ছিল। হেমচন্দ্রর আসল কাজ ছিল কবিতার ছন্দ নিয়ে গবেষণা করা। এখনকার ছন্দহীন কবিগণ হয়তো এই গবেষণার গুরুত্ব নাও বুঝতে পারে , তাই ওই গানটির অবতারণা : “ভব সাগর তারণ কারণ হে”

পড়তে গেলে এক অপরূপ ছন্দের মূর্ছনা উপলব্ধ হয় , প্রশ্ন হলো তার কারণ কি ? ..... (ক্রমশ)

পূর্ণতা থেকে শুন্যতা

গণিতের ছন্দ

———————- দুই ———————

হেমচন্দ্রর গবেষণার বিষয়বস্তু ছিল কত রকম করে সংকৃত শ্লোকের বিভিন্ন ছন্দ (prosody) সৃষ্টি করা সম্ভব। হেমচন্দ্র লক্ষ্য করেছিলেন, যদি অক্ষরটির শেষে অ, ই, উ, ঋ ইত্যাদি স্বর উচ্চারিত হয় তবে তাতে কম জোর পড়ে, তাকে নাম দিলেন লঘু স্বর । অন্যদিকে যদি আ, এ, ঈ, ঊ স্বর উচ্চারিত হয় তো তাতে বেশি জোর পড়ে, বা একটু টেনে উচ্চারণ করতে হয় , তাকে নাম দিলেন গুরু স্বর । তিনি দেখলেন লঘু স্বর এ যদি একটি জোর থাকে তবে গুরু তে দুটি জোর পড়ে।
যেমন “কামনা" এই শব্দটি যদি ভাঙি “ক - আ - ম - অ - ন - আ “ , এখানে “কা" তে , যেহেতু আ উচ্চারিত হচ্ছে , দুটি জোর লাগে কিন্তু “ম" তে একটি। এমনি করে লিখলে বুঝতে সুবিধা হবে “ কা(২) ম(১) না(২) “
সুতরাং যদি লিখি ,
“কামনা বাসনা যাতনা । “
দেখা যাবে ২ - ১ - ২ ছন্দে বাক্যটি বেশ এগিয়ে চলেছে।

এবার গানটির প্রথম বাক্য টি যদি একই নিয়মে ভাঙি :
“ভ(১)ব(১) সা(২)/গ(১)র(১) তা(২)/র(১)ণ(১) কা(২)/র(১)ণ(১)হে (২)”
সুতরাং এই ক্ষেত্রে এটি এগোচ্ছে ১ - ১ - ২ ছন্দে, এতে ১ + ১ + ২ অর্থাৎ চারটি মাত্রা আছে, এই ছন্দ কে তোটক ছন্দ বলে। আমাদের বেদ - উপনিষদ এমনি বিবিধ ছন্দ দিয়ে তৈরি , ছন্দশাস্ত্রে অনুষ্ঠুপ , তিষ্ঠুপ , গায়ত্রী, উশনিক ইত্যাদি ২৬ টি ছন্দের বিবরণ আছে যার ৭ টি বেদ এ ব্যবহৃত হয় । বেদমন্ত্র উচ্চারিত হলে যে স্বর্গীয় অনুরন হয় তার পিছনে আছে সুচিন্তিত গনিত।

হেমচন্দ্র ভাবতে বসলেন যে চার মাত্রার এই ছন্দ কত রখম ভাবে বানানো যেতে পারে ? তিনি বললেন যদি দুই মাত্রার একটি ছন্দ (১,১) আর (২) এই দু ভাবে করা যায় , আবার তিন মাত্রার একটি ছন্দ (১,১,১) (১,২) (২,১) এই তিন ভাবে করা যায় , তবে চার মাত্রার একটি ছন্দ ২ + ৩ অর্থাৎ ৫ ভাবে করা যাবে। কারণ দুই মাত্রার ছন্দে একটি ২ যোগ করলে ই হবে চার মাত্রা , যেমন (১,১,২) আর (২,২) এই দুই রকম ; আবার তিন মাত্রার ছন্দে ১ যোগ করলে ও হবে চার মাত্রা , যেমন (১,১,১,১) (১,২,১) (২,১,১) এই তিন রকম।
এই সরল সূত্র ধরে পাঁচ মাত্রা ছন্দ ৩ + ৫ অর্থাৎ ৮ ভাবে হবে , ছ মাত্রা ছন্দ হবে ৫ + ৮ অর্থাৎ ১৩ ভাবে , সাত মাত্রার ছন্দ হবে ৮ + ১৩ অর্থাৎ ২১ ভাবে। অর্থাৎ যেকোনো সংখ্যা তার আগের দুটির যোগফল। ০,১,১, ২ , ৩,৫,৮,১৩,২১ .... এমনি ভাবে এই অনন্ত সম্ভাবনার সিরিজ চলতে থাকবে। এই সিরিজের আরেক বিশেষত্ব হলো , সংখ্যাক্রম যতই অসীম এর দিকে যেতে থাকে , যে কোনো সংখ্যা কে তার আগের সংখ্যা দিয়ে ভাগ করলে যে ফল হবে তা ক্রমশ একটি নির্দিষ্ট ভগ্নাংশ এর দিকে পৌঁছতে চায়। যেমন ২/১ যদি ২ হয় , পরের জোড়া ৩/২ হয় ১.৫ , তার পরের জোড়া ৫/৩ হবে ১.৬ , আরো পরের জোড়া ২১/১৩ হবে ১.৬১৫৩৮. ... ইত্যাদি , ক্রমাগত ১.৬৮ এই সংখ্যার দিকে চলতে থাকা এই অনুপাত কেই golden ratio বলাহয়। এর মধ্যেই লুকিয়ে আছে খামখেয়ালি প্রকৃতির বীজ।
কি অবলীলায় এক জটিল সমস্যার সহজ সমাধান ! যারা গণিত বিষয় নিয়ে চর্চা করেছেন তারা জানেন এই সিরিজ কে ফিবোনাচি সিরিজ বলে কারণ তিনি নাকি এই সিরিজের আবিস্কারক , গণিত এ এই সিরিজ এর গুরুত্ব অপরিসীম। অথচ কি আশ্চর্য , হেমচন্দ্রর দেহাবসান হয় ১১৭২

সালে , আর ফিবোনাচ্চি জন্মগ্রহণ করেন ১১৭০ সালে। দুজনের মধ্যে এই যোগাযোগ কি শুধু কাকতালীয় ছিল , নাকি ফিবোনাচি কোনো ভাবে হেমচন্দ্রর পুঁথি জোগাড় করতে পেরেছিলেন ? আজ তা প্রমান করবার কোনো উপায় নেই কিন্তু হেমচন্দ্র যে অন্তত ১০০ বছর আগে এই সিরিজ আবিষ্কার করেছিলেন তা প্রমাণিত সত্য। তবে হেমচন্দ্র কে এই সিরিজ আবিষ্কারের পুরো কৃতিত্ব ও দেওয়া যায় না , কারণ খ্রিস্টপূর্ব ৩০০ শতাব্দী তে ও আমাদের আর এক হিন্দু গণিতজ্ঞর কাজে এর বিবরণ পাওয়াযায় , তাঁর নাম পিঙ্গলা। মহর্ষি পিঙ্গলার ছন্দশাস্ত্র তে শুধু হেমচন্দ্র সিরিজ (এখন থেকে এই নামে ই ডাকা যাক) নয় , বাইনারি নম্বর , কম্বিনেশন এর তত্ত্ব থেকে শুরু করে অনেক গাণিতিক সমাধান এর বিশদ আলোচনা করে গেছেন।

তবে হেমচন্দ্রর যুগের পরে বোধহয় ক্রমশ আমাদের জ্ঞানের জগতে এক স্থবিরতা গ্রাস করতে থাকে , ১১০০ শতাব্দীর গোড়া থেকেই গজনীর সুলতান মাহমুদ বারংবার গুজরাট আক্রমণ করতে শুরু করে , শোনা যায় তিনি প্রায় ১৭ বার আক্রমণ করেছিলেন। শেষপর্যন্ত ১২০০ খ্রিস্টাব্দের শেষদিকে আলাউদ্দিন খিলজি ওই অঞ্চলে ইসলামিক শাসন স্হাপন করেন। ১২০০ সাল নাগাদ পূর্বাঞ্চলে নালন্দা বিশ্ববিদ্যালয় ধ্বংস করা হয়, সমগ্র ভারতে এক রক্তাক্ত দুঃস্বপ্নের যুগের সৃষ্টি হয়। আমাদের জ্ঞান বিজ্ঞানের পীঠস্থান ছিল প্রাচীন মন্দিরগুলি , আমাদের গণিত বেদমন্ত্রের বাণী ও ছন্দ থেকে উৎসারিত, আমাদের জ্যামিতি যজ্ঞকুণ্ডের পরিমাপ থেকে উদ্ভূত , গ্রহ নক্ষত্রের অবস্থান জানতে আমরা আবিষ্কার করেছি আমাদের ক্যালকুলাস , এমনকি আধুনিক যুগে ও দেখাযায় রামানুজন পর্যন্ত মন্দিরের মাটিতে তার গণিতএর সমীকরণ সমাধান করছেন।তাই এই স্থবিরতার কারণ কিছুটা আন্দাজ করা যায়। তবে দক্ষিণের রাজ্য গুলি এই উন্মাদ অস্থিরতা থেকে আরো কিছুদিন নিরাপদ ছিল।

ব্রিটিশদের হাতে স্বাধীনতা খোয়ানোর পর আমাদের জ্ঞানের জগতের দুঃস্বপ্নের রাতের অবসান হয় , একথা বললে অনেকেই ক্ষুন্ন হবেন , কারণ তাতে আমাদের শৈশবথেকে তৈরী যে বদ্ধমূল ধারণা তার মুলে কুঠারাঘাত হয়। তবে একথা সত্য যে আমাদের হারিয়ে যাওয়া জ্ঞান , যা ইউরোপের মাটিতে লালিত পালিত হয়ে উঠেছিল , তা আবার আমাদের কাছে ফিরে আসে ব্রিটিশদের হাত ধরেই।

সুতরাং যে সিন্ধু , ইন্দু বা হিন্দু গণিত ইউরোপের জ্ঞানের প্রদীপ প্রজ্জলিত করেছিল , যে প্রদীপের শিখায় সমগ্র মানব জাতির উন্নতির পথ আলোকিত হয়েছিল , সেই গণিত যদি আমাদের আপামর হিন্দু , মুসলমান , খ্রিস্টান , শিখ , জৈন ভারতবাসীর গর্ব হয়ে আমাদের এক সূত্রে জুড়ে দিতে পারে তো মন্দ কী ?

বসন্ত এসে গেছে

~ অর্ঘ্য দত্ত

প্রবাসে শ্বেতশুভ্র তুষার আর রিক্ত শৈত্যের স্পর্শ
পুষ্পশোভিত যৌবনরসে রাঙা বসন্ত যেন কিছুটা বিমর্ষ
নাহ্ এখন তো বসন্ত নয়।

বাঙালী ভ্যালেন্টাইন এর চাকচিক্যে উজ্জ্বলিত বাগদেবী
আনকোরা জুটির শাড়ি-পাঞ্জাবীতে নতুন প্রেমের গন্ধ
মনে মনে ফিরে যাই সেই দিনে, সময়ের দরজা যদিও বন্ধ।
নাহ্, এখনও আসেনি বসন্ত।

মা এর হাত ধরে পাশের বাড়ির পুজো, ভোগ আর অঞ্জলী
এরপর বন্ধুদের সাথে স্কুলে স্কুলে ঠাকুর দেখতে অলিগলি
সদ্য কৈশোরের রোমাঞ্চিত মনে জায়গা করে নেয় কোন নীলাঞ্জনা
এসো হে বসন্ত, তুমি কিন্ত কোরনা বঞ্চনা।

বিদ্যাদেবীর আগমনে মেতে উঠেছে শহর কলকাতা
জেনারেশন বিটা কি এতে আনন্দিত? নাকি AI-Gaming এর মাঝে ম্লান
আছে আমার শহর, আছে জৌলুস, আছে উৎসব মুখরিত প্রাণ
এসো সবাই, আমরা গাই বসন্তের গান।

মধ্যজীবনের ব্যস্ততা আর দায়িত্বের বন্ধন, তবুও আজ উৎসবের সমারোহ
হারিয়ে যাওয়া শৈশবের কোমল আলিঙ্গনে, হৃদয়ে আনন্দের প্রবাহ
দেবী সরস্বতীর আরাধনায় মৈত্রীর সবাই হয়ে উঠেছে প্রাণবন্ত
ফুল ফুটুক না ফুটুক, আজ বসন্ত।




Photo: Animesh Chowdhury



Artwork by Anukta Mukherjee Ghosh, Kolkata-based artist

"জীবনটা এগিয়ে যাবার, তাই ভাল অভিজ্ঞতা গুলোই মনে রাখার চেষ্টা করি"



নিউ ইংল্যান্ড এলাকায় **শ্রী রাহুল রায়** এবং **শ্রীমতি স্বপ্না রায়** অতিপরিচিত নাম। দুজনেই পেশায় বৈজ্ঞানিক, কিন্তু তার বাইরে সাংস্কৃতিক মহলে রাহুলদা এবং স্বপ্নাদিকে প্রায় সমস্ত বাঙ্গালী এক ডাকে চেনেন। মৈত্রীর প্রতীক মণ্ডল এবং সৌম্যদীপ মুখার্জ্জির সঙ্গে ওনারা অনেকক্ষণ আড্ডা দিলেন, নানান প্রশ্নের উত্তর দিলেন। সমগ্র কথপোকথন মৈত্রীর ইউটিউব চ্যানেল এ দেওয়া হবে। এখানে তুলে ধরা হচ্ছে এই আড্ডার কিছু উল্লেখযোগ্য দিকের সংক্ষিপ্ত আকার।

শুরুর কথা

রহুলদা এবং স্বপ্নাদির জন্ম ও বড় হওয়া যথাক্রমে কলকাতা এবং হাওড়ায়। কলকাতা বিশ্ববিদ্যালয়ে দুজনের আলাপ গানবাজনার সূত্রেই। খুব ছোটবেলা থেকেই স্বপ্নাদি আবৃত্তি করেছেন এবং বহু প্রথিতযশা কবি সাহিত্যিকের সান্নিধ্যে আসার সৌভাগ্য হয়েছিল। আবার রবীন্দ্রসঙ্গীতে প্রশিক্ষণ প্রাপ্ত হন প্রবাদপ্রতিম শিল্পী সুচিত্রা মিত্রের কাছে।
রাহুল দা অবশ্য গান বা লেখালেখি করেননি কলকাতা তে থাকার সময়। সেসব পরবর্তীকালে যুক্তরাষ্ট্রে এসে শুরু হয়। তবে উনি বেহালা বাজাতেন কলকাতাতেই এমনকি কলকাতা সিম্ফনি অর্কেস্ট্রা তে বাজিয়েছেন। কলকাতায় থাকাকালীন স্বপ্নাদির গানের সঙ্গে রাহুলদা বেহালা বাজাতেন। তবে হয়তো গান গাইবার একটি সুপ্ত ইচ্ছে ছিল তখনও। আর ছোটবেলা থেকেই ছবি আঁকতেন। এমনকি ক্রিকেট খেলেছেন রীতিমত।

মার্কিন যুক্তরাষ্ট্রে সাংস্কৃতিক চর্চা

স্বপ্নাদির পরামর্শে বস্টন এ বেশ কিছুদিন শাস্ত্রীয় সঙ্গীতের তালিম নিয়েছিলেন রাহুলদা। তাতে কিছু উপকার হলেও, কিছুটা দমবন্ধ লাগতো। তবে যেটা সবথেকে বড় প্রাপ্তি, রাহুল দা তখনই উপলব্ধি করলেন যে চর্চা করতে হবে প্রচুর।
অন্যদিকে স্বপ্না দি যখন বোস্টন এ শিশুদের দিয়ে বাংলা গান বাজনা করানো শুরু করেন নানান অনুষ্ঠানে, তখন এই অঞ্চলে বাংলা সংস্কৃতিচর্চার মোটেই তেমন চল ছিল না। অনেক বাংলাভাষী ও অভিভাবকের অনুরোধে ধীরে ধীরে গানের ইস্কুল প্রতিষ্ঠার অনুপ্রেরণা পান স্বপ্না দি। সেটাই ওনাদের গানের বিদ্যালয় প্রতিষ্ঠার গোড়ার কথা। সেইসময় আবার দুজনেই সারা উত্তর আমেরিকা এবং ক্যানাডা তে চুটিয়ে নাটক করেছেন। পরবর্তীকালে রাহুল দা প্রচুর লেখালেখি ও করেছেন, এমনকি দেশ পত্রিকা তেও ওনার লেখা প্রকাশিত হয়েছে।

গানের ইস্কুল

গান গাইতে পারেন এমন মানুষের অভাব না থাকলেও, গান শেখানোর মানুষ কম বলে মনে করেন রাহুল দা ও স্বপ্না দি। স্বপ্নাদির সবচাইতে আনন্দের জায়গা রবীন্দ্রসঙ্গীত প্রশিক্ষণ দেওয়া, যা তিনি নিষ্ঠার সঙ্গে করে চলেছেন ২০ বছরের বেশী ধরে, গানের স্কুল "স্বরলিপি"-র মাধ্যমে, সেখানে ২০০ র অধিক ছাত্রছাত্রী । বাংলা এক বর্ণ না জানা শিশুরা নিপুণ দক্ষতায় যখন বাংলা গান করেন, বা অনেক ক্ষেত্রে অনুপ্রাণিত হয়ে বাংলা শিখেছেন, তখনই গানের স্কুল করা সার্থক হয়েছে বলে মনে হয় স্বপ্না দির।

কলকাতার শিল্পী সাহিত্যিক দের অতিথিসেবা করার অভিজ্ঞতা

সুচিত্রা মিত্র, নবনীতা দেবসেন, সুনীল গঙ্গোপাধ্যায়, পণ্ডিত অজয় চক্রবর্তী, শ্রীকান্ত আচার্য্য, সলিল চৌধুরী, কল্যাণ রায়, মমতা শঙ্কর, বুদ্ধদেব গুহ, প্রমুখ বহু মানুষকে বাড়িতে আপ্যায়ন করার সুযোগ হয়েছে স্বপ্না দি এবং রাহুল দার। সুনীল গঙ্গোপাধ্যায় ঘণ্টার পর ঘণ্টা কবিতা আবৃত্তি করে চলেছেন ওনাদের বাড়িতে, এ এক অবিস্মরণীয় অভিজ্ঞতা। রাত্রি বারোটায় পণ্ডিত অজয় চক্রবর্তীর গান চর্চা , এরকম আরো কত কত স্মৃতি।

মৈত্রী সম্পর্কে কিছু ভাবনা

স্বপ্না দি এবং রাহুল দা দুজনেই জানান যে ওনারা মৈত্রীর সদস্যদের আন্তরিকতা, স্বতস্ফূর্ততা, এবং বাংলা ভাষা ও সংস্কৃতির প্রতি অনুরাগ দেখে অভিভূত। নানান বড় মঞ্চে অনুষ্ঠান করার অভিজ্ঞতা সত্ত্বেও তাই ওনারা মৈত্রীর আমন্ত্রণে সাগ্রহে চলে আসেন, ছাত্র ছাত্রীদেরও উৎসাহ দেন মৈত্রীর অনুষ্ঠানে গান বাজনা করার জন্য।



~ Photo: Animesh Chowdhury

মৈত্রী: এখানেই শিকড় রাখি।।

~ শুভদীপ মজুমদার

না, দেশটাকে ফেলে আসিনি,
তাকে বুকপকেটে নিয়ে এসেছি।
বিমানবন্দরে বিদায় জানিয়ে
চোখের কোনায় এনেছি
কলকাতার ভিজে শীত।
বাচ্চা বাংলাভাষা বোঝে?
বলি - মায়ের ভাষা দেয়নি ফাঁকি।
তাই, এখানেই শিকড় রাখি।

একটা হটাৎ ফোনে
মাঝরাতে যাই ছুটে
একটা মা ক্লান্ত, জ্বর ভীষণ,
একটা বাবা অন্য শহরে।
দশটা হাত এগিয়ে আসে,
একটা কাঁধে বাচ্চা ঘুমায়
একটা হাতে চুল বাঁধি।
তাই, এখানেই শিকড় রাখি।

রান্না যখন হয় দশের জন্য
খিচুড়ি শুধু খাবার নয়,
এক প্রস্থ ভালোলাগা হয়।
Postpartum শরীরে যখন
আলুপোস্ত খেয়ে কেউ বলে
মায়ের মত হয়েছে রে!
তখন দশে মিলে দেশ আঁকি।
তাই, এখানেই শিকড় রাখি।

স্প্রিং ব্রেকে পয়লা বৈশাখ
হাত ধরেছে একে অপরের,
পিকনিকের মাঠে কচিকাচারা।
রসগোল্লা আর গানের কোরাস,
খিলখিল হাসিরা দৌড়ে চলে।
চটপটে মুড়ি মাখার সাথে আড্ডা,
ফুচকা খেয়ে দোলের রঙ মাখি।
তাই, এখানেই শিকড় রাখি।

দূর্গাপুজো আসে উইকেন্ড খুঁজে
নাটকের রিহার্সাল আর
জুম কলে নাচ প্রাকটিস।
দুদিন এক রান্নাঘর, হাজার হাসি
লুচি-শুক্তো-আলুর দমের গল্পে।
ধুনুচি নাচ আর সিঁদুর খেলা
বিজয়ার সুর তুলেছে ঢাকি।
তাই, এখানেই শিকড় রাখি।

ঈদে ঘুড়ি উড়াই,
দীপাবলিতে প্রদীপ জ্বালাই,
Halloween-এ শারদীয়া পড়ি,
ক্রিসমাসে চাপাই ugly সোয়েটার।
আর পিঠে দিয়ে সাজাই potluck
ধর্ম নয়, উৎসব ছোঁয় আমাদের
তেরো পার্বনের স্বাদ চাখি।
তাই, এখানেই শিকড় রাখি।

আমরা কাঁদি চুপিসারে
দূর দেশে যখন দুসংবাদ আসে।
পাশে বসে কেউ নিঃশব্দে,
এক কাপ চা বাড়িয়ে দেয়
আমার হোমল্যান্ড সিকিউরিটি।
নির্জনতা ভাঙা নীরবতায়
বন্ধু বলে তাকেই ডাকি।
তাই, এখানেই শিকড় রাখি।

এই লেখা ঠিক অধীর বাগচীকে নিয়ে নয়

~ রাহুল রায়



স্বনামধন্য সংগীতশিল্পী শ্রী অধীর বাগচী সম্প্রতি প্রয়াত হয়েছেন। তাঁর কয়েকটি গান, বিশেষ করে মান্না দের সঙ্গে আন্টনি ফিরিঙ্গি ছবির দ্বৈত কণ্ঠে গানগুঙ্গুল অথবা তাঁর সঙ্গীতপরিচালনায় দুই পুরুষ ছবির 'বেহাগ যদি না হয় রাজী' একসময় অত্যন্ত জনপ্রিয় হয়েছিল। রাগাশ্রয়ী এই গানগুলির এমনই সুর, আর তেমনি গাওয়া মান্না দে-র যে তা মন টানবেই টানবে। একটু ইন্টারনেট ও সোশ্যাল মিডিয়া ঘাঁটলেই এসব তথ্য খুব সহজেই পাওয়া যায়। গানগুলিও আবার শোনা যায়, আর মনের মধ্যে একটা আনন্দ গুনগুনিয়ে ওঠে।

কিন্তু অধীর বাগচীর নাম সম্প্রতি উঠে না এলে এই গানগুলি কানে এলে একটা নামই মনে আসে – সেটা গায়ক মান্না দে, বড় জোর প্রথম দুটি গানের অভিনেতা উত্তম কুমার, এই গানগুলির সঙ্গে তিনি যাকে বলে 'সিগনেচার অ্যাকটিং' করেছেন। তৃতীয় গানে দিলীপ রায়ের অনবদ্য অভিনয় কেউ মনে রাখেনি।

এতো গেল সুরকার। কিন্তু এই গানগুলির জন্য রয়েছেন গীতিকার, যারা রচনা করেছেন গানের কথা। কিছু ব্যতিক্রম থাকলেও এঁদের কথা মোটামুটি আড়ালেই থেকে যায়। এরা প্রত্যেকেই শক্তিমান কবি ও গীতিকবি। এই ব্যাপারটা একটু খুলে বলা প্রয়োজন। সুর ও তালের স্বার্থে সব কবিতা দিয়ে গান হয়না। একটু ঘুরিয়ে বলা যায় – সব কবিতা গান নয়, কিন্তু সব গান কবিতা।


বলা বাহুল্য যে বাংলা ও সাধারণভাবে ভারতীয় গানে গায়কই 'টেকস দ্য ক্রীম'। কিন্তু একটা সময়ে ব্যাপারটা এরকম ছিলনা। কারণ যারা গান গাইতেন - তারা নিজেই গানের কথা লিখতেন ও সুর দিতেন। কিছুটা পিছিয়ে গেলে কয়েকজনের নাম মনে আসছে – রামপ্রসাদ সেন, কমলাকান্ত ভট্টাচার্য, লালন শাহ ও রামনিধি গুপ্ত বা নিধুবাবু। প্রথম দুজন ভক্তিবাদী সাধক ও শ্যামাসঙ্গীত বা কালীসঙ্গীতকে জনপ্রিয় করেছেন। লালন শাহ সুফি দর্শনের গান বেঁধেছেন আর নিধুবাবুর পরিচয় তাঁর বাংলা টপ্পার রচনা ও পরিবেশনে।

এর পরেই আসেন রবীন্দ্রনাথ ঠাকুর ও কাজী নজরুল ইসলাম। দুজনেই অসংখ্য গান লিখেছেন, সুর দিয়েছেন। যদিও কম শোনা যায় – তাঁরা সেই গান গেয়েছেনও। এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে নজরুলের সব গানই তাঁর লেখা ও সুর দেওয়া। রবীন্দ্রনাথের কিছু গানের সুর কিন্তু অন্যের দেওয়া, যেমন

দীনেন্দ্রনাথ ঠাকুর, ভীমরাও শাস্ত্রী, অনাদি দস্তিদার প্রমুখ, যদিও সিংহ ভাগ রবীন্দ্রনাথেরই। আজও সেই গান – রবীন্দ্রসঙ্গীত ও নজরুলগীতি সারা পৃথিবীর বিভিন্ন জায়গায় গাওয়া হয়। তখন প্রশ্ন ওঠে না – এগুলো কার লেখা, কার সুর দেওয়া।

রবীন্দ্রনাথ ও নজরুলের প্রায় সমসাময়িক যারা গান লিখেছেন, সুর দিয়েছেন ও গেয়েছেন সেই ত্রয়ী – অতুলপ্রসাদ সেন, রজনীকান্ত সেন ও দ্বিজেন্দ্রলাল রায়। এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে যদিও এঁদের নাম প্রায়শই একসঙ্গে উঠে আসে- অতুলপ্রসাদ ও রজনীকান্তের গানের ভাষা, চরিত্র, সুর দ্বিজেন্দ্রলালের গানের থেকে ছিল একেবারে ভিন্ন। ডি -এল রায়ের লেখার অন্যতম চরিত্র বীর-রস যা ছিল তাঁর লেখা বিভিন্ন কাব্যের অন্তর্ভুক্ত গানে। তাছাড়া ডি -এল রায়ের গানে পশ্চিমী সুরের প্রভাব সুস্পষ্ট, যা অতুলপ্রসাদ ও রজনীকান্তের গানের মধ্যে আদৌ নেই।

এর পরবর্তী পর্যায়ে লেখা, সুর দেওয়া ও গাওয়া - এই ত্রহ্য-স্পর্শের অধিকারী সলিল চৌধুরী। সলিল বাংলা ও ভারতীয় গান ও সঙ্গীতে একেবারে যুগান্তর আনেন। ছোটবেলায় তাঁর ভারতীয় সঙ্গীতে কোন অভিজ্ঞতাই ছিল না, বরং আসামে বড় হয়ে ওঠা পশ্চিমী ক্ল্যাসিকাল মিউসিক শুনে ও পিয়ানো বাজিয়ে। কিন্তু তাতে ভারতীয় সঙ্গীতে তাঁর প্রতিভার প্রকাশ বিন্দুমাত্র খর্ব হয়নি। আর সেইসব গানে তাঁর 'সিগনেচার' এমনই সুস্পষ্ট যে আজও হেমন্ত মুখোপাধ্যায়ের গলায় 'কোন এক গাঁয়ের বধুর কথা' শুনে কেউ জিজ্ঞাসা করবে না – এটা কার লেখা, কার সুর দেওয়া।



সলিল চৌধুরীর আর এক অবদান – ভারতীয় গণ সঙ্গীত। ১৯৪০ দশকে প্রধানতঃ ভারতীয় কম্যুনিস্ট পার্টি ও পরে তার বিভিন্ন শাখার গণ সংস্কৃতি ও কৃষ্টির অঙ্গ হিসাবে আত্মপ্রকাশ করে ইণ্ডিয়ান পাবলিক থিয়েটার অ্যাসোসিয়েশন বা আই-পি-টি-এ বা ভারতীয় গণনাট্য সঙ্ঘ। এই সময়ের প্রায় প্রত্যেক নামজাদা গায়ক-বাদক-সুরকার এর সঙ্গে যুক্ত ছিলেন। আর এই আন্দোলনের একেবারে সামনে ছিলেন সলিল চৌধুরী- গান লিখে, সুর দিয়ে, গেয়ে তিনি ছিলেন একাই একশো। রবীন্দ্রসঙ্গীত ও নজরুলগীতির মতো সলিল-সঙ্গীতের লেগাসী আজও অনুভুত।

গান লেখা, সুর দেওয়া ও গাওয়া আলাদা করে দেওয়া ঠিক কখন থেকে শুরু হয়েছিল তা বলা মুশকিল। তবে মনে হয় সবাক চলচিত্রের শুরু ও জনপ্রিয়তা তার কারণ। যদিও প্রমথেশ বড়ুয়া, কানন দেবী, পঙ্কজ মল্লিক ইত্যাদিরা অভিনয় করেছেন ও গানও গেয়েছেন, কিন্তু সেই গান লেখেন নি, বা সুর দেননি। সমস্যা হল সব অভিনেতা ভাল গায়ক হতে হবে এমন কোন কথা নেই। একটা উদাহরণ দিলে ব্যাপারটা পরিষ্কার হবে। বাংলা সিলভার স্ক্রীনের প্রায় একচ্ছত্র রাজা-রানী উত্তমকুমার ও সুচিত্রা কোনদিন সিনেমায় গান গাননি, যদিও বা অরুন কুমার

চট্টোপাধ্যায় বা উত্তমকুমারের যৌবনে অভিলাষ ছিল নামজাদা গায়ক হওয়ার। আসলে অভিনেতা/অভিনেত্রীদের প্রধান কোয়ালিফিকেশন ক্যামেরার সামনে ভাল



দেখানো ও ভাল অভিনয় করা, গান গাওয়া নয়। আর এই প্রয়োজনেই শুরু হয় 'লিপ সিঙ্গিং'। আর এর হাত ধরেই গীতিকার ও সুরকারদের প্রতিষ্ঠা। যদিও পরে সিনেমার গান ছাড়াও 'পুজোর গান', যা সিনেমার গান নয়, অত্যন্ত জনপ্রিয় হয়ে পড়ে। মনে আছে আমরা উন্মুখ হয়ে থাকতাম পুজোর সময় কে, কী গান রেকর্ড করছে। গায়করা তাকিয়ে থাকতেন গীতিকার, সুরকাররা তাঁদের কী গান দিচ্ছেন। পুজো -বার্ষিকীর মতো পুজোর গানের রেকর্ড, পরে ক্যাসেট ও তার পরে সিডি কেনা ছিল পুজোর কেনাকাটার অঙ্গ।

বাংলা চলচ্চিত্রের প্রয়োজনে সৃষ্টি হয় প্লে-ব্যাক সিঙ্গিং। আর সেই গানের প্রয়োজনে উঠে আসেন কত নামজাদা সব গীতিকার – পবিত্র মিত্র, মুকুল দত্ত, প্রণব রায়, গৌরীপ্রসন্ন মজুমদার, শ্যামল গুপ্ত, পুলক বন্দোপাধ্যায়, জটিলেশ্বর মুখোপাধ্যায় প্রমুখ। অন্যদিকে সুরকারদের মধ্যে আছেন অনুপম ঘটক, কমল দাসগুপ্ত, হিমাংশু দত্ত, অনিল বাগচী, সুধীন দাসগুপ্ত, নচিকেতা ঘোষ, শচিন দেব বর্মণ, রাহুল দেব বর্মণ, অভিজিত বন্দ্যোপাধ্যায় প্রমুখ, ও অবশ্যই আরও অনেকে যাদের নাম আগে বলা হয়েছে। কোন কোন গায়ক আবার সুর-সংযোজনা করেছেন দক্ষ হাতে – যেমন হেমন্ত মুখোপাধ্যায়, সতিনাথ মুখোপাধ্যায়, শ্যামল মিত্র। এছাড়াও ১৯৭০ দশকের পর থেকে যারা প্রধানতঃ পশ্চিম বঙ্গে নামজাদা গীতিকার, সুরকার হিসাবে পরিচিত হয়েছেন তাঁদের কথা পরে আসছে।


আগে বলা হয়েছে যে চলচ্চিত্রের জন্য গান ছাড়াও বাংলা গানে 'পুজোর গানের' হাত ধরে একটা সমান্তরাল গান সৃষ্টির জায়গা তৈরি হয়। আর এইখানেই হিন্দি গানের সঙ্গে বাংলা গানের তফাৎ। প্রত্যেকটি হিন্দি গান শুনে লোকে জিজ্ঞাসা করবে – কোন সিনেমার গান?। অর্থাৎ বাংলা সঙ্গীত জগতে বানিজ্যিক ও



অ-বানিজ্যিক দুটো ধারাই সমান্তরাল ভাবে চলেছে – আর তার মধ্যে আছে গান নিয়ে নানা পরীক্ষা-নিরিক্ষা করা বা এক্সপেরিমেন্টাল মিউসিক, ব্যান্ডের গান ইত্যাদি। এদের মধ্যে সবায়ের গীতিকার, সুরকার, গায়ক – তিনটি মুকুট মাথায়

আছে তা মনে করার কারণ নেই। কিন্তু আছে। যেমন চন্দ্রবিন্দু ব্যান্ডের উপল সেনগুপ্ত ও অনিন্দ্য চট্টোপাধ্যায় দুজনেই এই তিন গুণের অধিকারী। একক গানে ত্রহ্য-স্পর্শের অধিকারী হিসাবে মনে আসে প্রতুল মুখোপাধ্যায়, মৌসুমি ভৌমিকের।

আশি দশকের শেষ থেকে নব্বই দশকের মাঝামাঝি বাংলা গানে একটা প্রচণ্ড খরা নেমে আসে। আর সেই দুর্দিনে



'জীবনমুখী গান' নিয়ে প্লাবন আনেন সুমন চট্টোপাধ্যায় বা পরে কবীর সুমন। সুমনের গানের কথা, সুর - সবই নতুন। গানের কথায় গাথা বা গল্প-বলার প্রভাব লক্ষনীয়। সেই সুবাদে তিনি একজন 'ব্যালাডিয়ার'। সুমনেই বাংলা গান থেমে থাকেনি - নচিকেতা চক্রবর্তী, অঞ্জন দত্ত সেই গানে গল্প- বলার ট্র্যাডিশন বজায় রেখেছেন। সম্প্রতি এসেছেন অনুপম রায়। একেবারে আধুনিক কবিতার অ্যাবস্ট্রাক্ট ভাষা যে সুর করে গাওয়া যায় - তা দেখাচ্ছেন অনুপম। আর আছেন ফসিলস্ ব্যান্ডের রুপম ইসলাম, ক্যাকটাস -এর সিদ্ধার্থশঙ্কর রায় বা সিধু। সত্তরের দশকে মহিনের ঘোড়াগুলি ব্যান্ড ও গীতিকার-সুরকার-গায়ক গৌতম চট্টোপাধ্যায়-এর হাত ধরে যে বাংলা ব্যান্ডের শুরু তা গতানুগতিকতা ছেড়ে সমসাময়িক বিষয়-বস্তু, ও নতুন নতুন উদ্ভাবনা নিয়ে সামনে এগিয়ে চলেছে।

এই আলোচনায় এখনো পর্যন্ত এক ধরণের শিল্পিদের বাদ রাখা হয়েছে - তাঁরা যন্ত্রশিল্পী। মিউসিকাল স্কোর বা ব্যাকগ্রাউন্ড মিউসিক ছাড়া কোন গানই ভাল গান হয়ে ওঠে না। এটাও একটা সৃষ্টি, ও গানের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত। একজনের কথা মাথায় আসছে - তিনি ভি বালসারা। একসময় প্রচুর মনে-রাখা বাংলা আধুনিক গানে তাঁর বাজানো একরডিয়ান ছিল একেবারে সিগনেচার - এ ছাড়া গানগুলি চিন্তাই করা যায় না। আবার কোন গানের যন্ত্রসঙ্গীত পরিচালনা, বিশেষ করে সিনেমার গানের জন্য থাকেন সঙ্গীত পরিচালক, যাদের আর এক দায়িত্ব আবহসঙ্গীত সৃষ্টি করা। এঁদের মধ্যে মস্ত নাম সলিল চৌধুরী।

দুঃখের কথা যারা গান শোনেন এই যন্ত্র শিল্পীদের কথা তারা জানতেই পারেননা। বাংলা আধুনিক গানে এই অবস্থার কিছুটা পরিবর্তন হয়েছে। এখন প্রায় প্রত্যেক গায়ক মঞ্চে থাকা যন্ত্রশিল্পীদের পরিচয় করিয়ে দেন। বর্তমানের বাদক-গায়ক 'ডুয়ো' সৌরেন্দ্র - সৌমজিতের কথা মনে আসছে। একজনকে ছাড়া আর একজনকে ভাবা যায় না।

গীতিকার, সুরকার, যন্ত্রী, সঙ্গীত পরিচালক ও গায়ক এই পাঁচ স্তম্ভ নিয়ে গান সৃষ্টি হয়। এদের প্রত্যেকের ব্যক্তিগত ক্ষমতা ও প্রতিভা এক হয়ে মিলে ঐকতান বা সিম্ফনি তৈরি হলেই সেই গান সার্থক হয়, সেই গান বেঁচে থাকে শ্রোতার মনে।

দুধ শুক্ত

~ পূজা মণ্ডল

(পরিমাণ চার থেকে পাঁচ জনের মতন)



উপকরণ-
কাঁচকলা - ৩টি
উচ্ছে, পেঁপে - ১টি
বেগুন - ছোট ২টি
সজনে ডাটা - পরিমাণ মতন
বরবটি - সামান্য পরিমাণ
মিষ্টি লাল আলু - ১ থেকে ২টি
বড়ি
আলু - ১-২টি

মশলা-
সরিষার তেল, রাঁধুনি মশলা, পাঁচফোড়ন, মৌরি, আদা, সর্ষে, দুধ, ঘি, নুন, চিনি

প্রণালী -
সমস্ত সবজিগুলি কেটে ধুয়ে আলাদা আলাদা করে ভেজে নিতে হবে| বড়ি ও ভেজে নিতে হবে|
একটা শুকনো fry pan এ পাঁচফোড়ন সামান্য নেড়ে গরম করে নিতে হবে| তারপর সেটা ঠান্ডা হলে গুঁড়ো করে নিতে হবে| তারপর আদা, মৌরি, সর্ষে একসাথে বেটে পেস্ট করে নিতে হবে| এরপর কড়াইতে পরিমাণ মতন সরিষার তেল দিয়ে তেল গরম হলে রাঁধুনি ফোড়ন দিয়ে, বেগুন ছাড়া আর সব সবজি দিয়ে হালকা করে নেড়েচেড়ে কিছুক্ষণ রেখে দিতে হবে| এরপর দুধ উষ্ণ গরম করে এর মধ্যে ঢেলে দিতে হবে| এরপর বেটে নেওয়া আদা-মৌরি-সর্ষে বাটার পেস্ট কড়াইতে ঢেলে দিতে হবে| স্বাদ মতন নুন ও চিনি দিতে হবে | এরপর মাঝারি আঁচে কড়াই চাপা দিয়ে ১০ মিনিট রাখতে হবে| হয়ে গেলে নামিয়ে নেওয়ার আগে গুঁড়ো করে রাখা পাঁচফোড়ন আর ঘি দিয়ে নামিয়ে নিতে হবে| গরম গরম ভাতের সাথে পরিবেশন করতে হবে|

দুর্গাপূজা

~ পারুল প্রভা রয় বর্মণ

শরতের সোনা রোদ ওই দেখ হাসে-
মা আসছেন পিতৃগৃহে প্রতি দেশে দেশে।
আসছেন মা ঘরে ঘরে,
হিল্লোল জাগলো প্রতিটি অন্তরে।
বাদ্য- বাজনা শঙ্খধ্বনি
সুর শুনি ওই যে পুরাণী ।
মণ্ডপে মণ্ডপে প্রভূত সাজ - সজ্জা
আলোয় আলোকময় হবে মায়ের পূজা,
উচ্চারণে সংস্কৃত শ্লোক বেদমন্ত্র জানি
সর্ব্বগুনান্বিতা শক্তির আধার মা অসুরদলনী ।
অকাল বোধন এই কারণ
অক্লেশে রাম বোধিলেন রাবণ।
তিনটি দিন কি সে আড়ম্বর-
নতুন পোষাক পরিচ্ছদ অগণিত নারী নর।
দুর্গাপূজার আরো আছে হেতু -
মানুষে মানুষে মিলনের সেতু।
প্রসাদের মাহাত্ম্য এই -
বিভেদ ভুলিয়া যাই
মায়ের পায়ে দিয়ে আত্মবলিদান -
যত ক্রুরতা আর মলিনতার হোক অবসান।
ক্ষুদ্র হৃদয়ে বরণ করে বলছি এইটুকু মাকে -
বৎসরান্তে এসো গো জননী -
চরণ ধুলো দিও সবাইকে।
দশভূজা রূপ মায়ের - জগজ্জননী -
শ্রীশ্রী দুর্গা বলে ডাকি - দুর্গতিনাশিনী।

২২/১০/১৯৯৬

সুধাকণ্ঠকে শ্রদ্ধাঞ্জলি

~ করবী গগৈ

হে যুগজয়ী শিল্পী,
তোমাকে জানাই শত নমস্কার।
মহাবাহু, গঙ্গা থেকে ভল্গা পর্যন্ত
সুরে জয় করেছো,
শত সহস্র মানুষের হৃদয়ে প্রবাহিত করেছো
প্রেম ও সম্প্রীতির অমৃত ধারা।

হে সুরের সাধক, সুরের দেবধ্বনিতে
প্রচণ্ড ঝড়কেও বেঁধে, বজ্রপাতকেও রোধ করে
সিঁচে দিলে লুইত নদীর দুই পাড়ে মানবতার বীজ।
মানুষকে মানুষের জন্য ভাবতে শেখালে তুমি,
তেজোদীপ্ত প্রাণের ভাষায় গাইলেন মানব বন্দনা।

শব্দে ও সুরে
পূজা করেছো অসমীয়া মাতৃভূমিকে,
এই সুন্দর পৃথিবীর যোগ্য সন্তান তুমি।
নিজেকে যাযাবর বলেও
জনতার হৃদয়ে গড়ে তুলেছো ঘর,
পাহাড় ও ভৈয়ামকে একাকার করেছো।
আজীবন সাগরের সংগমে সাঁতরে
অক্লান্ত মহানায়ক তুমি,
প্রখর প্রশ্নবাণে
বুড়া লুইতের বক্ষেও কাঁপিয়ে তুলেছো।
ক্লান্ত পথিকের পথপ্রদর্শক তুমি যুগে যুগে,
শোষিত-লাঞ্ছিতদেরও উজ্জীবিত করেছো–
জীবন-মরণে তুমি এক মহাযোদ্ধা!

তোমার গানে জীবনের কথা,
আর্ত হৃদয়ের অন্তরের ব্যথা,
প্রতিবাদের অগ্নিশিখা,
সপ্তস্বরের সঞ্জীবনী সুধা,
প্রশান্তির ফল্গুধারা!

হে মহান শিল্পী, যুগদ্রষ্টা,
তুমি চিরজীবী থাকবে
উত্তরে-দক্ষিণে, চিফুং-ডগরে,
বিহু-ঝুমুর-ঐনিতমের মিষ্টি রাগে,
চিরপ্রবাহমান মহাবাহুর তরঙ্গে তরঙ্গে
অনুরাগী জনতার হৃদয়ে হৃদয়ে।

“মা...জীবনী শক্তি”

~ তুলিকা গগৈ দেৱানজী

মা....

কি বলে তোমাকে অলংকৃত করি?

শব্দ নেই

শুধু অনুভব আছে

অদেখা বন্ধনে বাঁধা আমি

কোনো ডাক্তারের সাধ্য নেই

এই বন্ধন ভেঙে দেওয়া,

"The Umbilical cord"

যা কেটে ফেলা হয়েছে

নয় মাসের পূর্ণতাতে

আমরা পৃথিবীতে আসার পর।

কিন্তু যে নাড়ির বন্ধনে রক্ত দিয়েছে,

হৃদয়ের স্পন্দন দিয়েছে, জীবন দিয়েছে...

এই বন্ধন কি কেটে দিলে শেষ হয়ে যায়?

"জটায়ুর"মতো তুমি আমাদের আগলে রেখেছো,

তোমার বিশাল ভালোবাসার ডানা মেলে।

সেই বিশাল ডানার ছায়ায়,

আমরা নির্ভয়।

“সঞ্জীবনী বুটির" মতো

তোমার ভালোবাসা ও স্নেহ

আমার মনের যন্ত্রণা,

ক্ষতগুলো সারিয়ে তুলেছে।

“টেলিপ্যাথি" তুমি আমার,

কীভাবে একটিমাত্র কথায় বুঝে যাও

মনে কী চলছে!

তোমার কাছে কিছুই গোপন রাখতে পারি না

তুমি সবই বুঝে যাও

মা, তুমি আমার সাহস

আমার জীবনের শক্তি।

তোমার ইতিবাচক অনুভব

কঠিন রোগকেও নিরাময় করে দেয়।

হাসিই জীবন জয় করার শিক্ষা দেয়।

তুমি আছো, বলেই আমরা ভাঙি না।

আমরা তোমার আশ্রয়ে এসে দাঁড়াই–
নিঃশর্ত, নির্ভর।

পয়লা বৈশাখঃ কিছু তথ্য ও কিছু আবেগ

~ প্রশস্তি পন্ডিত

বৈশাখের প্রথম দিন প্রত্যেকটা বাঙালির কাছেই বড় প্রিয় ও কাছের। এই দিনেই পুরাতন জীর্ণতা ভুলে নতুনকে বরণ করার আশায় বুক বাঁধে সকল বাঙালি। ইষ্টদেবতার পুজো, হালখাতা খোলা, মিষ্টি বিতরন, সকল আত্মীয় স্বজনকে শুভেচ্ছা জানিয়ে আবার শুরু হয় এক নতুন বছর।

বাংলা বর্ষক্রমের শুরু নিয়ে অবশ্য কিছু বিতর্ক আছে, যেমন একটি মতানুসারে মুঘল সম্রাট আকবর খাজনা আদায়ের জন্য পূর্বে চান্দ্র ইসলামিক হিজরি সময়ানুসারে খাজনা আদায় করতেন কিন্তু এই খাজনা আদায়ের ক্ষণ বাংলার সৌরকেন্দ্রিক কৃষিপ্রক্রীয়ার সময়পোযোগী ছিল না। তাই আকবর জ্যোতিষবিদ ফতুল্লাহ সিরাজি কে দিয়ে চান্দ্র ইসলামিক হিজরি ও সৌরকেন্দ্রিক যে বাঙালি বর্ষক্রম ছিল তা মিলিয়ে এই নতুন বাঙালি বর্ষের সূচনা করেন এবং নামকরণ করেন ফসলি সন যা মূলত ফসল ভিত্তিক কৃষিকাজ ও খাজনা আদায় কেন্দ্রিক। আবার ইতিহাসবিদ শামসুযযামান খানের মতে এই কৃষি ভিত্তিক খাজনা আদায়ের পরিকল্পনা করেন বাঙলার নবাব মুর্শিদকুলি খান বাঙলায় এই নতুন সন চালু করেন। ইতিহাসবিদ নিতিশ সেনগুপ্তের মতে যদিও সন কথাটির উৎপত্তি আরবী বা পার্সি ভাষা থেকে তবে এটি আকবরের পূর্বে হুসেন শাহ কর্তৃক প্রচলিত হয়েছিল বাংলার কৃষি প্রক্রীয়া ও খাজনা আদায়কে ভিত্তি করে। তবে অনেক ইতিহাসবিদ এ বিষয়ে ভিন্ন মত পোষণ করেন কারণ বাঙলা বর্ষক্রমকে বঙ্গাব্দ বলা হয়। বঙ্গাব্দ কথাটি এসছে বাংলার রাজা শশাঙ্কের থেকে এবং এই বর্ষক্রম তাঁরই প্রচলিত। আবার এই বঙ্গাব্দ কথাটি বাঁকুড়ার প্রাচীন শিব মন্দিরের গায়ে খোদিত আছে যা আকবর ও মুঘল সম্রাটদের থেকে বহু পূর্বে তৈরি হয়েছিল। আবার অনেকের মতে রাজা বিক্রমাদিত্যই এই বঙ্গাব্দের আসল প্রতিষ্ঠাতা।

বর্তমানে এই নতুন বর্ষ কৃষিকাজের প্রারম্ভ ও ব্যবসার শুভারম্ভ হিসাবে আলাদা তাৎপর্য বহন করে। কৃষকরা নতুন ধান রোপণ করেন ও বাঙালি ব্যবসায়ীরা বছরের এই নতুন দিনটিকে বরণ করেন নতুন হালখাতার উন্মোচন করে ও ধনদেবী লক্ষীমাতা ও সিদ্ধিদাতা গণেশের পুজো দিয়ে।

মূলত সূর্যের উত্তরায়ণ ও কৃষিকাজের সূচনা হিসেবে বাঙ্গালির নতুন বর্ষ শুরু হলেও এখন সমগ্র বাঙালি এই নববর্ষকে পুরাতনের অবসান ও নতুনের সূচনা হিসাবে বরণ করে, বড়দের প্রণাম জানিয়ে, তাদের আশীর্বাদকে পাথেয় করে ও ছোটদের ভালবাসা ও আদর দিয়ে আর বন্ধুদের একরাশ শুভেচ্ছা জানিয়ে। তাই এই বৈশাখকে বরণ করতে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর গেয়ে ওঠেন, 'এস হে বৈশাখ, এস এস।'

আমেরিকার বুকে বৈশাখের উষ্ণ ওম জড়িয়ে আমরাও তাই আশায় বুক বাঁধি - ১৪৩২ বঙ্গাব্দের সুচনালগ্নে, সারা পৃথিবী জুড়ে এই নৃশংসতা, এই যুদ্ধ পরিস্থিতি, এই অনিশ্চ্যতা, ব্যক্তিগত হানাহানি, হিংসার অবসানে- এক নতুন পৃথিবীর প্রত্যাশায়, এক নতুন সূর্যোদয়ের অপেক্ষায়।বৈশাখের এই প্রথম দিনে যখন এই লেখা লিখছি তাই শুধু একটাই প্রার্থনা জানাই সেরে ওঠো পৃথিবী, ভালো থাকো, ভালো থাকতে শেখাও- মানুষ এখনও যে স্বপ্ন দেখতে ভোলেনি!



Anukta Mukherjee Ghosh, who believes that art has the power to transform the mundane into the extraordinary, spoke with the MAitRI team regarding her journey as an artist. MAitRI is grateful for her time and patience answering our questions, and for sharing with us a few of her most mesmerizing artwork.



1. Can you tell us about your journey as an artist? What inspired you to start painting?

I was born in Chandernagore and, apart from other cities, grew up largely in Delhi. Painting — and even more so, sketching and doodling — has been close to my heart for as long as I can remember. As an introverted child, I found my truest form of expression through art.

An avid reader, I would get lost in magazine illustrations and artworks by masters like Bikash Bhattacharjee, trying to understand their lines and forms. But coming from a non-artistic family, I never imagined pursuing it professionally. I actually spent years in the corporate world before making a fresh start in my late thirties to follow my true passion for art.

2. Wow! That's fascinating. Could you please talk a bit more about that career switch?

After high school, I made the pragmatic decision to pursue hotel management from IHM, rather than an idealistic art degree from Mumbai's J.J. College — even though I did consider it for a while — as financial freedom was important to me.

Thereafter, I embarked on my corporate journey, starting as a Management Trainee with ITC Hotels. After eight fulfilling years in the hospitality sector, I had an exciting seven-year stint at Regus — global leaders in flexible office

spaces — which I helmed in Kolkata from the project stage and watched grow as an Area Director. Finally, at 39, I made the choice to switch to painting full-time, because the urge to return to something I loved so deeply was too strong to ignore!

3. That was very courageous of you and is also inspiring for so many professionals who may have harbored passions of creative work, but ultimately compromised for what seemed practical. Who or what are some of your biggest influences in the art world? How would you characterize your work?

Before I answer that, I'd like to say this to aspiring artists — it always helps when you have a financial base to branch out from. In that sense, savings from my corporate background really helped in the initial years. Otherwise, things can get difficult. There can be long periods of creativity without sales, and one needs strong passion and self-belief to tide through those phases — especially since the corporate world gets us used to a certain lifestyle.

Now, to your question. I draw inspiration from the spaces I inhabit, the places I visit, and the people I meet. I'm drawn to figurative, landscape, and semi-abstract styles, and I enjoy working across mediums — oil, acrylic, charcoal, watercolor, and soft pastel. My work explores contemporary realism, often leaning into the semi-abstract, and reflects a deep interest in composition, form, and the interplay of colors.

The diversity of my experiences, shaped by a multi-city upbringing and work life, is reflected in my art — much like the many India(s) within one India. I tend to focus on the everyday lives of common people, yet my work always carries a positive undertone despite the struggles it may depict, as I firmly believe in resilience and optimism.

In an age marked by information overload, geopolitical tensions, and a sense of melancholy, I deeply believe in the redemptive power of art. Through my strokes, I strive to cast a spell of positivity and cheerfulness — reaching hearts and souls through art.

4. In addition to your obvious interest and talent, did you happen to take any formal training in painting?

Yes, my first formal training in art was as recent as 2012 — through evening classes after office hours. I continued those for a few years in Bhowanipore under artist Pranab Roy. In addition, I undertook a two-year online diploma from the **London Art College to refine my understanding of art and graduated with a Certificate of Distinction.** That said, art is a process of constant learning. I keep practicing, experimenting, and reading related books.

5. Could you list a few milestones in your journey as a painter thus far?

It began humbly, even before I had any sort of formal training — during my Regus days, I was selected to participate in a group exhibition at the Bengal Chamber of Commerce and Industry (September 2009). The press took good notice, which further fueled my desire.

What followed were several group exhibitions at Chemould Art Gallery and at ICCR - Indian Council for Cultural Relations, among others. This was during the period 2013-2015. I had barely started tiptoeing into the vast artistic landscape of the country, but the feedback and resultant sales were encouraging and helped me move forward.

A turning point came in November 2015, when I exhibited at the Nehru Centre in Mumbai. Back then, I didn't have enough money to take a full booth, so I teamed up with a few other artists and shared space. That experience gave me the confidence to see my work in a national context, and inspired me to expand my artistic journey beyond the boundaries of Kolkata.

In 2016, I was invited to paint a plein-air calendar collection for a boutique hotel near Shimla. It was a unique experience — using my favourite outdoor medium, pen and watercolour — to capture the exquisite architecture and flora of the resort. It also aligned perfectly with my love for travel and the mountains.

Two years later, **my series titled "My Brush with Bollywood" —** paintings inspired by iconic Hindi blockbusters from various decades from the 60s to present decade **— was featured on Amitabh Bachchan's official blog for the piece titled "*And Gabbar Laughed*."** From *Pyaasa* to *Mughal-e-Azam* to *Sholay*, from Raj Kapoor's RK nostalgia to present day *Dilwale Dulhania Le Jayenge* and *Lagaan*, the series blended nostalgia, music with nuance. Everything from the colour scheme to the fonts was designed to reflect Bollywood's essence and were movies that I had grown up watching and songs that I hummed to.



6. Sorry to interrupt, but I just remembered reading that your work also finds pride of place in homes and corporate offices across the US, Netherlands, Germany, New Zealand and Dubai. Is that right?

(Smiles) I've been very lucky and grateful to the universe that my work often gets noticed and liked. Apart from Indian Gallery **Mojarto**, many of my pieces are seen through the **Paris-based Gallery Singulart,** which invited me to associate with them. I feel fortunate and humbled that, among over 12,000 artists spanning 165 countries represented by them, my work often gets spotlighted through their curatorial board — which really helps with visibility and reach.



7. Anyway, please continue. You were listing some crucial moments in your artistic journey.

Presently, three of my paintings adorn **ITC Royal Bengal, including "*Kolkata Kaleidoscope*"** in the public area — a semi-abstract depiction of a rickshaw with subtle lines and forms. Famed restaurateur Anjan Chatterjee was impressed with this painting and reached out shortly after. We eventually ideated together and I created six Kolkata-themed paintings for his popular **London restaurant, Chourangi.** It was an amazing experience, creating these customised works for the elegant establishment.

Another memorable moment was researching and conducting an online session during COVID, for over 400 medical professionals of the Aster Group Hospitals on the topic - "***Therapeutic effects of Art***", I concluded it with demo on Zentangle doodles that calm the mind by lowering cortisol and its repetitive pattern helps achieve meditative flow.

8. Those are amazing accomplishments, Anukta. Congratulations. Now, may we ask about your project "Magan" for which you were felicitated by Suresh Prabhu, former Union Minister?

(Smiles) That was in 2019. My painting "***Magan***" done in 2016, shows women enrapt in the ecstasy of dance and was chosen by the **Government of India as a mascot for its "Womaniya on Government e-Marketplace" project for the next ten years.**

It celebrates the joy that stems from financial freedom and encourages WSHGs — Women Self Help Groups — by supporting women entrepreneurs on the margins of society and promoting gender-inclusive economic growth.

It was truly humbling to receive a letter from the Government of India and be felicitated by the Union Minister at the national launch.

That same year, I also showcased my art at World Art Dubai — my first international exhibition.

9. Okay, what if we fast forward a few years and chat about your participation in the prestigious XIV Florence Biennale in 2023? How was that experience?

It was a privilege to be invited to present my art at the **XIV Florence Biennale** — one of the world's leading contemporary art exhibitions — held under the patronage of the European Parliament, the Italian Commission for UNESCO, and the Italian Ministry of Culture, among others.

The theme was I am You. I presented four paintings from a series titled Reflections, exploring personal and collective consciousness, and embracing identity in relation to surroundings. I portrayed myself as a microcosmic aspect of the universe — a shift from my usual style, as I looked inward, both metaphorically and literally!

The first painting was about my instinctive bond with other women. The second explored the role of women in traditionally male-dominated professions — like fighter pilots, construction workers, or referees. The third expressed my connection with nature, and the final one placed me within the cultural realm — surrounded by iconic global monuments, while the Kantha stitching on my blouse and sari echoed my roots.

A special moment was when the then Italian Consul General in Kolkata, Mr. Gianluca Rubagotti hosted a reception in my honour and showcased the artworks I was to present in Italy.

10. How was the experience of interacting with artists from all over the world?

It was incredibly fulfilling. It still gives me goosebumps to realise I exhibited my work in the land of the Renaissance. Unlike other exhibitions with familiar faces, this event brought together over 600 artists and designers from 84 countries.

Yet, the creative community has its own language — camaraderie flowed naturally, transcending cultural or linguistic boundaries. I was surrounded by participants from the Caribbean, Australia, Saudi Arabia, Japan, Spain, the Netherlands, and New Zealand. In the exclusive painting category, I was



"This set of six paintings is special to me because I think it's the first time someone has used a taant sari for art in the way I have," said Anukta Mukherjee Ghosh, about

the only artist holding an Indian passport — a true privilege.

Being interviewed by a local Florence media agency and later by the Biennale's own communications team was an honour.

My series addressed the need for inclusivity and harmony in a world fractured by conflict and unsustainable consumption. My use of Indian motifs sparked great curiosity and allowed me to proudly elaborate on the layered ideas rooted in India's culture.

11. What were some of your more recent projects?

Last year (2024), I created six paintings for a series titled "***Taant - o Saree***" on a taant sari, which I showcased at a Salt Lake exhibition titled Nari. This series was well covered by several media houses and is very special to me, as I believe it was the first time someone used a taant sari in this way — as a medium for fine art to be hung on walls. I wanted to experiment with fabric and explore how colours hold on to it, while also celebrating the timeless craftsmanship of our handloom weavers. It was a tribute to their artistry and a reminder of the cultural significance of handwoven textiles.

Another recent project, which spanned two years, involved creating large-scale works (6 feet x 4 feet) as part of my series on **Varanasi**. I'm incredibly proud of this series, as it is a personal take on the eternal city — capturing intimate yet universal human emotions. From the vibrant evening aarti to the architectural splendour of the ghaats and the Ganges in the calm early hours, it has been a deeply meaningful journey for me.

More recently, after recovering from a complex fracture on my working wrist — which left me incapacitated for over three months — I returned with a series of abstracts titled *In Search of Harmony*, each built around a primary colour. Following that, I completed a realism-based oil series titled *Reflections*, depicting the many moods of Rabindra Sarobar Lake, a place where I've taken refuge through walks and jogs for over a decade.

12. Could you educate us a little about your creative process? Say, how do you conceptualize something, how much planning goes into it, how do you stay on track, etc.?

I'm not someone who plans things to the tee. For me, painting is more about



discovery than design. Travelling keeps my mind and eyes open to ideas — and I rely on my camera too to capture references. Of course, I usually have a clear idea of what I'm going to create before I begin, and I use a combination of sound technical skills and intuition. But I also stay open to change and allow the painting to evolve during the process.

Sometimes, new ideas or details emerge in those half-asleep early morning hours, or even while I'm jogging. I might make a very rough sketch in my sketchpad to help with composition, or work out colour combinations on my iPad using Procreate if I'm stuck. But I don't like to premeditate too much — I'd rather let the magic happen on the canvas. I believe in letting things fall into place in a dynamic, spontaneous way.

My process usually includes working in my studio, balanced with quick live sketches, which help keep the creative energy flowing. At the end of the day, painting is a deeply spiritual and meditative process for me — it keeps me anchored in the 'here and now'. On days I don't get to paint, I feel a definite sense of restlessness.

While most of my exhibition works are in acrylic and oils, I'm very fond of watercolours, pen sketches, and doodles. Occasionally, I even paint with coffee to capture fleeting moments of happiness — not in the paintings, but through them.

13. What are some aspirations or plans or projects for the future?


I have been recently selected to exhibit at the prestigious **Kochi Biennale** this year, through a curatorial board that reached out to me — something I'm very excited about. I'm also preparing for an exhibition in Mumbai early next year at the India Art Festival, along with ongoing conversations about shows in Hyderabad and at the Birla Academy in Kolkata.

For a while now, I've aspired to exhibit in Art Fairs in London and New York. I was actually scheduled to exhibit in New York this April, but plans got derailed due to a few setbacks last year. I'm hopeful that things will fall into place soon and that I'll be able to realise this dream.

14. If you are asked to select a favorite from your paintings, what would that be?

Wow, that's truly a difficult question… They're all labours of love — like my babies — and each comes with its own story. Still, if I had to choose, I'd say ***Magan, Dhaak Dhunuchi, Kolkata Kaleidoscope, Waiting Wheels, and Devotees in Varanasi*** stand out to me, both for their impact and reach.

One memory that comes to mind is more intimate and personal. Among the many commissioned portraits I've done, one client from Mumbai once sent me a photo of his wife and asked me to paint it as realistically as possible. Only after I finished the work did I learn that his wife had passed away — and the painting was his way of keeping her presence alive. His exact words to me were: "Anukta, thank you, you've truly made her come alive." That moment was deeply moving and fulfilling for me as an artist.





(Anukta lives and works from her studio in Kolkata)
Instagram handle: @studioanukta
Email: studioanukta@gmail.com
www.studioanukta.com

MAitRI thanks Rushoti Banerjee for connecting with Mrs. Anukta Mukherjee Ghosh. Opinions and views are of the interviewee and do not necessarily represent positions of anyone else.

“সাংবাদিকতা মানেই এমন খবর অন্বেষণ করা উচিৎ যার প্রকাশে কোন না কোন ক্ষমতাশালী ব্যাক্তির আপত্তি আছে”



পশ্চিমবঙ্গের জনপ্রিয় সাহিত্যিক, সাংবাদিক, ও ব্যাতিক্রমী সংবাদমাধ্যমের সম্পাদক প্রতীক কথা বললেন মৈত্রী র সঙ্গে । সাংবাদিকতায় স্নাতকোত্তর পড়াশোনা শেষ করে প্রতীক দীর্ঘদিন যুক্ত ছিলেন বিভিন্ন মূলধারার সংবাদপত্রে। সেই সমস্ত অভিজ্ঞতার সাথে প্রতীক আরো জানালেন অতিমারির সময় প্রথাগত সাংবাদিকতা ছেড়ে ব্যতিক্রমী সংবাদমাধ্যম নাগরিক.নেট https://nagorik.net/ এর সহ-প্রতিষ্ঠাতা এবং সহ-সম্পাদক হবার অভিজ্ঞতার কথা। ভারতবর্ষে সাংবাদিকতার বর্তমান ও ভবিষ্যত নিয়ে তাঁর চিন্তাভাবনা উঠে এসেছে কথা প্রসঙ্গে। প্রতীকের বিশ্লেষণ-মূলক লেখার সংকলন, তাঁর সদ্যপ্রকাশিত বই "হিন্দুত্বের কবলে নতুন ভারতীয় ক্রিকেট" ও আগে প্রকাশিত ওনার ছোটগল্প, উপন্যাস, ও কবিতার বইগুলো তথা সাহিত্যচর্চার দিকটা নিয়ে আমাদের নানান প্রশ্নের উত্তর দিলেন প্রতীক। পুরো আলোচনার খুবই সংক্ষিপ্ত আকার, কিছু এখানে দেওয়া হল। সমগ্র আলচোনা দেখতে পাবেন মৈত্রীর YouTube চ্যানেলে।

ছোটবেলা এবং স্কুলজীবন

সেযুগে অনেক বাড়িতে বাচ্চাদের কে অভিভাবকরা শৈশব থেকেই পই পই করে বুঝিয়ে দিতেন যে যেন তেন প্রকারেন ডাক্তার বা প্রযুক্তিবিদ হতেই হবে, নইলে জীবন বৃথা। প্রতীকের ওপর এধরনের দাবি বা ওর থেকে এরকম প্রত্যাশা ওর মা বাবা কোনদিনই করেননি। বরং মাষ্টারমশাই দের সঙ্গে ওনারাও পছন্দের বিষয় নিয়ে পড়াশোনা করতে, পাঠ্যক্রম বহির্ভূত নানান সাংস্কৃতিক শখ এর ব্যাপারে উৎসাহ দিতেন। বিতর্কে অংশগ্রহণ , লেখালেখি এসবের মাঝে মাঝে খবরের কাগজ গোগ্রাসে পড়ার নেশা প্রতীকের ছিল ছোটবেলা থেকেই। ইস্কুলে পড়ার সময় থেকেই সাংবাদিক হবার বাসনা । অবশ্য সাহিত্যচর্চা ছিল প্রথম প্রেম।

কলেজ ও বিশ্ববিদ্যালয় জীবন

একাদশ ও দ্বাদশ শ্রেণীর পর কলেজজীবন , মোট পাঁচ বছর কেটেছিল রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরে। সেই জীবনের অনেক দিক প্রতীকের অপছন্দ হলেও, কিছু শিক্ষক এর প্রভাব এখানেও গভীরভাবে রেখাপাত করে। আর গড়ে ওঠে কিছু দীর্ঘমেয়াদি বন্ধুত্ব , যা এখনও সজীব রয়েছে। এরপর কলকাতা বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর পড়াশোনা সাংবাদিকতা নিয়ে। ক্রীড়া সাংবাদিক হবার ঝোঁক ইস্কুল জীবনে থেকেই ছিল, আর এই পেশার খুঁটিনাটি সম্পর্কে অবগত হবার সুযোগ এতোদিনে এলো। এর মধ্যে অমূল্য অভিজ্ঞতা ছিল the statesman এ ইন্টার্নশিপ এর সুযোগ। পরবর্তীকালে এই

সংবাদপত্রে trainee হিসেবে কাজ করা শুরু করেন প্রতীক।

পেশাগত জীবন এবং মোহভঙ্গ

কলকাতায় এবং দক্ষিণ ভারতের বিভিন্ন সংবাদপত্রে বেশ কিছু বছর কাজ করার সুবাদে অনেক বিষয়ে যাকে বলা যায় চোখ খুলে গেলো। উচ্চ আদর্শ সাংবাদিকতার ভিত্তি হবে, এটাই অভিপ্রেত। ক্রমশঃ প্রতীকের কাছে পরিষ্কার হয়ে গেলো যে অন্তত ভারতবর্ষে মূলধারার সংবাদমাধ্যম মোটেই সবক্ষেত্রে সত্যের ধ্বজাধারী নয়। পরিশেষে অতিমারী র সময়ে কলকাতার একটি সংবাদপত্রে প্রতীক যখন বেশ পদস্থ কর্মকর্তা, আরো ওপরের মহল থেকে চাপ আসতে শুরু করলো অধস্তন কর্মচারীদের কাদের বরখাস্ত করা যায়, তার তালিকা তৈরী করতে হবে। কাজে কর্মে বিচক্ষণ কর্মীদের কে বরখাস্তের সুপারিশ করতে প্রতীক অস্বীকার করেন। অধস্তন দের কাঁধে বন্দুক রেখে নিজের চাকরি বাঁচানোর প্রশ্নে বিবেকের সায় না পাওয়ায় প্রতীক অগত্যা চাকরি থেকে ইস্তফা দেন। এই প্রসঙ্গে বলে নেওয়া ভালো যে অনেকেই প্রতীক এর এই পদক্ষেপ কে খুব সাহসী এবং নৈতিক মনে করলেও, প্রতীক খুবই ঠাণ্ডা মাথায় বোঝানোর চেষ্টা করে যে ঋণ এর বোঝা না থাকা, স্ত্রীর সরকারি চাকুরি, এবং সর্বোপরি স্ত্রীর সমর্থন না থাকলে হয়তো ওর চাকরি ছাড়ার সাহস হত না।

ব্যতিক্রমী সাংবাদিকতা এবং নাগরিক.নেট

অতঃপর, প্রতীক এবং দুই সতীর্থ শুরু করেন নাগরিক.নেট নামক ওয়েবসাইট। এখানে নানান খবর কে বিশ্লেষণ করেন সংশ্লিষ্ট বিশেষজ্ঞ রা। পুরোপুরি নিজেদের পুঁজি এবং গ্রাহকদের আর্থিক অনুদানের সাহায্যে দু বছরের বেশী অতিক্রম করে ফেললো নাগরিক। বলা বাহুল্য, ওয়েবসাইট সবার জন্য উন্মুক্ত। খবরের সংখ্যার থেকে গভীরতা ও গুণগত মানই সম্পাদক মণ্ডলীর প্রধান লক্ষ্য।

সাহিত্যচর্চা

এক সময়ে প্রতীকের কবিতার বই বেরোয় এবং সেগুলো বিক্রিও হয়, অনেকেরই পছন্দ ও হয়েছিল। তবু প্রতীক এর নিজের উপলব্ধি যে তার কাব্যচর্চার গুণগত মান আশানুরূপ হচ্ছেনা। তাই ছোটগল্প লেখালিখি তেই মনোনিবেশ করেন, একটা উপন্যাস ও প্রকাশিত হয়েছে। সাম্প্রতিক একটি প্রবন্ধ সংকলন প্রকাশিত হল।

নাগরিক এর ওয়েবসাইট https://nagorik.net/

প্রতীকের সঙ্গে কথোপকথন দেখতে পাবেন এখানে https://youtu.be/nxM5840ohDs



বাচ্চাদের বকাঝকা না করে তাদের সঙ্গে বন্ধু হলেই বরং তাদের ভালো শেখানো যায়

Connecticut রাজ্য তথা নিউ ইংল্যান্ড এলাকায় শ্রীমতি শান্তা নাগ এবং ওনার গান ও নাচের ইস্কুল শুদ্ধস্বর বেশ পরিচিত নাম। মৈত্রীর প্রতীক মণ্ডল এবং সৌম্যদীপ মুখার্জ্জির সঙ্গে শান্তাদি কথা বলেন এবং সমগ্র কথপোকথন মৈত্রীর ইউটিউব চ্যানেল এ দেওয়া হবে। এখানে তুলে ধরা হচ্ছে এই আলাপচারিতার কিছু উল্লেখযোগ্য দিকের সংক্ষিপ্ত আকার।

শুরুর কথা

জন্ম ও বড় হওয়া কলকাতাতেই। বাড়িতে অনেকের মতোই একটা সাংস্কৃতিক পরিবেশ ছিল। সবরকম গান বাজনার চর্চা ছিল পরিবারে। এমনকি বীণা ও ছিল ওনার বাড়িতে। মাত্র ছ বছর বয়স থেকেই শাস্ত্রীয় সঙ্গীতে হাতেখড়ি এবং একটানা দশ বছর প্রশিক্ষণ গুরু মীনাক্ষী চক্রবর্তী র তত্ত্বাবধানে। তিনি খুবই কড়া ছিলেন, সাধনার দিকে জোর দিতেন, বাইরে সংগীতপরিবেশনের দিকে নয়। শেষমেষ, শান্তা দি শাস্ত্রীয় সঙ্গীতের সঙ্গীত প্রভাকর ও সঙ্গীত বিশারদ পরীক্ষায় উত্তীর্ণ হয়েছিলেন। এসবই চলছিল ইস্কুলের পাশাপাশি।

গানের চর্চা তে কখনোই ফাঁকি পড়েনি

পড়াশোনার সঙ্গে সঙ্গে গানবাজনার দিকে পরিবারের উৎসাহ ছিল প্রচুর। তাই ওই সময় তিনি গানের সাথে সাথে নাচ, নাটক সবই করেছেন। যদিও বিদ্যালয় পরবর্তী পড়াশোনা বিজ্ঞান নিয়ে, লেখাপড়া কখনোই সঙ্গীতচর্চা বা নৃত্যচর্চার প্রতিবন্ধকতা হয়নি। শাস্ত্রীয় সঙ্গীতের পরে রবীন্দ্রসঙ্গীত ও শিখেছেন গুরু সুমিতা দাশের কাছে। এমনকি আমেরিকা তে



পাড়ি দেবার পরেও, পড়াশুনো গবেষণার পাশাপাশি গানের চর্চা চালিয়ে গেছেন।

গানের ইস্কুল প্রতিষ্ঠা

আমেরিকা তে পরিচিত জনেদের অনুরোধে বা প্ররোচনায়, তাদের বাচ্চাদের শেখানোর তাগিদেই প্রথম তিনি ইস্কুলের কথা ভাবেন। তার সঙ্গে India Fair এ অংশগ্রহণ করার সুযোগ আসে এখানে অর্থাৎ আমেরিকার কানেকটিকাট এ আসার কিছুদিন পরেই। নানান ভারতীয় ভাষার মধ্যে শান্তা দির রবীন্দ্রসঙ্গীত ছিল ব্যতিক্রমী।

শান্তাদি মনে করেন যে শেখার কোন শেষ নেই। এখনো উনি পণ্ডিত ফাল্গুনী মিত্রের কাছে তালিম নেন, শাস্ত্রীয়, ধ্রুপদী, ইত্যাদির। তবে গুরু হিসেবে শান্তা নাগ নিজেকে খুব একটা কড়া বলে মনে করেন না, বাচ্চাদের বকা ঝকা তেমন করেন না। বরং তাদের সঙ্গে বন্ধুত্ব করেই উনি ওদের শিক্ষা দেবার ব্যাপারে বেশী সাফল্য পেয়েছেন। বাচ্চাদের গান, নাটক সবই হয় ইস্কুলে, নানান অনুষ্ঠানে, পুজোতে (মৈত্রীর পুজোতেও) ওনার ইস্কুল অংশগ্রহণ ও করেছেন। বলা বাহুল্য, এখন অনেক অনেক ছাত্রছাত্রী।

ভবিষ্যত ও মৈত্রী সম্পর্কে কিছু ভাবনা

মৈত্রীর বাংলা ভাষা ও সংস্কৃতির প্রতি অনুরাগ খুবই আনন্দের। শান্তাদি মনে করেন নিজেদের ভাষা সংস্কৃতি বাঁচিয়ে রাখার দায়িত্ব সকলেরই, সে আমরা দেশেই থাকি বা প্রবাসে।





MaitRI felicitated Utpala Bandopadhyay, ex President of Bangla o Biswa

মৈত্রীর কচিকাঁচাদের হাতে সরস্বতী পূজোর বসে আঁকো প্রতিযোগিতায় আঁকা কিছু ছবি











মৈত্রীর কচিকাঁচাদের হাতে সরস্বতী পূজোর বসে আঁকো প্রতিযোগিতায় আঁকা কিছু ছবি









"শিল্পী হিসেবে আমরা কি করছি যা মানুষকে ভাবাচ্ছে? এই প্রশ্ন নিজেকে করতেই হবে।"

মৈত্রীর প্রতীক মন্ডল এবং সৌম্যদীপ মুখার্জির সঙ্গে কথা বললেন শ্রী শঙ্খ ভৌমিক, যিনি নিউ ইংল্যান্ড এবং বোস্টন কেন্দ্রিক নাট্যগোষ্ঠী "অফ কেন্দ্রিক" এর পরিচালক। পেশায় প্রযুক্তিবিদ এবং অধ্যাপক শঙ্খ দার সঙ্গে সম্পূর্ণ কথোপকথন YouTube এ মৈত্রীর চ্যানেল এ দেখা যাবে। পত্রিকায় তুলে ধরা হল কিছু উল্লেখযোগ্য অংশ।



গোড়ার কথা

ছোটবেলা থেকে নাটক করার শখ এবং করেছি প্রচুর। এদেশে এসে কিছুটা স্থিতু হবার পর এই শখ কে এখানকার বাসিন্দা বাংলাভাষী এমনকি ভারতীয়দের মধ্যে ছড়িয়ে দেবার তাগিদ অনুভব করেন এবং সেই অনুপ্রেরণায় অফ কেন্দ্রিক প্রতিষ্ঠা। অনেকের সম্মিলিত প্রচেষ্টায় আজ এই সংস্থার ভালোই নামডাক পরিচিতি হয়েছে এবং তার থেকেও বড় কথা আমাদের পছন্দের শিল্পকলা কে প্রবাসী জনগণের, আগামী প্রজন্মের মধ্যে প্রসারিত করায় যে ছোট্ট ভূমিকা পালন করতে পেরেছি এটাই পরম প্রাপ্তি।

ছোটবেলায় পাড়ার এবং বিদ্যালয়ের নাটকে ছোটখাট ভূমিকা দিয়ে শুরু। "পূজারিণী" তে ছোট্ট ভূমিকা, ডন বস্কো স্কুলে শেক্সপিয়রের নাটকের মহড়া, পরবর্তীকালে রামকৃষ্ণ মিশনে নাটকে পারদর্শী শিক্ষকদের সান্নিধ্য, তারও পরে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে নানান নাটক দেখার এবং অংশ নেবার সুযোগের কথা বললেন শঙ্খ দা। যাদবপুরে থাকাকালীন সফদার হাশমির হত্যা এবং তার পরে ওনার হাল্লা বোল থেকে শুরু করে বহু নাটক মঞ্চস্থ হতে দেখার সৌভাগ্য হয় খুব কাছ থেকে। এক কথায়, ছোটবেলা থেকে নানান ধরণের নাটকের রসাস্বাদন এবং প্রশিক্ষণের সুযোগ হয়েছিল।

মার্কিন যুক্তরাষ্ট্রে নাট্যচর্চা

এসবের বেশ কিছুদিন পরে মার্কিন মুলুকে পাড়ি দেবার পর নাট্যব্যক্তিত্ব দীপঙ্কর মুখার্জির সান্নিধ্য শঙ্খ বাবুর নাট্যচেতনায় গভীর প্রভাব ফেলে। দুজনেই সেই সময় মিনেসোটাতে ছিলেন। অফ কেন্দ্রিক এর নাট্যোৎসব, এমনকি শিশু দের নিয়ে উৎসব এই অঞ্চলে বেশ জনপ্রিয়। এই যে শত ব্যস্ততার মধ্যে অভিভাবকেরা নিয়মিত শিশুদের নিয়ে মহড়ায় হাজির থাকেন, এই ধরনের নিষ্ঠার উদাহরণ টানলেন শঙ্খ দা। তাদের এবং কলাকুশলী বাচ্চাদের দেখে আশার সঞ্চার হয় যে বাংলা সংস্কৃতি বেঁচে থাকবে এই দূর দেশেও।

চালিয়ে যাওয়ার অনুপ্রেরণা

যে কোন কাজের মতোই নাটকেও "কেন করছি" প্রশ্নের উত্তর পরিষ্কার বোঝা প্রয়োজনীয় বলে মনে করেন শঙ্খ দা।

অকপটে জানালেন যে এমনও হয়েছে, ধারণা শুনে বা প্রাথমিক চিত্রনাট্য পড়েই অনেক সময় মনে হয়েছে যে নাটক খুব একটা প্রাসঙ্গিক হবে না। কিন্তু অন্যদের পরামর্শমত সেই নাটক মঞ্চস্থ হবার পরে উপলব্ধি করেছেন সেই ধারণার মূল্য আছে। অন্যান্য অনেক শিল্পের তুলনায় নাটক অনেক বেশী দলগত, সমবেত একটা সাধনা একথা মনে রাখা খুব দরকারি। ভাবনাচিন্তার জায়গা তৈরি করা শঙ্খ দার একটা বড় উদ্দেশ্য।

যাত্রাপথের শুরুর দিন এবং এখন: কিছু ভাবনা

বৃহত্তর বোস্টন এ প্রচুর উৎসাহী এবং গুণী ছেলেমেয়ে আসেন, যারা সমাজ ও সংস্কৃতি নিয়ে গভীর ভাবে ভাবেন। সেরকম মানুষ কিন্তু আগেও ছিল , এখনো আছে। তা না হলে বাচ্চাদের যে নাট্যানুষ্ঠান "Kids কেন্দ্রিক" সেটা বাস্তবায়িত হত না। প্রত্যক্ষ ভাবে সেই অভিভাবকদের সঙ্গে চিন্তাভাবনা মিলুক না না মিলুক বা তারা নিজেরা অভিনয় করেছেন কি করেননি, এই নাটকের অভিজ্ঞতা থেকে যে বাচ্চারা কিছু শিখবে এই ভরসা এবং বিশ্বাসের জায়গাটা আছে, এটাও বিরাট প্রাপ্তি। সাউথ এশিয়ান থিয়েটার ফেস্টিভ্যাল এ ও বেশ সাড়া পাওয়া যায়।

মৈত্রীর জন্য কিছু কথা

শঙ্খ দা মনে করেন যে পূজা কেন্দ্রিক অনুষ্ঠানের বাইরেও যে নানান সাংস্কৃতিক চর্চা মৈত্রী এবং মৈত্রীর সদস্য রা চালিয়ে যাওয়ার চেষ্টা করছেন, এটা খুবই প্রশংসনীয় । মৈত্রীর ভবিষ্যত নিয়ে আশাবাদী এবং শুভাকাঙ্ক্ষী।



Maitri Launch 2024









Holi & Noboborsho 2024









Rabindra – Nazrul – Satyajit 2024






Picnic 2024









Durga Puja 2024

























Christmas 2024












RI Food Bank Community Service 2024



Saraswati Pujo 2025

















Holi & Noboborsho 2025












Bhasha Dibosh 2025












Rabindra – Nazrul – Satyajit 2025











Picnic 2025
















জলের আয়নায় ভেসে থাকে পথের প্রতিচ্ছবি,
আকাশ মিশে যায় অচেনা সীমানায়,
আর যাত্রা হয়ে ওঠে এক অন্তহীন কাব্য !!!

~ Anurag Dhar